৩ দফা। এবং গাজীপুরের খাজুরীয়ার শামিল ও তন্মধ্যস্থিত অপর যে দুই বাঙ্গলা কমবেশ।১ ছয় কাটার এক খণ্ড রাইয়তী ভূমিতে আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত পিটর কাইটন দিরোচা সাহেবের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে কালু মুদীর বাটী ও ভূমি পূর্ব্ব দিগে বটেস এবং গডফ্রি সাহেবের বাটীতে যাইবার গলি উত্তর দিগে হিজন খানসামার বাটী দক্ষিণ দিগে বলাকী তেলির বাটী।

সরিফ সাহেবের দপ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JAMES STEWART BLAIKIE SCOTT, lately carrying on business in copartnership with George Ure Adam, (who is now absent from India,) at Calcutta, under the Style or Firm of Adam Scott and Company.

NOTICE is hereby given, that by an order made in this matter on the fourth day of April instant, upon the application of Messieurs Sandes, Frith and Sandes, Attornies for Robert O'Dowda, Esquire, the official Assignee of this Court: It was ordered that unless cause be shewn to the contrary on Tuesday, the ninth day of April instant, the said Robert O'Dowda be appointed Assignee of the joint real and personal estate and effects of the said James Stewart Blaikie Scott, as a copartner with the said George Ure Adam.

SANDES, FRITH AND SANDES.

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৪। ৯ আপ্রিল।]

শহর কলিকাতার যোত্রহীন ঋণিরদের পরিত্রাণার্থ আদালত।

কলিকাতায় আদম স্কট কোম্পানির নামে যে

জেমস ষ্টুয়ার্ট ব্লেকি স্কট সাহেব

এইক্ষণে কলিকাতায় অনুপস্থিত জার্জ ইউর আদম সাহেবের সঙ্গে কার্য্য চালাইতেন তাঁহার বিষয়ে

ইহার দ্বারা মুয়াদ দেওয়া যাইতেছে যে এই আদালতের আসৈনি শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেবের টর্ণি শ্রীযুত সাণ্ডিস ও ফ্রিথ ও সাণ্ডিস সাহেবের দরখাস্তমতে বর্ত্তমান আপ্রিল মাসের ৪ তারিখে হুকুম হইয়াছিল যে বর্ত্তমান আপ্রিল মাসের ৯ তারিখ মঙ্গলবার ইহার কোন আপত্তি দর্শান না গেলে উক্ত জার্জ ইউর আদম সাহেবের যোতায় উক্ত জেমস ষ্টুয়ার্ট ব্লেকি স্কট সাহেবের সমস্ত স্থাবর ও অস্থাবর সম্পত্তির আসৈনি পদে উক্ত শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব নিযুক্ত হইবেন।

সাণ্ডিস ও ফ্রিথ ও সাণ্ডিস।

Numb. 200. ২০০)

(১৫১)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 16, 1844.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৪ সাল ১৬ আপ্রিল।

DRAFTS OF ACTS.

FORT WILLIAM.
HOME DEPARTMENT.
LEGISLATIVE.

The 6th April, 1844.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 6th of April, 1844.

Act No. —— of 1844.

An Act for regulating the Proceedings of the Sudder Courts at Fort William, Fort St. George, Bombay and at Agra, in regard to Sentences of transportation for life.

I. It is hereby enacted, that within the Territories subject to the Government of the East India Company, whenever any of the Sudder Courts shall sentence any offender to imprisonment for life, it shall at the same time sentence such offender to transportation beyond Sea for life, unless there should be special reasons inducing the Court to think such prisoner not a proper subject for transportation which special reasons the Court is hereby directed to record.

II. And it is hereby enacted, that within the said Territories whenever any offender shall have been sentenced in the first instance by a Commissioner of Circuit or Sessions Judge to imprisonment for life, or whenever a Commissioner of Circuit or Sessions Judge shall have recommended that sentence of imprisonment for life be passed upon any offender, it shall be competent to a single Judge of the Sudder Court to sentence such offender, at the same time to transportation beyond Sea for life, and such single Judge is hereby directed to sentence such offender at the same time to transportation beyond Sea for life unless there should be special reasons inducing him to think such offender not a proper subject for transportation which

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৪ সাল ৬ আপ্রিল।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৪ সালের ৬ আপ্রিল তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৪ সাল —— আক্ট।

যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ডের বিষয়ে ফোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাই ও আগ্রার সদর আদালতের কার্য্যের নিয়ম করণের আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে যখন কোন সদর আদালত কোন অপরাধিকে যাবজ্জীবন কয়েদের দণ্ড করেন তখন ঐ অপরাধিকে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ডের হুকুম করিবেন কিন্তু যদ্যপি কোন বিশেষ কারণপ্রযুক্ত ঐ আদালত বোধ করেন যে ঐ অপরাধী দ্বীপান্তর প্রেরণের যোগ্য নহে তবে সেইরূপ দণ্ডের হুকুম করিবেন না এবং ঐ বিশেষ কারণ লিখিয়া রাখিতে ঐ আদালতের প্রতি হুকুম হইল ইতি।

২ ধারা। এবং ইহাতে আরো হুকুম হইল যে উক্ত শাসিত দেশের মধ্যে যখন প্রথমতঃ কোন দায়েরসায়েরী কমিশানর সাহেব অথবা কোন সেশন জজ সাহেব কোন অপরাধিকে যাবজ্জীবন কয়েদের হুকুম করিয়া থাকেন কিম্বা দায়েরসায়েরীর কমিশানর সাহেব কি সেশন জজ সাহেব কোন অপরাধিকে যাবজ্জীবন কয়েদ করণের পরামর্শ দিয়া থাকেন তখন সদর আদালতের এক জন জজ সাহেব সেই সময়ে ঐ অপরাধিকে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের হুকুম করিতে পারেন এবং ঐ এক জন জজ সাহেবের প্রতি হুকুম হইল যে তিনি সেই সময়ে ঐ অপরাধিকে যাবজ্জীবন দ্বীপান্তর পাঠাইবার হুকুম দেন কিন্তু যদি বিশেষ কারণপ্রযুক্ত ঐ জজ সাহেব বোধ করেন যে সেই অপরাধী দ্বীপান্তর প্রেরণের যোগ্য নহে তবে সেইরূপ দণ্ডের হুকুম করিবেন না এবং ঐ

special reasons he is hereby further directed to record.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India, after the 6th day of July next.

T. R. Davidson,
Offg. Secy. to the Govt. of India.

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 6.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

It having been brought to the notice of the Sudder Board of Revenue by the Court of Sudder Dewanny Adawlut, that in the Collectorate of Tipperah the words "all the liabilities," as used in the 2nd Para. of the Board's Circular Order, No. 25, dated the 20th September, 1841, have been translated in the Vernacular advertisements of Sale to signify the private debts of the proprietor whose Interests are to be sold as well as his liabilities on account of Government Revenue, I am directed by the Sudder Board of Revenue to caution you that the words in question were not meant to include liabilities of the former kind, but only arrears or suspensions of Government Revenue which might be due on account of the lands to be sold.*

G. Plowden, *Offg. Secretary.*

Fort William, the 29th March, 1844.

* See Section XV. Regulation 45 of 1793.

ERRATUM.

Erratum to Circular Order, No. 4, dated 26th January last.

In the concluding paragraph for "Part 4" in two places, read Part 3."

J. Hawkins, *Register.*

NOTIFICATIONS.

APPOINTMENT BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 29th March, 1844.

Baboo Rajmohun Mitter, (who has obtained a diploma) to be Moonsiff of Lubsha, Zillah 24-Pergunnahs, in the room of Pundit Wakilochunder removed for misconduct.

The 6th April, 1844.

LEAVES OF ABSENCE.

Syed Mahomuddee, Moonsiff of Taunore, Zillah Rajshye, for two weeks from the 18th ultimo.

Gholam Shah, Moonsiff of Buddergunge, Zillah Rungpore, for three days.

J. Hawkins, *Register.*

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৪। ১৬ আপ্রিল।]

বিশেষ কারণ লিখিয়া রাখিতে ঐ জজ সাহেবের প্রতি হুকুম হইল ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকর। মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৬ জুলাই তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

টি আর ডেবিডসন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
John C. Marshman, *Bengalee Translator.*

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

৬ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যানর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী সাহেবের পত্র।

সদর দেওয়ানী আদালত সদর বোর্ড রেবিনিউকে জানাইয়াছেন যে ত্রিপুরার কালেক্টরীর মধ্যে ১৮৪১ সালের ২০ সেপ্টেম্বর তারিখের ২৫ নম্বরী বোর্ডের সরক্যুলর অর্ডরের ২ দফাতে "সমস্ত দায়" এই যে কথা লেখা আছে তাহা নীলামের ইশতিহারের মধ্যে দেশীয় ভাষাতে এরূপে তরজমা হইয়াছে যে যে জমীদারের বিষয় নীলাম হয় তাহার সরকারী মালগুজারীর দায় বুঝায় এবং তাহার নিজ কর্জও বুঝায় অতএব সদর বোর্ড রেবিনিউর আজ্ঞাক্রমে তোমাকে সাবধান করিয়া জানাইতেছি যে ঐ কথা জমীদারের নিজ কর্জ বুঝায় না কেবল যে ভূমির নীলাম হইবেক সেই ভূমির সরকারী মালগুজারীর বাকী অথবা মৌকুফী টাকা বুঝায়।

জি প্লৌডন। একটিং সেক্রেটারী।
ফোর্ট উলিয়ম। ১৮৪৪। ২৯ মার্চ।

* ১৭৯৩ সালের ৪৫ আইনের ১৫ ধারা দেখ।

অশুদ্ধশোধন।

গত ২৬ জানুআরি তারিখের ৪ নম্বরী সরক্যুলর অর্ডরের অশুদ্ধ শোধন।

শেষ দফাতে দুই স্থানে "৪ ভাগ" লেখা আছে তাহার পরিবর্ত্তে "৩ ভাগ" পাঠ কর।

জে হকিন্স। রেজিষ্টর।
John C. Marshman, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের নিয়োগ।

১৮৪৪ সাল ২৯ মার্চ।

শ্রীযুত পণ্ডিত অখিলচন্দ্রের দুর্ব্যবহারপ্রযুক্ত কর্ম্মে তগীর হওয়াতে তাহার পরিবর্ত্তে যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু রাজমোহন মিত্র জিলা চব্বিশপরগনার লবসা স্থানের মুনসেফ হইবেন।

১৮৪৪ সাল ৬ আপ্রিল।

ছুটী।

জিলা রাজশাহীর তানোরের মুনসেফ শ্রীযুত সায়দ মহম্মদী গত মাসের ১৮ তারিখঅবধি দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা রঙ্গপুরের বদরগঞ্জের মুনসেফ শ্রীযুত গোলাম শাহ তিন দিবসের ছুটী পাইয়াছেন।

জে হকিন্স। রেজিষ্টর।

CIVIL APPOINTMENTS.

No. 539.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 30th March, 1844.

Buksh Alli Chowdrie and Mudden Mohun Baboo, to be Members of the Ferry Fund Committee at Tipperah, vice Goluck Chunder Surma and Mr. Courjon.

The 1st April, 1844.

Mr. W. Seton Karr is vested with the special powers described in Clause 3, Section 2, Regulation III. of 1821.

Mr. A. A. Swinton is vested with special powers under Section 21, Regulation VIII. of 1831, in Zillah Monghyr.

Mr. C. Mackenzie, Uncovenanted Assistant to the Salt Agent of Cuttack, is vested with the power of adjudicating cases of contravention of the Salt Laws under Section 25, Act XXIX. of 1838.

Dr. D. J. O'Callaghan and Mr. Anderson, to be Members of the Ferry Fund Committee at Pubna, vice Messrs. Battersby and White.

The Honourable the Deputy Governor of Bengal has been pleased, upon the recommendation of the Superintendent of Police, Lower Provinces, to promote the following Darogahs to the 1st and 2d Grades :

Zillah.	Thannah.	Name.	Grade and Salary.
Sarun, ...	Town, ...	Kedarnauth Pundit, ...	1st Grade, at Rs. 100 each per mensem.
Tirhoot, ...	Town, ...	Ram Bhurose Singh, ...	
Patna, ...	Town 2d Court Gusht, ...	Syed Baker, ...	
Behar, ...	Nowada, ...	Jessree Lall, ...	
Sylhet, ...	Parcool, ...	Sibchunder Raie, ...	
Dacca, ...	City, ...	Waseeloddeen Mahomed, ...	
Nuddea, ...	Hurrah, ...	Rammohun Mitter, ...	2nd Ditto, at Rs. 75 per mensem.
Moorshedabad,	Soojagunge, ...	Ramdhun Mundel, ...	
24-Pergunnahs	Tazeerhaut, ...	Golam Jelanny, ...	
24-Pergunnahs	Kidderpore, ...	Benny Madhub Chatterjee,	
Mymensing, ...	Madargunge, ...	Teelok Chunder Bose, ...	

[*Government Gazette*, 16*th April*, 1844.]

রাজকর্ম্মে নিয়োগ।

৫৩৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ৩০ মার্চ।

শ্রীযুত গোলোকচন্দ্র শর্ম্মা ও কুরজন সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত বক্সআলী চৌধুরী ও শ্রীযুত মদনমোহন বাবু ত্রিপুরাতে খেদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৪৪ সাল ১ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ সিটন কার সাহেব ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত এ এ সুইন্টন সাহেব ১৮৩৮ সালের ৮ আইনের ২১ ধারানুসারে জিলা মুঙ্গেরে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

কটকের নিমকের এজেন্টের অচিহ্নিত আসিষ্টাণ্ট শ্রীযুত সি মাকেঞ্জি সাহেব ১৮৩৮ সালের ২৯ আইনের ২৫ ধারানুসারে নিমক বিষয়ি আইন উল্লঙ্ঘনকারিদের মোকদ্দমার বিচারকরণার্থ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত বাটর্সবি সাহেব ও শ্রীযুত ওয়াইট সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত ডাক্তর ডি জে ওকালাঘান সাহেব ও শ্রীযুত আণ্ডর্সন সাহেব পাবনাতে খেদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের পরামর্শক্রমে নীচের লিখিত দারোগারদিগকে প্রথম ও দ্বিতীয় শ্রেণীভুক্ত করিয়াছেন।

জিলা।	থানা।	নাম।	শ্রেণী ও মাহিয়ানা।
সারণ	সারণ নগর ...	কেদারনাথ পণ্ডিত	প্রথম শ্রেণীতে নিযুক্ত হইয়া ১০০৲ টাকা মাহিয়ানা পাইবেন।
ত্রিহুত	ত্রিহুত নগর ...	রামভরসা সিংহ	
পাটনা	পাটনা নগর গস্টি দ্বিতীয় আদালত	মায়ন বাকের	
বেহার	নওয়াদা	ঘসরি লাল	
ছিলট	পারকুল	শিবচন্দ্র রায়	
ঢাকা	ঢাকা শহর ...	ওয়াজেদ উদ্দীন মহম্মদ ...	
নদীয়া	হরড়া	রামমোহন মিত্র	দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়া ৭৫৲ টাকা মাহিয়ানা পাইবেন।
মুরশিদাবাদ ...	মুরগাঞ্চ	রামধন মণ্ডল	
চব্বিশপরগনা	তাজিরহাট ...	গোলাম জেলানি	
চব্বিশপরগনা	খিদিরপুর ...	বোগাধব চাটুর্য্যা	
ময়মনসিংহ ...	মাদারগঞ্চ ...	তিলকচন্দ্র বসু	

LEAVES OF ABSENCE.

The 1st April, 1844.

Mr. G. Martin, Magistrate of Purneah, for one month, under Section XI. of the Amended Rules of 17th May 1843, commencing from the 20th proximo, or from the date on which he may make over charge of his office to his Assistant the Honourable F. Drummond, who will officiate as Magistrate of that District during Mr. Martin's absence.

Mr. A. Smith, Civil Surgeon and Deputy Salt Agent at Hidgellee, for five days, on private affairs.

The unexpired portion of the leave of absence for two years, granted on the 28th November 1842, to Mr. Welby Jackson, Commissioner of Revenue of the 14th or Moorshedabad Division, is cancelled from the 14th December last, the day on which he resumed charge of his office.

The 8th April, 1844.

Baboo Russomoy Dutt, Commissioner of the Court of Requests, for four days, commencing from the 6th instant, under Medical Certificate.

The 9th April, 1844.

Mr. Henry Brownlow, Civil and Sessions Judge of Cuttack, for one month, under Section XI. of the Amended Rules of the 17th May 1843, from the 1st proximo, making over charge of the current duties of his office to the Principal Sudder Ameen of that District.

NOTIFICATIONS.

The 25th March, 1844.

The Honourable R. Forbes, Civil and Sessions Judge of Behar, assumed charge of his office from Mr. W. St. Quintin on the 18th instant.

Mr. R. B. Kinsey, Civil Assistant Surgeon of Purnea, assumed charge of his office from Mr. Assistant Surgeon Lay on the 18th instant.

The 30th March, 1844.

Mr. E. A. Samuells, Magistrate of Tirhoot, made over charge of his office to Mr. A. R. Young on the 21st instant.

Mr. A. T. Dick, Collector of Rungpore, made over charge of his office to Mr. Uncovenanted Deputy Collector E. W. Pitt on the 19th instant.

Mr. H. C. Metcalfe, Officiating Judge of Bhagulpore, resumed charge of his office from the Principal Sudder Ameen of that District on the 26th instant.

Mr. F. W. Russell, Judge of Hooghly, reported his return at Saugor from leave of absence to Sea, on the 28th instant.

The 9th April, 1844.

Mr. A. T. Dick, Collector of Rungpore, resumed charge of his office from Mr. Uncovenanted Deputy Collector E. W. Pitt on the 30th ultimo.

Mr. G. W. Battye, Officiating Collector of Bhaugulpore, assumed charge of his office from Mr. F. E. Read on the 1st instant.

ছুটী।

১৮৪৪ সাল ১ আপ্রিল।

পুরণিয়ার মাজিষ্ট্রেট শ্রীযুত জি মার্টিন সাহেব ১৮৪৩ সালের ১৭ মে তারিখের শুধরা হওয়া বিধানের ১১ ধারানুসারে আগামি মাসের ২০ তারিখঅবধি অথবা যে তারিখে তিনি আপন কর্ম্মের ভার আপন আসিষ্টাণ্ট শ্রীযুত অনরবিল এফ ড্রমণ্ড সাহেবের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন। এবং শ্রীযুত মার্টিন সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত অনরবিল এফ ড্রমণ্ড সাহেব ঐ জিলার মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

হিজলীর সিবিলসম্পর্কীয় চিকিৎসক ও নিমকের ডেপুটী এজেণ্ট শ্রীযুত এ স্মিথ সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

১৪ সংখ্যক অর্থাৎ মুরশিদাবাদের এলাকার রাজস্বের কমিস্যনর শ্রীযুত ওয়েলবি জাকসন সাহেব ১৮৪২ সালের ২৮ নবেম্বর তারিখে যে দুই বৎসরের ছুটী পান্ তাহার অবশিষ্ট কাল গত ডিসেম্বর মাসের ১৪ তারিখঅবধি অর্থাৎ যে তারিখে তিনি আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্ তদবধি রহিত হইয়াছে।

১৮৪৪ সাল ৮ আপ্রিল।

ছোট আদালতের কমিস্যনর শ্রীযুত বাবু রসময় দত্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ৬ তারিখঅবধি চারি দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৪ সাল ৯ আপ্রিল।

কটকের সিবিল ও সেশন জজ শ্রীযুত হেনরি ব্রৌণলো সাহেব ১৮৪৩ সালের ১৭ মে তারিখের শুধরাহওয়া বিধানের ১১ ধারানুসারে আগামি মাসের ১ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সরদ আমীনের প্রতি অর্পণ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ২৫ মার্চ।

বেহারের সিবিল ও সেশন জজ শ্রীযুত অনরবিল রবর্ট ফর্বস সাহেব বর্ত্তমান মাসের ১৮ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ সেণ্ট কুইণ্টিন সাহেবের স্থানে গ্রহণ করেন্।

পুরণিয়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত আর বি কিন্সি সাহেব বর্ত্তমান মাসের ১৮ তারিখে আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত লে সাহেবের স্থানে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

১৮৪৪ সাল ৩০ মার্চ।

ত্রিহুতের মাজিষ্ট্রেট শ্রীযুত ই এ সামুয়েল্স সাহেব বর্ত্তমান মাসের ২১ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত এ আর ইয়ং সাহেবের প্রতি অর্পণ করেন্।

রঙ্গপুরের কালেক্টর শ্রীযুত এ টি ডিক সাহেব বর্ত্তমান মাসের ১৯ তারিখে অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত ই ডবলিউ পিট সাহেবের প্রতি আপন কর্ম্মের ভার অর্পণ করেন্।

ভাগলপুরের একটিং জজ শ্রীযুত এচ সি মেটকাফ সাহেব বর্ত্তমান মাসের ২৬ তারিখে ঐ জিলার প্রধান সদর আমীনের স্থানে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

হুগলীর জজ শ্রীযুত এফ ডবলিউ রসেল সাহেব বর্ত্তমান মাসের ২৮ তারিখে সমুদ্রহইতে গঙ্গাসাগরে আপনার পঁহুছনের রিপোর্ট করেন্।

১৮৪৪ সাল ৯ আপ্রিল।

রঙ্গপুরের কালেক্টর শ্রীযুত এ টি ডিক সাহেব গত মাসের ৩০ তারিখে আপন কর্ম্মের ভার অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত ই ডবলিউ পিট সাহেবের স্থানে পুনর্গ্রহণ করেন্।

ভাগলপুরের একটিং কালেক্টর শ্রীযুত জি ডবলিউ বাটী সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে শ্রীযুত এফ ই রীড সাহেবের স্থানে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

রায় ও রামচন্দ্র রায়ের মালের বিরুদ্ধে বেলিসিয়োনে এক্লপোনাস নামক যে এক পরওয়ানা কলিকাতার সরিফ সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে তিনি বর্ত্তমান আপ্রিল মাসের ১৮ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফ সাহেবের দফ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

বিশেষতঃ জিলা চব্বিশপরগনার ডিহী পঞ্চান্ন গ্রামের ভবানীপুরের চক্রবেড়ের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত পরিবারের বসতবাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ২৷৷০ দুই বিঘা দশ কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত রামলোচন রায় ও রামচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে রাজু ডাক্তরের এক খণ্ড ভূমি পশ্চিম দিগে ঈশ্বর নড়ীর বাটী ও ভূমি দক্ষিণ দিগে সরকারী রাস্তা উত্তর দিগে কাশী ঘোষের এক খণ্ড ভূমি।

এবং উক্ত ডিহী পঞ্চান্ন গ্রামে পদ্মপুকুরিয়ার শামিল ও তন্মধ্যস্থিত ২৷৷০ দুই বিঘা দশ কাটার যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি তাহাতে পুকুর এবং অনেক গাছ আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত রামলোচন রায় ও রামচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে মাধব চাটুয্যার এক খণ্ড ভূমি পশ্চিম দিগে উক্ত মাধব চাটুয্যার এক খণ্ড ভূমি দক্ষিণ-দিগে কালী যুগির বাটী ও ভূমি উত্তর দিগের এক ভাগে মাধব চাটুয্যার বাটী ও ভূমি অপর ভাগে লক্ষ্মীনারায়ণ চাটুয্যার বাটী ও ভূমি।

এবং উক্ত ডিহী পঞ্চান্ন গ্রামের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ২৷৷০ দুই বিঘা দশ কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত রামলোচন রায় ও রামচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে জগন্নাথ যুগির এক খণ্ড ভূমি পশ্চিম দিগে ব্রজনাথ মিত্রের এক খণ্ড ভূমি দক্ষিণ দিগে ফকিরচাঁদ সরকারের এক খণ্ড ভূমি উত্তর দিগে জগমোহন মণ্ডলের এক খণ্ড ভূমি।

সরিফ সাহেবের দফ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইবেক।

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

শহর কলিকাতার যোত্রহীন ঋণিরদের পরিত্রাণার্থ আদালত।

আলেকজাণ্ডর ডনাল্ড মাক্লৌড এবং কৃষ্টফের ফেগন সাহেবেরা।

যাঁহারা সুবে বাঙ্গালার অন্তঃপাতি শহর কলিকাতায় বাস করিতেন সওদাগর ও এজেণ্ট যাঁহারা মেকলিউড ফেগন কোম্পানি নামে সওদাগরি করিতেন এবং সন ১৮৪৩ সালের ১ জুলাই তারিখ শনিবারে গত জর্জ দি-ফোর্থ বাদশাহের নবম আইনের ৭৩ ধারার মতে অক্ষম ঋণি বলিয়া ধার্য্য হইয়াছেন।

এতদ্দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৪ সালের ৩ আপ্রিল বুধবারে উক্ত আদালত বসিবাতে পূর্ব্বোক্ত অক্ষম ঋণিরদিগের এক জন এসাইনি উলিয়ম ইউইৎ সাহেবের পক্ষে এক দরখাস্ত হয় তাহাতে তাঁহার প্রার্থনা এই যে তিনি তাঁহার ঐ এসাইনি কর্ম্মহইতে অবসর হইবার অনুমতি প্রাপ্ত হন ইহাতে অনুজ্ঞা হইল যে আগামি ৬ জুলাই শনিবারের পূর্ব্ব যদ্যপি ইহার প্রতিকূলে কোন বিষয় দর্শান না হয় তবে উক্ত উলিয়ম ইউইৎ সাহেবের ও তাঁহার সমভিব্যাহারি এসাইনি জান ওয়ালিস আলেকজান্দরের পক্ষে উক্ত আদালতের সাধারণ এসাইনি যেৎ পেট্রিক ও হালেন সাহেব সন ১৮৪২ সালের ৯ মার্চ তারিখে যে ইনডেনটীউর আপ এসাইনমেণ্ট অর্থাৎ হস্তান্তর করণ লিপি পত্র লিখিয়া দেন্ তাহা উক্ত উলিয়ম ইউইৎ সাহেবের পক্ষে বাতিল হইবেক কিন্তু এই অনুমতির পূর্ব্বে উক্ত উলিয়ম ইউইৎ যে কোন নিয়ম অথবা কর্ম্ম করিয়াছেন তাহা অগ্রাহ্য হইবেক না এবং আর অনুমতি হইল যে উক্ত এসাইনি আগামি ৬ জুলাই তারিখঅবধি ঐ সম্পত্তির হিসাব প্রস্তুত করিয়া দাখিল করিবেন।

গ্রাণ্ট ও রেমফ্রি। উকীল।

কলিকাতা ৩ আপ্রিল সন ১৮৪৪ সাল।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

PROBATE of the Last Will and Testament of Moteechundro Chotopodhyo, late of Saumpooker, in the Town of Calcutta, Inhabitant, deceased, having been this day granted by the Supreme Court of Judicature, at Fort William in Bengal, in its Ecclesiastical Jurisdiction, to Sree Mutty Woomah Dabey of Saumpooker, aforesaid, widow, the sole Executrix in the said Will named; all persons having claims on the said Estate, are requested to make the same known, and those indebted thereto to pay their respective debts to the said Executrix forthwith.

W. N. HEDGER, *Proctor.*

Calcutta, 3rd April, 1844.

[*Government Gazette*, 16*th April*, 1844.]

পূর্ব্বে কলিকাতা নগরের শ্যামপুকুর নিবাসী মৃত মতি চন্দ্র চট্টোপাধ্যায়ের উইল ও দানপত্রের প্রোবেট বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্টের এক্লিসিয়াষ্টিকাল এলাকাহইতে অদ্য উক্ত দানপত্রের লিখিত একাকিনী অছী উক্ত শ্যামপুকুর নিবাসি বিধবা শ্রীমতী উমা দেবীকে দেওয়া গিয়াছে। অতএব উক্ত মৃত ব্যক্তির উপর যাঁহার যে দাওয়া থাকে তিনি অবিলম্বে সেই বিষয় উক্ত অছীকে জানাইবেন এবং যাঁহারদের স্থানে কোন পাওনা থাকে তাহারা সেই পাওনা অবিলম্বে উক্ত অছীকে দিবেন।

ডবলিউ এন হেজর। প্রক্টর।

কলিকাতা। ১৮৪৪ সাল। ৩ আপ্রিল।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 201. ২০১)

(১৬৭)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 23, 1844.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৪ সাল ২৩ আপ্রিল।

ACTS.

FORT WILLIAM.
HOME DEPARTMENT.
LEGISLATIVE.
THE 9TH APRIL, 1844.

The following Act is brought up before the Legislative Council this day, the Governor General of India in Council being desirous, that no time should be lost in passing the Act:

Resolved,—That the Rule requiring that no Draft of a Law shall be ordered to be published till at least one week shall have elapsed from the day on which it was first laid before the Council of India in its Legislative Department, and that the Rules requiring that all Acts of the Governor General of India in Council shall be brought up for second reading in two months, or in three months, from the date of the first reading, be suspended in respect to the following proposed Act, and that it be at once passed into Law.

ACT No. VIII. OF 1844.

An Act to authorize the Governments of Fort William in Bengal, Fort St. George and Bombay, to remove Native Officers, Soldiers and Followers imprisoned under Sentence of a Court Martial from one Prison to another.

It is hereby enacted, that whenever any Native Officer or Soldier, or Follower, belonging to the Forces of the East India Company, shall be a prisoner in any public prison or other place within the Territories subject to the Government of the said Company under sentence of any Court Martial, it shall be lawful for the Governor or Governor in Council (as the case may be) of the Presidency, in which such public prison or other place may be situated to give an order in writing to the

[*Government Gazette, 23d April*, 1844.]

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় সিরিশ্তা।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৪ সাল ৯ আপ্রিল।

নীচের লিখিত আইন অদ্য ব্যবস্থাপক কৌন্সেলে উপস্থিত করা গেল এবং ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে এই আইন অগৌণে জারী হওনের বিষয়ে আকাঙ্ক্ষি হওয়াতে

নির্দ্ধারণ হইল যে যে দিবসে ব্যবস্থাপক সিরিশ্তায় ভারতবর্ষের হজুর কৌন্সেলে কোন আইনের মুসাবিদা উপস্থিত করা যায় তাহার পর এক সপ্তাহ অতীত না হইলে ঐ মুসাবিদা প্রকাশ না করণের যে বিধি আছে তাহা এবং ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের সকল আইন যে তারিখে প্রথমবার পাঠ করা যায় সেই তারিখের দুই মাস অথবা তিন মাসের পর দ্বিতীয়বার পাঠ করিবার যে বিধান আছে তাহা নীচের লিখিত প্রস্তাবিত আইনের বিষয়ে স্থগিত হয় এবং তাহা আইনস্বরূপ একেবারে জারী হয়।

ইঙ্গরেজী ১৮৪৪ সাল ৮ আইন।

এদেশীয় যে হুদ্দাদার এবং সিপাহী ও সৈন্যসমভিব্যাহারি লোক কোর্ট মার্স্যালের হুকুমক্রমে কয়েদ হয় তাহারদিগকে এক জেলখানাহইতে অন্য জেলখানায় লইয়া যাইবার হুকুম দিতে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের গবর্ণমেণ্টকে ক্ষমতা দেওনের বিষয়ি আইন।

ইহাতে হুকুম হইল যে ভারতবর্ষের কোম্পানি বাহাদুরের সৈন্যের অন্তঃপাতি এদেশীয় কোন হুদ্দাদার অথবা সিপাহী কি সৈন্যসমভিব্যাহারি লোক যখন কোর্ট মার্স্যালের হুকুমক্রমে উক্ত কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে কোন সরকারী জেলখানায় অথবা অন্য কোন স্থানে কয়েদ থাকে তখন যে রাজধানীর এলাকার মধ্যে ঐ সরকারী জেলখানা অথবা অন্য কোন স্থান থাকে সেই রাজধানীর শ্রীযুত গবরনর বাহাদুর অথবা শ্রীযুত গবরনর বাহাদুর হজুর কৌন্সেলে ঐ জেলখানার রক্ষক অথবা অন্য যে কোন ব্যক্তির জিম্মায় ঐ জেলখানা থাকে তাঁহাকে এইমত একটা লিখিত হুকুম দিতে পারেন যে ঐ হুকুম

Gaoler thereof, or other person in charge thereof, commanding him to deliver up such prisoner to the person producing such order, and such Gaoler or other person shall deliver up such prisoner at any period of his imprisonment to the person producing such order either for his discharge or in order that he may be removed in Military custody to undergo the remainder of his sentence, to such other public prison or such other place as such Governor or Governor in Council (as the case may be) may direct, provided that such other public prison or other place shall be within the Presidency subject to the Government of the Governor or Governor in Council (as the case may be) who shall have given such order, and provided that the time of imprisonment on removal from one prison to another, or while the prisoner is in custody for any intermediate period shall be reckoned as part of the original period of imprisonment for which such prisoner shall have been sentenced.

T. R. Davidson,

Offg. Secy. to the Govt. of India.

FORT WILLIAM.

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

The 13th April, 1844.

The following Act, passed by the Right Honourable the Governor General of India in Council on the 13th April, 1844, is hereby promulgated for general information.

Act No. IX. of 1844.

An Act for authorizing the institution of Suits in the Courts of Principal Sudder Ameens and Sudder Ameens.

I. It is hereby enacted, that within the Territories subject to the Presidencies of Fort William in Bengal, Fort St. George and Bombay, all Suits within the competency of a Principal Sudder Ameen or Sudder Ameen to decide, shall ordinarily be instituted in the Courts of those Officers respectively.

II. Provided nevertheless, and it is hereby enacted, that it shall be competent to a Zillah or City Judge to withdraw such Suits from the Court in which they may have been instituted, and to try them himself, or to refer them for trial to any other Court subordinate to his authority, and competent in respect to the value of the Suit whenever he may see sufficient reason for so doing.

III. And it is hereby enacted, that whenever there shall be more than one Principal Sudder Ameen, or more than one Sudder Ameen attached to the Court of any Zillah or City Judge, and not having any special local jurisdiction, it shall be the duty of such Judge to appoint from time to time the several Moonsiffs' divisions which shall consti-

যে ব্যক্তি দেখায় তাহার হস্তে ঐ কয়েদী ব্যক্তিকে অর্পণ করেন্ এবং ঐ জেলরক্ষক অথবা অন্য ব্যক্তি ঐ কয়েদীর কয়েদ হওনের কোন সময়ে তাহার খালাস হওনের নিমিত্ত অথবা সৈন্যেরদের জিম্মায় তাহার দণ্ডের অবশিষ্ট কালপর্য্যন্ত অন্য যে কোন সরকারী জেলখানা অথবা অন্য যে কোন স্থান ঐ শ্রীযুত গবর্নর্ বাহাদুর অথবা শ্রীযুত গবর্নর্ বাহাদুর হজুর কৌন্সেলে নির্দ্দিষ্ট করেন্ সেই স্থানে কয়েদ থাকিবার নিমিত্ত ঐ হুকুমদেখানিয়া ব্যক্তির হাতে ঐ কয়েদীকে সমর্পণ করিবেন। পরন্তু আবশ্যক যে ঐ অন্য সরকারী জেলখানা অথবা অন্য স্থান যে শ্রীযুত গবর্নর্ বাহাদুর অথবা শ্রীযুত গবর্নর্ বাহাদুর হজুর কৌন্সেলে হুকুম দেন্ তাঁহার অধীন দেশের মধ্যে থাকে এবং আরো আবশ্যক যে এক জেলখানাহইতে অন্য জেলখানায় স্থানান্তর করণের পর সেই ব্যক্তি যত কাল কয়েদ থাকে অথবা এক জেলখানাহইতে অন্য জেলখানায় উঠাইয়া লইয়া যাইতে যত কাল সৈন্যেরদের জিম্মায় থাকে তত কাল ঐ কয়েদী ব্যক্তির আদৌ যত মিয়াদ নির্দ্দিষ্ট হইয়াছিল সেই মিয়াদের মধ্যে ধরা যাইবেক ইতি।

টি আর ডেবিডসন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের এক্টিং সেক্রেটারী।

John C. Marshman, *Bengalee Translator.*

ফোর্ট উলিয়ম।

দেশীয় নিরিশ্তা।

লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৪ সাল ১৩ আপ্রিল।

ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪৪ সালের ১৩ আপ্রিল তারিখে নীচের লিখিত আইন জারী করিলেন এবং তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হইতেছে।

ইঙ্গরেজী ১৮৪৪ সাল ৯ আইন।

প্রধান সদর আমীনেরদের এবং সদর আমীনেরদের আদালতে মোকদ্দমা উপস্থিত করণের ক্ষমতা দেওনের আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর ও মান্দ্রাজের এবং বোম্বাইয়ের অধীন দেশের মধ্যে প্রধান সদর আমীন ও সদর আমীন যে সকল মোকদ্দমার বিচার করিতে পারেন্ সেই সকল মোকদ্দমা সামান্যতঃ ঐ২ বিচারকের আদালতে উপস্থিত করা যাইবেক ইতি।

২ ধারা। পরন্তু ইহাতে হুকুম হইল যে জিলা কি শহরের জজ সাহেব উপযুক্ত হেতু দেখিলে যে আদালতে উক্ত প্রকার মোকদ্দমা উপস্থিত হইয়াছে সেই আদালতহইতে সেই মোকদ্দমা তলব করিয়া আপনিই তাহার বিচার করিতে পারেন্ অথবা মোকদ্দমার মূল্য বুঝিয়া আপনার অধীন অন্য যে কোন আদালতে তাহার বিচার হইতে পারে সেই আদালতে বিচারার্থ তাহা সোপর্দ্দ করিতে পারেন্ ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন জিলা বা শহরের জজ সাহেবের আদালতের সম্পর্কে যখন একের অধিক প্রধান সদর আমীন অথবা একের অধিক সদর আমীন নিযুক্ত থাকেন্ এবং তাঁহারদের কোন বিশেষ এলাকা নির্দ্দিষ্ট না থাকে তখন ঐ জজ সাহেবের উচিত যে যে কএক মুনসেফের এলাকার মধ্যে প্রত্যেক প্রধান সদর আমীন এবং

tute the special local jurisdiction of each of such Principal Sudder Ameens and Sudder Ameens, and that each of such Principal Sudder Ameens and Sudder Ameens shall be empowered to take cognizance of all such Suits as are mentioned in Section I. of this Act, provided the landed or other real property to which the Suit may relate shall be situated, or in all other cases the cause of action shall have arisen, or the defendant at the time when the Suit may be commenced shall reside as a fixed inhabitant within the limits of such local jurisdiction as aforesaid.

IV. And it is hereby enacted, that it shall be competent to the Zillah or City Judge to receive a Summary Appeal from the orders of any Principal Sudder Ameen or Sudder Ameen, rejecting any Original Suit cognizable by him, and that all Rules applicable to summary Appeals from orders dismissing Original Suits on the ground of any default shall be applicable to the Summary Appeals given by this Act.

V. And it is hereby enacted, that in all Suits which in respect to value are cognizable by a Sudder Ameen, the same Stamps shall be sufficient in any other Court as would have been sufficient in the Court of a Sudder Ameen.

T. R. Davidson,
Offg. Secy. to the Govt. of India.

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 7.

To the Civil Judges in the Lower Provinces.

The Court are pleased to direct that the copies of Bewustehs delivered by the Pundits, be forwarded to this office through the Judge of the district in which the Division or Zillah Pundit resides, and not separately through the Judges of the districts from which requisitions for opinions were made.

W. Kirkpatrick, *Deputy Register.*

Fort William, 15th March, 1844.

No. 8.

To the Civil Judges in the Lower Provinces.

The Sudder Dewanny Adawlut notify, for general information, that their Court will be closed on the dates indicated in the annexed Memorandum, being the days on which Hindoo and Mahomedan holidays will take place in the year 1251, Bengalee Style, and they hereby authorize the closing of the Civil Courts in the several Districts under their control for the same periods.

W. Kirkpatrick, *Deputy Register.*

Fort William, 22d March, 1844.

[*Government Gazette, 23d April*, 1844.]

সদর আমীনেরদের বিশেষ কর্ত্তৃত্ব হইবেক তাহা সময়ক্রমে নিরূপণ করেন্। এবং যে ভূমি বা অন্য প্রকার স্থাবর সম্পত্তির বিষয়ে মোকদ্দমা হয় তাহা যদ্যপি ঐ বিশেষ এলাকার মধ্যে থাকে অথবা অন্যান্য গতিকে যদ্যপি নালিশের হেতু সেই এলাকার মধ্যে হইয়া থাকে অথবা মোকদ্দমা আরম্ভ হওনের সময়ে সেই এলাকার মধ্যে যদি আসামী বাস করে তবে ঐ প্রত্যেক প্রধান সদর আমীন এবং সদর আমীন এই আইনের ১ ধারার নির্দ্দিষ্ট সকল প্রকার মোকদ্দমা শুনিতে ও বিচার করিতে পারেন্ ইতি।

৪ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে প্রধান সদর আমীন কি সদর আমীন প্রথমত উপস্থিতহওয়া যে মোকদ্দমার বিচার করিতে পারেন্ তাহা যদি অগ্রাহ্য করেন্ তবে তাঁহার অগ্রাহ্য করণের হুকুমের উপর জিলা কি শহরের জজ সাহেব এক সরাসরী আপীল লইতে পারেন্ এবং কোন প্রকার ত্রুটিপ্রযুক্ত প্রথমত উপস্থিতহওয়া মোকদ্দমা ডিসমিস করণের হুকুমের উপর সরাসরী আপীল হইলে যে সকল বিধান খাটে সেই সকল বিধান এই আইনক্রমে নিরূপিত সরাসরী আপীলের বিষয়েও খাটিবেক ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সদর আমীন যে মূল্যের মোকদ্দমার বিচার করিতে পারেন্ সেই সকল মোকদ্দমাতে যে মূল্যের ইষ্টাম্প কাগজের ব্যবহার সদর আমীনের আদালতে হইত সেই মূল্যের ইষ্টাম্প অন্য আদালতেও ব্যবহার হইবেক ইতি।

টি আর ডেবিডসন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের এক্টিং সেক্রেটারী।

John C. Marshman, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে পণ্ডিতেরা যে ব্যবস্থা দেন্ সেই ব্যবস্থার নকল যে জিলার মধ্যে চক্রের কি জিলার পণ্ডিত অবস্থিতি করেন্ সেই জিলার জজ সাহেবের দ্বারা এই আদালতে পাঠাইতে হইবেক এবং যে জিলাহইতে পণ্ডিতের নিকটে ব্যবস্থা চাওয়া যায় সেই জিলার জজ সাহেবের দ্বারা স্বতন্ত্র করিয়া পাঠান যাইবেক না।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম্। ১৮৪৪। ১৫ মার্চ।

৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

সদর দেওয়ানী আদালত সকল লোকদিগকে জানাইতেছেন যে বাঙ্গলা ১২৫১ সালে হিন্দু ও মুসলমানের পরবের নিমিত্ত সদর আদালত পশ্চাৎ লিখিত তালিকার নির্দ্দিষ্ট দিবসে বন্দ হইবেক এবং তাঁহারদের অধীন নান্য জিলার দেওয়ানী আদালত সেই২ দিবসে বন্দ করিতে হুকুম দিতেছেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৪। ২২ মার্চ।

Statement of Hindoo and Mahomedan Holidays in the Year 1251, B. S. corresponding with 1844-45.

Names of Holidays.	English month.	Bengalee month.	Days of the Week.
	1844.		
Dussera (Gungapuja,)	May 27th	Jyestee 15th	Monday.
Usnan Jattrah, ...	May 31st	Jyestee 19th	Friday.
Eclipse of the Moon, ...	June 1st	Jyestee 20th	Saturday.
Ruth Jattrah, ...	June 18th	Assaur 6th	Tuesday.
Raksha Bundun, ...	August 27th	Bhadoon 13th	Tuesday.
Shubarat, ...	August 29th	Bhadoon 15th	Thursday.
Junum Ushtomee, ...	September 5th and 6th	Bhadoon 22d and 23d	Thursday and Friday.
Dusserah Vacation, including Mohaloya, Eed-ul-Fitr, Dewalie and Bhydooj, ...	October 8th to November 12th ...	Assin 24th to Kartick 28th	Tuesday to Tuesday.
Kartick Pooja, ...	November 14th and 15th	Kartick 30th and Ughun 1st	Thursday and Friday.
Juggutdhatri Pooja, ...	November 18th and 19th	Ughun 4th and 5th ...	Monday and Tuesday.
Eclipse of the Moon, ...	November 25th ...	Ughun 11th	Monday.
Eed-ooz-Zohah, ...	December 21st and 22d	Poos 8th and 9th ...	Saturday and Sunday.
	1845.		
Mohurrum Vacation, ...	January 10th to 24th	Poos 28th to Maugh 12th	Friday to Friday.
Bussunt Punchumi, ...	February 11th	Falgoon 1st	Tuesday.
Akheri Chahar Shumba, ...	March 5th	Falgoon 23d	Wednesday.
Sheorattri, ...	March 6th and 7th ...	Falgoon 24th and 25th	Thursday and Friday.
Futteh Dwazduhan, ...	March 21st	Chyte 9th	Friday.
Dole Juttra, ...	March 23d to 25th ...	Chyte 11th to 13th ...	Sunday to Tuesday.
Baruni Asnan, ...	April 4th	Chyte 23d	Friday.
Charuck Pooja, ...	April 11th	Chyte 30th	Friday.

N. B. The Native holidays which fall on a Sunday are not specified.

W. KIRKPATRICK, *Deputy Register*.

বাঙ্গলা ১২৫১ সালের এতাবতা ইঙ্গরেজী ১৮৪৪। ৪৫ সালের হিন্দু ও মুসলমানেরদের পরবের তালিকা।

পরবের নাম	ইঙ্গরেজী মাস	বাঙ্গলা মাস	সপ্তাহের দিন
	১৮৪৪		
দশহরা গঙ্গাপূজা	২৭ মে	১৫ জ্যৈষ্ঠ	সোমবার
স্নানযাত্রা	৩১ মে	১৯ জ্যৈষ্ঠ	শুক্রবার
চন্দ্রগ্রহণ	১ জুন	২০ জ্যৈষ্ঠ	শনিবার
রথযাত্রা	১৮ জুন	৬ আষাঢ়	মঙ্গলবার
রক্ষাবন্ধন	২৭ আগষ্ট	১৩ ভাদ্র	মঙ্গলবার
সুবেরাত	২৯ আগষ্ট	১৫ ভাদ্র	বৃহস্পতিবার
জন্মাষ্টমী	৫। ৬ সেপ্টেম্বর	২২। ২৩ ভাদ্র	বৃহস্পতিবার ও শুক্রবার
দশহরার বন্দ অর্থাৎ মহালয়া ইদুলফেতর দেওয়ালী ও ভ্রাতৃদ্বিতীয়া	৮ অকটোবর অবধি ১২ নবেম্বরপর্য্যন্ত	২৪ আশ্বিনঅবধি ২৮ কার্ত্তিকপর্য্যন্ত	মঙ্গলবারঅবধি মঙ্গলবার পর্য্যন্ত
কার্ত্তিকপূজা	১৪। ১৫ নবেম্বর	৩০ কার্ত্তিক ১ অগ্রহায়ণ ...	বৃহস্পতিবার ও শুক্রবার
জগদ্ধাত্রীপূজা	১৮। ১৯ নবেম্বর	৪। ৫ অগ্রহায়ণ	সোমবার ও মঙ্গলবার
চন্দ্রগ্রহণ	২৫ নবেম্বর	১১ অগ্রহায়ণ	সোমবার
ইদুজ্জহা	২১। ২২ ডিসেম্বর ...	৮। ৯ পৌষ	শনিবার ও রবিবার
	১৮৪৫ সাল		
মহরমের বন্দ	১০ জানুআরিঅবধি ২৪ জানুআরিপর্য্যন্ত	২৮ পৌষঅবধি ১২ মাঘ পর্য্যন্ত	শুক্রবারঅবধি শুক্রবার পর্য্যন্ত
বসন্তপঞ্চমী	১১ ফেব্রুআরি	১ ফাল্গুণ	মঙ্গলবার
আখেরী চহার শোম্বা	৫ মার্চ	২৩ ফাল্গুণ	বুধবার
শিবরাত্রি	৬। ৭ মার্চ	২৪। ২৫ ফাল্গুণ	বৃহস্পতিবার ও শুক্রবার
ফতে দোআজদহম	২১ মার্চ	৯ চৈত্র	শুক্রবার ...
দোলযাত্রা	২৩ মার্চঅবধি ২৫ মার্চ পর্য্যন্ত	১১ চৈত্রঅবধি ১৩ চৈত্র পর্য্যন্ত	রবিবারঅবধি মঙ্গলবার পর্য্যন্ত
বারুণীস্নান	৪ আপ্রিল	২৩ চৈত্র	শুক্রবার
চড়কপূজা	১১ আপ্রিল	৩০ চৈত্র	শুক্রবার

মন্তব্য কথা। যে বন্দ রবিবারে পড়ে তাহা এই তালিকায় লেখা যায় নাহি।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৪। ২৩ আপ্রিল।]

NOTIFICATION.

An Examination will be held on the 1st day of July next in the College of Fort William for the purpose of filling up existing vacancies in the Secondary or Military Class of the Medical College. All candidates will be expected to possess an adequate knowledge of the Hindoostanee Language, to enable them to read and write from dictation, or from a printed work in the Persian or Devanagri Characters.

All Interpreters of Regiments and Battalions are requested not to grant certificates of qualification to any candidates under the age of 15 and above that of 20 years, and likewise to reject all who may not pass the prescribed ordeal with a sufficient degree of fluency and facility. Much disappointment, expense and inconvenience, have already been experienced by lads from distant stations being furnished with certificates who were found on examination quite unqualified for admission, and it is with a view to prevent the recurrence of this, that the above measure has been suggested.

Candidates for admission will be required to present themselves before the Secretary to the Medical College at least three days prior to the day of examination, in order that a proper descriptive Roll may be prepared for transmission to the examiners of the College of Fort William.

By order of the Honourable the President and Council of Education,

F. J. Mouat, M. D.
Secretary.

Medical College, April 6th, 1844.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 6th April, 1844.

Baboo Lukheenarain Mitter, Moonsiff of Chowgong, Zillah Rajeshahye, for one month.

Baboo Govindchunder Biddarutun, Moonsiff of Cowcolly, Zillah Backergunge, from the 6th February last to the 16th ultimo.

The 12th April, 1844.

Syed Mahommeddee, Moonsiff of Tannore, Zillah Rajshahye, for two weeks from the 3d instant, in extension of that granted on the 6th idem.

J. Hawkins, *Register.*

CIVIL APPOINTMENTS.

No. 555.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 9th April, 1844.

Mr. H. Doveton, Deputy Collector under Regulation IX. of 1833, in Burdwan, is promoted to the 2d grade, from the 1st instant.

[*Government Gazette, 23d April*, 1844.]

বিজ্ঞাপন।

মেডিকেল কালেজের অন্তঃপাতি দ্বিতীয় অর্থাৎ মিলেটারীসম্পর্কীয় সম্প্রদায়ের কএক পদ শূন্য হইয়াছে অতএব তাহাতে ছাত্র নিযুক্ত করিবার নিমিত্তে আগামি জুলাই মাসের ১ তারিখে ফোর্ট উলিয়ম কালেজে ইমতিহান হইবেক। যে২ পদাকাঙ্ক্ষির হিন্দুস্থানী ভাষার এমত উপযুক্ত জ্ঞান না থাকে যে তাহারা ঐ ভাষা পাঠ করিতে পারে এবং কেহ আওড়াইলে তাহা লিখিতে পারে অথবা পারসী কিম্বা দেবনাগর অক্ষরে ছাপাহওয়া কেতাব দেখিয়া লিখিতে পারে তাহারা গ্রাহ্য হইবেক না।

রেজিমেণ্ট এবং বাটালিয়নের সকল দোভাসি সাহেবের প্রতি হুকুম হইল যে তাঁহারা পনের বৎসরের ন্যূন কি বিশ বৎসরের অধিকবয়স্ক কোন পদাকাঙ্ক্ষিকে যোগ্যতার সর্টিফিকট না দেন্ এবং যাহারা নিরূপিত পরীক্ষায় উচিতমত এবং অনায়াসে উত্তীর্ণ না হইতে পারে তাহারদিগকে অগ্রাহ্য করেন্। ইহার পূর্ব্বে দূর স্থানের যে বালকেরদিগকে সর্টিফিকট দেওয়া গিয়াছিল তাহারা ইমতিহানের সময়ে কালেজে ভর্ত্তি হওনের অযোগ্য বোধ হওয়াতে তাহারদিগের আশাভঙ্গ ও খরচ ও ক্লেশ হইয়াছে এবং এইরূপ বিঘ্ন উত্তর কালে না হয় এই নিমিত্ত উপরের উক্ত হুকুম দেওয়া গেল।

কালেজে ভর্ত্তিহওনের আকাঙ্ক্ষি ব্যক্তিরদের আবশ্যক যে ফোর্ট উলিয়ম কালেজের পরীক্ষক সাহেবেরদের নিকটে পাঠাইবার নিমিত্ত তাহারদের এক উপযুক্ত চেহারা প্রস্তুত হয় এজন্যে ইমতিহানের দিনের অন্যূন তিন দিন পূর্ব্বে মেডিকেল কালেজের সেক্রেটারী সাহেবের সম্মুখে তাহারা উপস্থিত হয়।

বিদ্যাধ্যাপনের কমিটির শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের এবং কৌন্সেলের হুকুমক্রমে প্রকাশিত।

এফ জে মৌআট।
মেডিকেল কালেজের সেক্রেটারী।

মেডিকেল কালেজ। ১৮৪৪। ৬ আপ্রিল।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের নিয়োগ।

ছুটী।

১৮৪৪ সাল ৬ আপ্রিল।

জিলা রাজশাহীর চৌগাঁর মুনসেফ শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ মিত্র এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা বাকরগঞ্জের কৌখালির মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র বিদ্যারত্ন গত ৬ ফেব্রুআরি তারিখঅবধি গত মাসের ১৬ তারিখপর্য্যন্ত ছুটী পান্।

১৮৪৪ সাল ১২ আপ্রিল।

জিলা রাজশাহীর তানোরের মুনসেফ শ্রীযুত সায়দ মহম্মদী বর্ত্তমান মাসের ৬ তারিখে যে ছুটী পান্ তাহার অতিরিক্ত বর্ত্তমান মাসের ৩ তারিখঅবধি দুই সপ্তাহের ছুটী পান্।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৫৫৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ৯ আপ্রিল।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে বর্দ্ধমানের ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ ডবটন সাহেব বর্ত্তমান মাসের ২ তারিখঅবধি দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

Syed Azeemudeen Hossein, ditto ditto in Behar, is promoted to the 2d grade, from the 1st instant.

The 15th April, 1844.

Mr. W. Grey to be an Assistant to the Magistrate and to the Collector of Moorshedabad, with the powers of a Joint Magistrate and Deputy Collector in that District.

LEAVES OF ABSENCE.

The 9th April, 1844.

Mr. W. B. Buckle, Assistant to the Magistrate and to the Collector of Midnapore, for ten days, on private affairs, commencing from the date on which Mr. Buckle may avail himself of the leave.

Mr. C. P. White, Deputy Collector under Regulation IX. of 1833, in Midnapore, for two days, in extension of the leave granted to him by the Commissioner of the 19th or Cuttack Division.

Baboo Prawnkissen Roy, Deputy Collector under Regulation IX. of 1833, in Chittagong, for twenty days, under Medical Certificate, in extension of the leave granted to him on the 27th November last.

Baboo Ragobanund Doss Deputy Collector under Regulation IX. of 1833, in Cuttack, for one week, on private affairs, commencing from the 11th instant.

Baboo Lokenath Bose, Sudder Ameen of the 24-Pergunnahs, for ten days, in further extension of the leave granted to him on the 18th ultimo.

NOTIFICATIONS.

The 9th April, 1844.

Mr. W. P. Goad, Collector of Monghyr, assumed charge of his office from Mr. A. A. Swinton on the 8th instant.

Mr. James Grant, Civil and Sessions Judge of Dinagepore, resumed charge of his office from the Principal Sudder Ameen of that District on the 5th instant.

Mr. J. G. Campbell, Officiating Collector of Dacca, resumed charge of his office from Baboo Hurrischunder Bose, Uncovenanted Deputy Collector of that District, on the 4th instant.

Baboo Russomoy Dutt, Commissioner of the Court of Requests, resumed charge of his office on the 9th instant.

Moulavie Ausaff Allee, Sudder Ameen of Mymensing, resumed charge of his office on the 1st instant. This cancels the appointment under Orders of 25th ultimo of Moulavie Ameer Ooddeen, Moonsiff, to officiate in his room.

The 15th April, 1844.

Mr. Charles Francis Montresor, of the Bengal Civil Establishment, is reported qualified for the Public Service.

By order of the Honourable the Deputy Governor of Bengal.

F. J. HALLIDAY,

Secy. to the Govt. of Bengal.

বেহারের ডেপুটী কালেক্টর শ্রীযুত সায়েদ আজীমুদ্দীন হুসেন বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি ঐ পদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৪৪ সাল ১৫ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ গ্রে সাহেব মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন এবং ঐ জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

ছুটী।

১৮৪৪ সাল ৯ আপ্রিল।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ বি বকল সাহেব যে তারিখে আপনার ছুটী গ্রহণ করেন্ সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে মেদিনীপুরের ডেপুটী কালেক্টর শ্রীযুত সি পি ওয়াইট সাহেব ১৯ সংখ্যক অর্থাৎ কটকের এলাকার কমিস্যনর সাহেবের স্থানে যে ছুটী পান্ তদতিরিক্ত দুই দিনের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে চাটিগাঁর ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ রায় গত নবেম্বর মাসের ২৭ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে কটকের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাঘবানন্দ দাস বর্ত্তমান মাসের ১১ তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

চব্বিশপরগনার সদর আমীন শ্রীযুত বাবু লোকনাথ বসু গত মাসের ১৮ তারিখে যে ছুটী পান্ তাহার অতিরিক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ৯ আপ্রিল।

মুঙ্গেরের কালেক্টর শ্রীযুত ডবলিউ পি গোড সাহেব বর্ত্তমান মাসের ৮ তারিখে শ্রীযুত এ এ সুইণ্টন সাহেবের স্থানে আপন কাছারীর কর্ম্মের ভার গ্রহণ করেন্।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জেম্স গ্রাণ্ট সাহেব বর্ত্তমান মাসের ৫ তারিখে আপন সিরিশতার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের স্থানে পুনর্গ্রহণ করেন্।

ঢাকার এক্টিং কালেক্টর শ্রীযুত জে জি কাম্বেল সাহেব বর্ত্তমান মাসের ৪ তারিখে আপন কাছারীর কর্ম্মের ভার ঐ জিলার অভিহিত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র বসুর স্থানে গ্রহণ করেন্।

ছোট আদালতের কমিস্যনর শ্রীযুত বাবু রসময় দত্ত বর্ত্তমান মাসের ৯ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

ময়মুনসিংহের সদর আমীন শ্রীযুত মৌলবী য়ুসফ আলী বর্ত্তমান মাসের ১ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্। ইহাতে তাঁহার কার্য্যনির্ব্বাহ করণার্থ মুনসেফ শ্রীযুত মৌলবী আমীরুদ্দীনের যে নিয়োগ গত মাসের ২৫ তারিখের হুকুমানুসারে হইয়াছিল তাহা রহিত হইল।

১৮৪৪ সাল ১৫ আপ্রিল।

বাঙ্গলা কোম্পানির সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত চার্লস ফ্রান্সিস মণ্টেসর সাহেব সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No. 569.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 15th April, 1844.

Mr. W. A. Green, Civil Assistant Surgeon of Midnapore, to be a Member of the Municipal Committee of that District, vice Dr. Pagan deceased.

Dr. J. Corbet and Mr. E. DaCosta to be Members of the Ferry Fund Committee in Patna, vice Rajah Bhoop Sing and Moulvie Abdool Wahid.

Mr. R. B. Kinsey, Civil Assistant Surgeon of Purneah, to be Post Master at that Station.

Mahomed Fazil to be a Local Agent at Cuttack, vice Moulvie Golam Russool resigned.

LEAVE OF ABSENCE.

The 15th April, 1844.

Baboo Gooroopersaud Bose, Deputy Collector under Regulation IX. of 1833, in Cuttack, for eight days, on private affairs, commencing from the 22d instant.

The unexpired portion of the leave of absence for two years, granted on the 1st June 1842, to Mr. F. W. Russell, Civil and Sessions Judge of Hooghly, is cancelled from the 8th instant, the date on which he resumed charge of his Office.

NOTIFICATIONS.

The 15th April, 1844.

Mr. R. J. Loughnan, Civil and Sessions Judge of Backergunge, made over charge of the current duties of his Office to the Principal Sudder Ameen of that District on the 6th instant.

Mr. G. U. Yule, Officiating Magistrate of Dinagepore, resumed charge of his Office from Mr. C. Steer on the 10th instant.

Major J. Mathie, Deputy Commissioner of Assam, reported his return to Gowhatty from Cooch Behar, on the 29th ultimo.

The 19th April, 1844.

The eminent attainments of Mr. R. N. Cust, in the Persian language, having been brought by the Examiners of the College of Fort William to the notice of Government, the Deputy Governor has been pleased to confer on him a Degree of Honor, and award to him the donation of Rs. 1,600, prescribed by Section XV. of the Rules of the College.

By order of the Honourable the Deputy Governor of Bengal.

F. J. Halliday,

Secy. to the Govt. of Bengal.

৫৬৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ১৫ আপ্রিল।

ডাক্তর পেগন সাহেবের মৃত্যুহওয়াতে মেদিনীপুরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডবলিউ এ গ্রিন সাহেব ঐ জিলাতে জিলা পরিষ্কার রাখণার্থ কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত রাজা ভূপ সিংহ এবং শ্রীযুত মৌলবী আবদুল ওয়াহিদের পরিবর্ত্তে শ্রীযুত ডাক্তর জে করবেট সাহেব ও শ্রীযুত ই ডাকটা সাহেব পাটনাতে খুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

পূরণিয়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত আর বি কিন্সি সাহেব ঐ স্থানের ডাকের অধ্যক্ষ হইবেন।

শ্রীযুত মৌলবী গোলাম রসুল কটকের লোকেল এজেণ্টী কর্ম্মে ইশ্তাফা দেওয়াতে শ্রীযুত মহম্মদ ফাজিল ঐ স্থানের লোকেল এজেণ্ট হইবেন।

ছুটী।

১৮৪৪ সাল ১৫ আপ্রিল।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে কটকের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গুরুপ্রসাদ বসু স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২২ তারিখঅবধি আট দিনের ছুটী পাইয়াছেন।

হুগলীর সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ ডবলিউ রসেল সাহেব বর্ত্তমান মাসের ৮ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্ অতএব ১৮৪২ সালের ১ জুন তারিখে তিনি যে দুই বৎসরের ছুটী পান্ তাহার অবশিষ্ট কাল ঐ তারিখঅবধি রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ১৫ আপ্রিল।

বাকরগঞ্জের সিবিল ও সেশন জজ শ্রীযুত আর জে লফনান সাহেব বর্ত্তমান মাসের ৬ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন।

দিনাজপুরের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত জি ইউ ইউল সাহেব বর্ত্তমান মাসের ১০ তারিখে শ্রীযুত সি ষ্টিয়র সাহেবের স্থানে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

আসামের ডেপুটী কমিস্যনর শ্রীযুত মেজর জে মাথি সাহেব গত মাসের ২৯ তারিখে কোঁচবেহার হইতে গৌহাটিতে আপনার প্রত্যাগমনের রিপোর্ট করেন্।

১৮৪৪ সাল ১৯ আপ্রিল।

শ্রীযুত আর এন কষ্ট সাহেবের পারসী ভাষাতে সুবিজ্ঞতার বিষয় ফোর্ট উলিয়ম কালেজের পরীক্ষক সাহেবেরা গবর্ণমেণ্টকে জানাইয়াছেন তাহাতে শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব তাঁহাকে সম্ভ্রমের উপাধি দিয়াছেন এবং কালেজের বিধানের ১৫ ধারার নির্দ্দিষ্ট ১৬০০৲ টাকা পুরস্কার দান করিয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

SALT. নিমক।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারাণের উচিত যে ঐ নেমকের রকম মোং নারায়ণপুরের সরকারী গোলার নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

[*Government Gazette, 23d April*, 1844.]

নেমকের বেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন্ সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
জেলা তমলুক	নারায়ণপুর	১২৪৮ সাল	৪৮৫০০/ মোন	কোং ৪১৯৲ টাকা

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ১৫ আপ্রিল সন ১৮৪৪ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

INSOLVENT COURT.

যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of Sree Kissen Law and Hurrymohun Mullick, Creditors of ALEXANDER McGREGOR and ROBERT HUNTER, respectively, late of the Town of Calcutta, in the Province of Bengal, Merchants and Agents, and heretofore respectively carrying on trade and business in Calcutta aforesaid, as Merchants and Agents, under the copartnership, Style and Firm of McGregor, Hunter and Company, against whom an adjudication of Insolvency was made and pronounced by this Court on the sixth day of December last, on the application of the said Sree Kissen Law and Hurrymohun Mullick, are appointed to be heard in the said Court, on Saturday the first day of June next.

The names of the Creditors of the said Insolvents appear in a Schedule filed in the office of the chief Clerk of the said Court to which Creditors may refer. Dated the twentieth day of April, one thousand eight hundred and forty-four.

BAILLIE, MOLLOY and MACKINTOSH,
Attornies for the Insolvents.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of Robert Leishman, John Tew Stanley and William Farquhar, Creditors of ALEXANDER McGREGOR, late of the Town of Calcutta, in the Province of Bengal, Merchant and Agent, and heretofore carrying on trade and business in Calcutta aforesaid, in copartnership with Robert Hunter, against whom an adjudication of Insolvency was made and pronounced by this Court, on the second day of December last, on the application of the said Robert Leishman, John Tew Stanley and William Farquhar, are appointed to be heard in the said Court on Saturday, the first day of June next.

The names of the Creditors of the said ALEXANDER McGREGOR, appear in a Schedule filed in the office of the chief Clerk of the said Court to which Creditors may refer. Dated the twentieth

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে মাকগ্রেগর ও হণ্টর কোম্পানির নামে বণিক ও এজেণ্টের কর্ম্মকারি কলিকাতা নগরে যে

আলেকজান্দর মাকগ্রেগর সাহেব ও রাবর্ট হণ্টর সাহেব

বাঙ্গলা দেশের কলিকাতা নগরে বণিক ও এজেণ্টের কর্ম্ম চালাইতেন তাঁহারদের মহাজন শ্রীযুত শ্রীকৃষ্ণ লা ও শ্রীযুত হরিমোহন মল্লিকের দরখাস্তক্রমে গত ডিসেম্বর মাসের ৬ তারিখে উক্ত সাহেবেরা এই আদালতের দ্বারা যোত্রহীন প্রকাশ হইলেন। এবং উক্ত শ্রীযুত শ্রীকৃষ্ণ লা ও হরিমোহন মল্লিকের দরখাস্তের শুননি উক্ত আদালতে আগামি জুন মাসের ১ তারিখে হইবেক।

উক্ত যোত্রহীনেরদের মহাজনেরদের নামেরতফসীল উক্ত আদালতের প্রধান ক্লার্কের দফ্তরখানায় দাখিল হইয়াছে তাহাতে যে মহাজনের ইচ্ছা হয় তাহা দেখিতে পারিবেন। ১৮৪৪ সাল ২০ আপ্রিল।

বেলি ও মলয় ও মাকিন্টস।
উক্ত যোত্রহীনেরদের উকীল।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বাঙ্গলা দেশের কলিকাতা নগরের বণিক ও এজেণ্ট যে

আলেকজান্দর মাকগ্রেগর সাহেব

রাবর্ট হণ্টর সাহেবের সঙ্গে কলিকাতা নগরে বাণিজ্য কর্ম্ম চালাইতেন তাঁহার মহাজন শ্রীযুত রাবর্ট লিসমেন সাহেব ও শ্রীযুত জান টিউ ষ্টানলি সাহেব ও শ্রীযুত উলিয়ম ফার্কর সাহেবের দরখাস্ত মতে গত ডিসেম্বর মাসের ২ তারিখে এই আদালতের দ্বারা তিনি যোত্রহীন প্রকাশ হইলেন এবং উক্ত সাহেবেরদের দরখাস্ত আগামি জুন মাসের ১ তারিখে উক্ত আদালতে শুননি হইবেক।

উক্ত আলেকজান্দর মাকগ্রেগর সাহেবের নামের তফসীল উক্ত আদালতের প্রধান ক্লার্কের দফ্তরখানায়

day of April, one thousand eight hundred and forty-four.

BAILLIE, MOLLOY and MACKINTOSH,
Attorneys for the Insolvents.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of ROBERT HUNTER, late of the Town of Calcutta, in the Province of Bengal, Merchant and Agent, and heretofore carrying on trade and business in Calcutta aforesaid, in copartnership with Alexander McGregor, seeking the benefit of the Act of the ninth year of the reign of his late Majesty King George the Fourth, entitled "an Act to provide for the relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard in the said Court on Saturday, the first day of June next.

The names of the Creditors of the said ROBERT HUNTER, appear in a Schedule filed in the office of the chief Clerk of the said Court, to which any Creditor may refer. Dated the 20th day of April, 1844.

BAILLIE, MOLLOY and MACKINTOSH,
Attorneys for the Insolvent.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of WILLIAM DURIE, late of Tank Square, in the Town of Calcutta, Boot, Shoe and Harness Maker, lately carrying on business in Calcutta, aforesaid, in copartnership (with one John Gordon Stuart) under the Name, Style and Firm, of Begbie and Company, as Boot, Shoe and Harness Makers, and late a prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the reign of his late Majesty, King George the Fourth, Chapter 73, entitled, an Act to provide for the relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court, on Saturday, the first day of June next.

The names of the Creditors of the said WILLIAM DURIE appear in a Schedule filed with his said Petition at the office of the chief Clerk of the said Court, to which Creditors may refer.

W. N. HEDGER, *Insolvent's Attorney.*
Calcutta, 16th April, 1844.

দাখিল হইয়াছে তাহাতে যে মহাজন বাঞ্ছা করেন্ তাহা দেখিতে পারিবেন।

বেলি ও মলয় ও মাকিন্টস।
উক্ত যোত্রহীনের উকীল।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বাঙ্গল 1 দেশের কলিকাতা নগরে যে

রাবর্ট হণ্টর সাহেব

পূর্ব্বে উক্ত কলিকাতা নগরে আলেকজান্দর মাকগ্রেগর সাহেবের সঙ্গে বাণিজ্য কর্ম্ম চালাইতেন তিনি ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিয়াছেন তাঁহার দরখাস্ত আগামি জুন মাসের ১ তারিখ শনিবারে উক্ত আদালতে শুননি হইবেক।

উক্ত যোত্রহীন রাবর্ট হণ্টর সাহেবের মহাজনেরদের নামের তফসীল উক্ত আদালতের প্রধান ক্লার্কের দফ্তর খানায় দাখিল হইয়াছে তাহাতে যে মহাজন বাঞ্ছা করেন্ সেখানে গিয়া দেখিতে পারিবেন। ১৮৪৪ সাল ২০ আপ্রিল।

বেলি ও মলয় ও মাকিন্টস।
উক্ত যোহীনের উকীল।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বে কলিকাতায় জুতা ও সাজ প্রস্তুতকারী উক্ত কলিকাতা নগরের লালদীঘী নিবাসী যে

উলিয়ম ডুরি সাহেব

পূর্ব্বে জান গার্ডন ষ্টুয়ার্ট সাহেবের সঙ্গে বেগবি কোম্পানির নামে জুতা ও সাজ প্রস্তুত করিতেন এবং সম্প্রতি কলিকাতায় সাধারণ জেলখানায় কয়েদ ছিলেন তিনি পূর্ব্বে ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের ৭৩ অধ্যায়ানুসারে উপকার প্রার্থনা করাতে উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের শুননি আগামি জুন মাসের ১ তারিখে উক্ত আদালতে হইবেক।

উক্ত উলিয়ম ডুরি সাহেবের মহাজনেরদের নামের তফসীল তাঁহার উক্ত দরখাস্তের সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে তাঁহার মহাজনেরা দেখিতে পারিবেন।

ডবলিউ এন হেজর। যোত্রহীনের উকীল।
কলিকাতা ১৮৪৪ সাল ১৬ আপ্রিল।

শহর কলিকাতার যোত্রহীন ঋণিরদের পরিত্রাণার্থ আদালত।

আলেকজাণ্ডর ডনাল্ড মাক্লৌড এবং কুষ্টফের ফেগন সাহেবেরা

যাঁহারা মুবে বাঙ্গালার অন্তঃপাতি শহর কলিকাতায় বাস করিতেন সওদাগর ও এজেন্ট যাঁহারা মেকলিউড ফেগন কোম্পানি নামে সওদাগরি করিতেন এবং সন ১৮৪৩ সালের ১ জুলাই তারিখ শনিবারে গত জর্জ দি-ফোর্থ বাদশাহের নবম আইনের ৭৩ ধারার মতে অক্ষম ঋণি বলিয়া ধার্য্য হইয়াছেন।

এতদ্দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৪ সালের ৩ আপ্রিল বুধবারে উক্ত আদালত বসিবাতে পূর্ব্বোক্ত অক্ষম ঋণিরদিগের এক জন এসাইনি উলিয়ম ইউইৎ সাহেবের পক্ষে এক দরখাস্ত হয় তাহাতে তাঁহার প্রার্থনা এই যে তিনি তাঁহার ঐ এসাইনি কর্ম্মহইতে অবসর হইবার অনুমতি প্রাপ্ত হন ইহাতে অনুজ্ঞা হইল যে আগামি ৬ জুলাই শনিবারের পূর্ব্ব যদ্যপি ইহার প্রতিকূলে কোন বিষয় দর্শান না হয় তবে উক্ত উলিয়ম ইউইৎ সাহেবের ও তাঁহার সমভিব্যাহারি এসাইনি জান ওয়ালিস আলেকজান্দরের পক্ষে উক্ত আদালতের সাধারণ এসাইনি মেৎ পেটিক ও হালেন সাহেব সন ১৮৪২ সালের ৯ মার্চ তারিখে যে ইনডেনটীউর আপ এসাইনমেণ্ট অর্থাৎ হস্তান্তর করণ লিপিপত্র লিখিয়া দেন্ তাহা উক্ত উলিয়ম ইউইৎ সাহেবের পক্ষে বাতিল হইবেক কিন্তু এই অনুমতির পূর্ব্বে উক্ত উলিয়ম ইউইৎ যে কোন নিয়ম অথবা কর্ম্ম করিয়াছেন তাহা অগ্রাহ্য হইবেক না এবং আর অনুমতি হইল যে উক্ত এসাইনি আগামি ৬ জুলাই তারিখঅবধি ঐ সম্পত্তির হিসাব প্রস্তুত করিয়া দাখিল করিবেন।

গ্রাণ্ট ও রেমফ্রি। উকীল।
কলিকাতা ৩ আপ্রিল সন ১৮৪৪ সাল।

রিসীবর আফিস।

মৃত মেরি হিউমের ইস্টেটের জমীদারীদিগর ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৩৬ সালের ১৭ ফিব্রুআরি তারিখের সুপ্রিম কোর্টের হুকুম প্রমাণ আগামি ৬ মে সোমবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময়ে সুপ্রিম কোর্টের রিসীবর আফিসে নীচের লিখিত জমীদারীদিগর ইজারা দেওয়া যাইবেক অতএব যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

জমীদারীদিগরের নাম	জায়দাদ	জেলা	রকম অংশ
পরগনে হোসেনসাই			
সেওয়ায় ২ কানুন জব্দচর ওগয়রহ	জমীদারী	ময়মনসিং	॥০
হোসেনপুর	ঐ	ঐ	ঐ
খাজাখাপরেল	তালুক	ঐ	ঐ
কাদীতপুর	ঐ	ঐ	ঐ
আত্মারাম পাল	ঐ	ঐ	ঐ
বিজয়রামভদ্র	ঐ	ঐ	ঐ
নয়ান শাহা	ঐ	ঐ	ঐ
দক্ষিণ শাহাবাজপুর			
সেওয়ায় ২ কানুন জব্দ	জমীদারী	নওয়াখালি	।৬॥
চর হিকি আবজলপুখুরিয়া	ঐ	ঐ	ঐ
খাজাখাপরেল	তালুক	ঐ	ঐ
বোলাবে	ঐ	ঢাকা	/৬৸
রূপগঞ্জ ও তন্য শামিলাত	ঐ	ঐ	ঐ
নবাব জগর	ঐ	ঐ	ঐ
ডাগেল চাচা	ঐ	ঐ	ঐ
খালপার ইস্ত্রাবাড়ি	ঐ	ঐ	ঐ
মোজনপুর	ঐ	ঐ	ঐ

নম্বর	জায়দাদ	ঠিকানা	জমী	রকম অংশ
১	১ দোতালা বাটী	মোকাম পটুয়াটুলি ঢাকা	১॥২	১
২	১ বাটী	আরমাণিটোলা	৸০॥	ঐ
৩	১ খণ্ড জমী	ঐ	২॥০	॥০
৪	১ ঐ মায় আস্তবল	ঐ	॥৩	১
৫	১ বাগান	ঐ	২/৪	ঐ
৬	১ দোতালা বাটী মায় আস্তবল ও বাগান	ঐ	১৸০॥	ঐ
৭	১ বাটী মায় ১ খণ্ড জমী	ঐ	।০॥	॥০
৮	১ আস্তবল	মহোটুলি	/১॥	ঐ
৯	১ দোতালা বাটী	ঐ	/৩/১৫	ঐ
১০	১ ঐ ঐ	ঐ	/৩॥	১
১১	১ হামাম ঘর	ঐ	১/৩।	ঐ
১২	১ বাটী	ঐ	/৩/১০	ঐ
১৩	১ খণ্ড জমী	ঐ	১/৩॥	ঐ
১৪	১ ছোট বাগান চৌগর্দ্দা প্রাচীর	ঐ	॥৩/৫	ঐ
১৫	১ ডি	বংশী বাজার	॥০৸	ঐ
১৬	১ খণ্ড জমী মায় বাটী	ঐ	৸৪	ঐ
১৭	১ ডি	মহোটুলি	।৩৸	ঐ
১৮	১ ডি মায় চৌগের্দ্দা প্রাচীর	বংশীবাজার	/২॥	ঐ
১৯	১ ডি	ঐ	॥০।	ঐ
২০	১ ডি মায় বাটী	মরাশরগলি	১/	॥০
২১	১ দোতালা বাটী	মাদরজাদা	/৩।	১
২২	১ ডি ডি	ফুলবারিম	১৸১	॥০
২৩	১ খণ্ড জমী	দেওয়ান বাজার	৸১।	ঐ
২৪	১ বড় বাগান ও বাটী	শাএতপুর	১০/১॥	ঐ
২৫	১ খণ্ড জমী	সুজাতপুর	৪।০॥	ঐ
২৬	১ বাটীর উপরের মহল	নওয়ারীঘাট	/১।	১
২৭	১ খণ্ড জমী	পুমরশেষ	।০॥	॥০
২৮	১ পুরাতন বাটী	জুরনারেল	/৩।	ঐ
২৯	১ খণ্ড জমী	ফেরুগঞ্জ অথবা চরনরটোলা	/৪॥	ঐ
৩০	১ ডি ডি	মহোটুলি	/৪॥	১
৩১	১ পুরাতন বাটী	ঐ	১/৩।	॥০

আর ২ বৃত্তান্ত রিসীবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।
রিসীবর আফিস। কোর্ট হউস তারিখ ১৬ আপ্রিল ১৮৪৪।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৪। ২৩ আপ্রিল।]

PROBATE of the Last Will and Testament of Moteechundro Chotopodhyo, late of Saumpooker, in the Town of Calcutta, Inhabitant, deceased, having been this day granted by the Supreme Court of Judicature, at Fort William in Bengal, in its Ecclesiastical Jurisdiction, to Sree Mutty Woomah Dabey of Saumpooker, aforesaid, widow, the sole Executrix in the said Will named; all persons having claims on the said Estate, are requested to make the same known, and those indebted thereto to pay their respective debts to the said Executrix forthwith.

W. N. Hedger, *Proctor.*

Calcutta, 3d April, 1844.

[*Government Gazette, 23d April,* 1844.]

পূর্ব্বে কলিকাতা নগরের শ্যামপুকুর নিবাসী মৃত মতি চন্দ্র চট্টোপাধ্যায়ের উইল ও দানপত্রের প্রোবেট বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্টের এক্লিসিয়াষ্টিকাল এলাকাহইতে অদ্য উক্ত দানপত্রের লিখিত একাকিনী অছী উক্ত শ্যামপুকুর নিবাসি বিধবা শ্রীমতী উমা দেবীকে দেওয়া গিয়াছে। অতএব উক্ত মৃত ব্যক্তির উপর যাঁহার যে দাওয়া থাকে তিনি অবিলম্বে সেই বিষয় উক্ত অছীকে জানাইবেন এবং যাঁহারদের স্থানে কোন পাওনা থাকে তাঁহারা সেই পাওনা অবিলম্বে উক্ত অছীকে দিবেন।

ডবলিউ এন হেজর প্রক্টর।

কলিকাতা। ১৮৪৪ সাল। ৩ আপ্রিল।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 202. ২০২)

(১৭৯)

গবর্ণমেণ্ট গেজেট্

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 30, 1844.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৪ সাল ৩০ আপ্রিল।

NOTIFICATION.

An Examination will be held on the 1st day of July next in the College of Fort William for the purpose of filling up existing vacancies in the Secondary or Military Class of the Medical College. All candidates will be expected to possess an adequate knowledge of the Hindoostanee Language, to enable them to read and write from dictation, or from a printed work in the Persian or Devanagri Characters.

All Interpreters of Regiments and Battalions are requested not to grant certificates of qualification to any candidates under the age of 15 and above that of 20 years, and likewise to reject all who may not pass the prescribed ordeal with a sufficient degree of fluency and facility. Much disappointment, expense and inconvenience, have already been experienced by lads from distant stations being furnished with certificates who were found on examination quite unqualified for admission, and it is with a view to prevent the recurrence of this, that the above measure has been suggested.

Candidates for admission will be required to present themselves before the Secretary to the Medical College at least three days prior to the day of examination, in order that a proper descriptive Roll may be prepared for transmission to the examiners of the College of Fort William.

By order of the Honourable the President and Council of Education,

F. J. Mouat, M. D.

Secretary.

Medical College, April 6th, 1844.

[*Government Gazette, 30th April*, 1844.]

বিজ্ঞাপন।

মেডিকেল কালেজের অন্তঃপাতি দ্বিতীয় অর্থাৎ মিলেটারীসম্পর্কীয় সম্প্রদায়ের কএক পদ শূন্য হইয়াছে অতএব তাহাতে ছাত্র নিযুক্ত করিবার নিমিত্তে আগামি জুলাই মাসের ১ তারিখে ফোর্ট উলিয়ম কালেজে ইমতিহান হইবেক। যে২ পদাকাঙ্ক্ষির হিন্দুস্থানী ভাষায় এমত উপযুক্ত জ্ঞান না থাকে যে তাহারা ঐ ভাষা পাঠ করিতে পারে এবং কেহ আওড়াইলে তাহা লিখিতে পারে অথবা পারসী কিম্বা দেবনাগর অক্ষরে ছাপাহওয়া কেতাব দেখিয়া লিখিতে পারে তাহারা গ্রাহ্য হইবেক না।

রেজিমেণ্ট এবং বাটালিয়নের সকল দোভাষি সাহেবের প্রতি হুকুম হইল যে তাঁহারা পনের বৎসরের ন্যূন কি বিশ বৎসরের অধিকবয়স্ক কোন পদাকাঙ্ক্ষিকে যোগ্যতার সর্টিফিকট না দেন্ এবং যাহারা নিরূপিত পরীক্ষায় উচিতমত এবং অনায়াসে উত্তীর্ণ না হইতে পারে তাহারদিগকে অগ্রাহ্য করেন্। ইহার পূর্ব্বে দূর স্থানের যে বালকেরদিগকে সর্টিফিকট দেওয়া গিয়াছিল তাহারা ইমতিহানের সময়ে কালেজে ভর্ত্তি হওনের অযোগ্য বোধ হওয়াতে তাহারদিগের আশাভঙ্গ ও খরচ ও ক্লেশ হইয়াছে এবং এইরূপ বিঘ্ন উত্তর কালে না হয় এই নিমিত্ত উপরের উক্ত হুকুম দেওয়া গেল।

কালেজে ভর্ত্তিহওনের আকাঙ্ক্ষি ব্যক্তিরদের আবশ্যক যে ফোর্ট উলিয়ম কালেজের পরীক্ষক সাহেবেরদের নিকটে পাঠাইবার নিমিত্ত তাহারদের এক উপযুক্ত চেহারা প্রস্তুত হয় এজন্যে ইমতিহানের দিনের অন্যূন তিন দিন পূর্ব্বে মেডিকেল কালেজের সেক্রেটারী সাহেবের সম্মুখে তাহারা উপস্থিত হয়।

বিদ্যাধ্যাপনের কমিটির শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের এবং কৌন্সেলের হুকুমক্রমে প্রকাশিত।

এফ জে মৌআট।

মেডিকেল কালেজের সেক্রেটারী।

মেডিকেল কালেজ। ১৮৪৪। ৬ আপ্রিল।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 19th April, 1844.

Moonshee Sudderooddeen Ahmud, Moonsiff of Rajapore, Zillah Hooghly, for 4 days from the 14th instant.

Munmohun Baboo, Acting Moonsiff of Nowabgunge, Zillah 24-Pergunnahs, for three days from the 29th instant.

The 26th April, 1844.

Baboo Govindchunder Biddayruttun, Moonsiff of Cowcolly, Zillah Backergunge, for two months in extension of that granted on the 6th Instant.

J. HAWKINS, *Register*.

CIVIL APPOINTMENTS.

No. 585.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 15th April, 1844.

Mr. G. Hewett, Deputy Magistrate under Act XV. of 1843, in Zillah East Burdwan,
Mr. W. T. Law, Deputy Magistrate under Act XV. of 1843, in Zillah Nuddea,
Baboo Chundermohun Chatterjea, Deputy Magistrate under Act XV. of 1843, in Zillah Moorshedabad,

Are vested with the extended powers described in Clause 3, Sec. 2, Reg. III. of 1821.

LEAVE OF ABSENCE.

The 15th April, 1844.

Pundit Leeladhur Tewary, Sudder Ameen and Moonsiff of Chumparun, for thirteen days on private affairs, commencing from the 29th instant.

Mr. W. C. Stopford, Deputy Collector under Regulation IX. of 1833, in Jessore, for fifteen days, on private affairs.

The 20th April, 1844.

Mr. W. B. Buckle, Assistant to the Magistrate and to the Collector of Midnapore, for ten days, on private affairs, in extension of the leave granted to him on the 9th instant.

Roy Radhagobind Soom, Principal Sudder Ameen of Hooghly, from the 16th to the 29th instant, under Medical Certificate.

NOTIFICATIONS.

The 20th April, 1844.

Mr. Randolph Marriott, of the Civil Service, is reported qualified for the Public Service.

The 22nd April, 1844.

Mr. F. Stainforth, Additional Judge of Chittagong, received charge of the office of Special Commissioner under Regulation III. of 1828, from Mr. H. T. Raikes on the 11th instant.

Mr. H. Clarke, Deputy Magistrate under Act XV. of 1843, in Zillah Jessore, assumed charge of his Office on the 15th instant.

Mr. N. H. E. Prowett, of the Civil Service, em-

[বর্ণমেণ্ট গেজেট ১৮৪৪। ৩০ আপ্রিল।]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৪ সাল ১৯ আপ্রিল।

জিলা হুগলীর রাজাপুরের মুনসেফ শ্রীযুত মুনশী সদরুদ্দীন আহমদ বর্ত্তমান মাসের ১৪ তারিখঅবধি চারি দিনের ছুটী পাইয়াছেন।

জিলা চব্বিশপরগনার নবাবগঞ্জের এক্‌টিং মুনসেফ শ্রীযুত মনমোহন বাবু বর্ত্তমান মাসের ২৯ তারিখঅবধি তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৪ সাল ২৬ আপ্রিল।

জিলা বাকরগঞ্জের কৌথালির মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র বিদ্যারত্ন বর্ত্তমান মাসের ৬ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৫৮৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ১৫ আপ্রিল।

১৮৪৩ সালের ১৫ আইনানুসারে পূর্ব্ব বর্দ্ধমান জিলার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জি হিউএট সাহেব।
১৮৪৩ সালের ১৫ আইনানুসারে জিলা নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ টি লা সাহেব।
১৮৪৩ সালের ১৫ আইনানুসারে জিলা মুরশিদাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু চন্দ্রমোহন চাটুয্যা।

১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট অতিরিক্ত ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৪ সাল ১৫ আপ্রিল।

চম্পারণের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত পণ্ডিত লীলাধর তেওয়ারী বর্ত্তমান মাসের ২৯ তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে তের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে যশোহরের ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সি ষ্টপ্‌ফোর্ড সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৪ সাল ২০ আপ্রিল।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ বি বকল সাহেব বর্ত্তমান মাসের ৯ তারিখে যে ছুটী পান্ তাহার অতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিনের ছুটী পাইয়াছেন।

হুগলীর প্রধান সদর আমীন শ্রীযুত রায় রাধাগোবিন্দ সোম চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১৬ তারিখঅবধি ২৯ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ২০ আপ্রিল।

সিবিলসম্পর্কীয় সিরিশ্‌তার শ্রীযুত রাণ্ডল্‌ফ্ মারিয়ট সাহেব সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

১৮৪৪ সাল ২২ আপ্রিল।

চাটিগাঁর অতিরিক্ত জজ শ্রীযুত এফ ষ্টেনফোর্থ সাহেব বর্ত্তমান মাসের ১১ তারিখে শ্রীযুত এচ টি রেক্স সাহেবের স্থানে ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরী পদ গ্রহণ করেন্।

১৮৪৩ সালের ১৫ আইনানুসারে জিলা যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এচ ক্লার্ক সাহেব বর্ত্তমান মাসের ১৫ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

সিবিলসম্পর্কীয় সিরিশ্‌তার শ্রীযুত এন এচ ই প্রোয়েট

barked for England on board the Ship "Jaeger," which Vessel was left by the Pilot at Sea on the 17th instant.

Run Bahadoor Sing, Dwarkanath, Mahomed Ufzul, and Muzhur Ally, — At the recommendation of the Sudder Board of Revenue, the following four Native Gentlemen are associated in the Local Agency of Behar.

By order of the Honourable the Deputy Governor of Bengal.

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

No. 602.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 26th April, 1844.

Captain A. B. Clapperton to officiate as Secretary to the Superintendent of Marine, during the absence of Mr. C. B. Greenlaw, or until further orders.

Mr. George Richard Barry to be a Deputy Magistrate under Act XV. of 1843, in Zillah Pubna.

Mr. W. Brown, Deputy Collector under Regulation IX. of 1833, to be a Deputy Magistrate in the District of Balasore under Act XV. of 1843, in addition to his Office of Deputy Collector.

By order of the Honourable the Deputy Governor of Bengal.

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

সাহেব "জায়গর" নামক জাহাজের দ্বারা ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৭ তারিখে আড়কাটি সমুদ্রপথে ছাড়িয়া আইসে।

রণ বাহাদুর সিংহ দ্বারিকানাথ মহম্মদ অফজল এবং মজহর আলী। — সদর বোর্ড রেবিনিউর পরামর্শক্রমে নীচের লিখিত এদেশীয় চারি জন মহাশয় বেহারের লোকেল এজেন্টীর সহকারিতা পদে নিযুক্ত হইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৬০২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ২৬ আপ্রিল।

শ্রীযুত সি বি গ্রিনলা সাহেবের অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত শ্রীযুত কাপ্তান এ বি ক্লাপর্টন সাহেব জাহাজসম্পর্কীয় বিষয়ের সুপরিণ্টেণ্ডেণ্টের সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জর্জ রিচার্ড বারি সাহেব ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে পাবনার ডেপুটী মাজিস্ট্রেট হইবেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ ব্রোণ সাহেব আপন ডেপুটী কালেক্টরী কর্ম্মের অতিরিক্ত ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে জিলা বালেশ্বরের ডেপুটী মাজিস্ট্রেট হইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

SALT. নিমক।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত ইংরেজী কলের নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারাণের উচিত যে ঐ নেমকের রকম বোর্ডের আফিসে নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন্ আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের বেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন্ সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
২৪ পরগনা	বেঁওতা	১২৫০ সাল	১০০০/	৪৩৯৲
	বালিয়াঘাটা	,,	৩০০০/	৪৬২৲
	গোরদা	,,	১৪০০০/	৪৪৬৲
	নারায়ণপুর	,,	৬০০০/	৪৪৭৲
			২৪০০০/ মোন	

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ২৫ আপ্রিল সন ১৮৪৪ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

এস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪০ সালের ৩০ আপ্রিল তারিখের বোর্ডের এস্তেহারের নীচের লিখিত নেমক কমি দরে বিক্রয় হইবেক। অতএব যে সকল ব্যক্তির খরিদ করিবার দরকার হইবেক তাহারা এই তারিখ ইস্তক দশ রোজ গত হইলে অর্থাৎ ৫ মাইঅবধি ঐ দরে টাকা দাখিল করিলে ছাড় ও রওয়ানা পাইতে পারিবেক।

এজেন্সী	ঘাট	কোন্ বৎসরের পোক্তানের নেমক	নেমকের ৮০ তোলা ওজনের ফি ১০০/ মোনের এক্ষণকার দর	নেমকের ৮০ তোলা ওজনের ফি ১০০/ মোনের যে দর কমি হইয়া স্থির হইল
হিজলী	তেরোপাইকা	সন ১২৪৮ সাল	কোং ৪২৪৲ টাকা	কোং ৪১৫৲ টাকা

বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি সন ১৮৪৪ সাল তাং ২৫ আপ্রিল। এচ টরেন্স। সেক্রেটারী।

নীচের লিখিত ঘাট ও গোলাহায়ে নমক মৌজুদ থাকিলে যে প্রকার নির্দ্ধারিত মূল্যে হোল সেল অর্থাৎ রওয়ানায় বিক্রীর জন্য খরিদ করিতে পাওয়া যাইবেক তাহার তালিকা।

ফিশত মোনের মূল্য।

				সন ১২৪৮ সাল মতাবকে ইং ১৮৪১।৪২ সাল	সন ১২৪৯ সাল মতাবকে ইং ১৮৪২।৪৩ সাল	সন ১২৫০ সাল মতাবকে ইং ১৮৪৩।৪৪ সাল
হিজলী।	পাঙ্গা নেমক।	ঘাট কালীনগর ..		——		
ঐ	ঐ	ঐ	কৃষ্ণনগর .	৪০০	——	
ঐ	ঐ	ঐ	তেরোপাইকা ..	৪২৪	——	
ঐ	ঐ	ঐ	রামনগর	——	৩৯০	
তমলুক।	পাঙ্গা নেমক।	ঘাট নারায়ণপুর ..		৪১০	——	
২৪ পরগনা।	পাঙ্গা নেমক।	ঘাট নারায়ণপুর বাহিরবুনী		——	——	
	ঐ	ঐ	ঐ তফাল	——	৪২০	
		বেলিয়াঘাটা				
		নারায়ণপুর পোক্তানি				
		ঐ ঐ ১ পহিলা রকম				
		ঐ ঐ ২ দোসরা রকম				
		গোরদা				
	ঐ	বেঁওতা				
	ঐ	ডাইমণ্ড হারবর ..				
	ঐ	বাগণ্ডী				
চট্টগ্রাম।	পাঙ্গা নেমক।	ডোমখালি		——	৪১৭	
	ঐ	সদর ঘাট		——	৪১৭	
	ঐ	আরাকীন		——	——	৪১২
শালিখা।	করকচ।	মান্দ্রাজ পরমিট ..				
	ঐ	১ পহিলা রকম ..		——	৩৯০	
	ঐ	২ দোসরা রকম ..		——	৩৮৭	
	ঐ	৩ তেসরা রকম ..		——	৩৮৫	
	ঐ	বেলিয়াঘাটা				
	পাঙ্গা নেমক।	কটক		৪৩৮		
	ঐ	খোরদা		৪৪৪		
	ঐ	বালেশ্বর ..		৪৪৩		
	ঐ	চিলকা ..		৪৫২		

রিটেল অর্থাৎ খুদরা বিক্রীর জন্য নির্দ্ধারিত মূল্যের তালিকা।

হিজলী। পাঙ্গা নেমক ফিশত মোন দর ৩৫৯৷৶ টাকা অর্থাৎ ফিমোন ৩৷৷/৬

তমলুক। পাঙ্গা নেমক ফিশত মোন দর ৪১২৷৷০ টাকা অর্থাৎ ফিমোন ৪৶

২৪ পরগনা। ডাইমণ্ড হারবরের পাঙ্গা নেমক ফিশত মোন ৪৩০৲ টাকা
ঘাট নারায়ণপুরের বাহিরবুনী পাঙ্গা নেমক ফিশত মোন ৪৩৩৲ টাকা
ঐ ঐ তফাল পাঙ্গা নেমক ফিশত মোন ৪৩০৲ টাকা
ঘাট বাগণ্ডী পাঙ্গা নেমক ফিশত মোন ৪৩৯৷৷০ টাকা

চট্টগ্রাম। মান্দ্রাজ করকচ নেমক ফিশত মোন ২৬২৷৷০ টাকা অর্থাৎ ফিমোন ২৷৷৶
আরাকিন পাঙ্গা সদর ঘাট ফিশত মোন ৪৫০৲ টাকা অর্থাৎ ফিমোন ৪৷৷০

ভুলুয়া। মান্দ্রাজ করকচ যাহা তটস্থ গোলায় মৌজুদ আছে তাহার ফিশত মোন কোং ৩০০৲ টাকা অর্থাৎ ফিমোন ৩ টাকা ও যাহা উপদ্বীপস্থ গোলায় আছে তাহার দর ফিশত মোন ২৬২৷৷০ টাকা অর্থাৎ ফিমোন ২৷৷৶

কটক। এই জেলার নিরিখ মফস্বলের হাকিমানের বিবেচনানুসারে সময়ক্রমে ফেরফার হয়।

পরমিট ও নমক ও আফিম বোর্ডের দফ্তরখানা।
ইং সন ১৮৪৪ সাল তারিখ ১ আপ্রিল মোতাবকে
বাঙ্গলা সন ১২৫০ সাল তারিখ ২০ চৈত্র।

এচ টরেন্স। সেক্রেটারী।

---

* এই সকল রকম নমক নূতন পোক্তানের জন্য অনিশ্চিত এবং অল্প পরিমাণে প্রস্তুত হয় তাহাতে অনেকের গ্রাহকতাপ্রযুক্ত সংপ্রতি মহাজনেরদিগের টেণ্ডর অর্থাৎ দরখাস্ত লইয়া বাজারভাও মতে বিক্রী করা যাইতেছে ইতি।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪৪। ৩০ আপ্রিল।]

SHERIFF'S SALES.

সরিফের নীলাম।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ফাইরাই ফেসিয়স নামক যে তিনটা পরওয়ানা কলিকাতার সরিফ সাহেবের হাতে আছে অর্থাৎ যে মোকদ্দমাতে হরনাথ মল্লিক ফরিয়াদী এবং জান গার্ডন ষ্টুআর্ট সাহেব আসামী তাহাতে ফাইরাই ফেসিয়স নামক এক পরওয়ানা এবং যে মোকদ্দমাতে মাকি কোম্পানির নামে বণিক ও এজেণ্টের কর্ম্মকারি ডনালড কামবেল মাকি সাহেব এবং আলেকজাণ্ডর আগষ্টস মাকি সাহেব ও জেম্‌স হেনরি মাকি সাহেব ফরিয়াদী এবং জান গার্ডন ষ্টুআর্ট সাহেব আসামী তাহাতে ফাইরাই ফেসিয়স নামক অন্য পরওয়ানা এবং যে মোকদ্দমাতে মাকি কোম্পানির নামে বাণিজ্য কর্ম্মকারি উক্ত আলেকজাণ্ডর আগষ্টস মাকি সাহেব ও ডনালড কামেল মাকি সাহেব ও জেম্‌স হেনরি মাকি সাহেব ফরিয়াদী এবং জান করি ও রাবর্ট আন্দ্রুস সাহেব আসামী তাহাতে ফাইরাই ফেসিয়স নামক অপর পরওয়ানার দ্বারা কলিকাতার সরিফ সাহেব আগামি মে মাসের ২ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফ সাহেবের দফ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

বিশেষতঃ ফ্রিক নামক যে এক জাহাজ হুগলী নদীতে মৃত কিড সাহেবের গুদীর সম্মুখে আছে তাহাতে এবং তাহাতে যে সকল দড়ী পালি ও লওয়াজিমাপ্রভৃতি আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জান গার্ডন ষ্টুআর্ট সাহেব ও জান করি সাহেবের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক।

এবং ডেবিড মালকম নামক যে এক জাহাজ হুগলী নদীর উপর বাবুর ঘাটের সম্মুখে আছে তাহা এবং তাহাতে যে সকল দড়ী পালি ও লওয়াজিমাপ্রভৃতি আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জান গার্ডন ষ্টুআর্ট সাহেব ও জান করি সাহেবের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক।

এবং কলিকাতার ষ্ট্রাণ্ড রাস্তায় জাহাজের মোমবাতী ও জাহাজসম্পর্কীয় সকল বিষয় বিক্রয়কারি ষ্টুআর্ট কোম্পানি সাহেবের বাটীতে যে সকল বাণিজ্যের দ্রব্য আছে এবং যে সম্পত্তি ও সরঞ্জাম আছে তাহা এবং জান করি কোম্পানির উক্ত কুঠীর মাল ও সম্পত্তিতে উক্ত জান গার্ডন ষ্টুআর্ট সাহেব ও জান করি সাহেব ও রাবর্ট আন্দ্রুস সাহেবের একত্র যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা এবং উক্ত কুঠীর পাওনা সকল টাকাতে তাঁহারদের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক।

এবং উক্ত জান গার্ডন ষ্টুআর্ট সাহেবের একটা বগী নীলাম হইবেক।

সরিফ সাহেবের দফ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে নিকেল্‌স্টেন্সান নামক যে এক পরওয়ানাক্রমে শ্রীযুত অনরবিল চিফ জুষ্টিস সাহেবের হুকুমানুসারে চার্লস জেম্‌স অর সাহেবের যে সম্পত্তি ধরা পড়িয়াছে তাহা কলিকাতার সরিফ সাহেব সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফ সাহেবের দফ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে আগামি মে মাসের ২ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে নীলাম করিবেন।

বিশেষতঃ উক্ত চার্লস জেম্‌স অর সাহেবের একটা ঘুড়ী ও তিনটা ছোট ঘোড়া ও একখান পালকী গাড়ি ও একখান বাগানের গাড়ি এবং একটা ফিটন এবং ঘরের কতক লওয়াজিমা অর্থাৎ আলমারি মেজ চৌকী হালের পাকাপ্রভৃতি নীলাম হইবেক।

সরিফ সাহেবের দফ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

INSOLVENT COURT.

যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of THOMAS PHILPOT, an Insolvent.

NOTICE is hereby given, that Saturday, the 4th day of May next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an account in detail of the receipts and disbursements of the Assignee from the 1st day of August, 1843, until the 30th day of March last, has been filed and may be inspected in the office of the chief Clerk. Any Creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the estate of the said Insolvent will be heard; notice having been given at the office of the Chief Clerk three clear days before the hearing.

Assignee's office, 22d April, 1844.

The like Notice, in the matter of THOMAS PERRY, an Insolvent, wherein the account of the Assignee is filed from the same day to the same day.

[*Government Gazette*, 30*th April*, 1844.]

শহর কলিকাতার যোত্রহীন ঋণিরদের পরিত্রাণার্থ আদালত।

যোত্রহীন তামস ফিলপট সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড করণের নিমিত্তে এই বিষয়ের পুনরায় শুননি করণার্থ আগামি মে মাসের ৪ তারিখ শনিবার নিরূপিত হইয়াছে এবং ১৮৪৩ সালের ১ আগষ্ট তারিখঅবধি গত মার্চ মাসের ৩০ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেব যে সকল টাকার জমাখরচ করিয়াছেন তাহার বিস্তারিত হিসাব প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল করা গিয়াছে এবং মহাশয়েরা তাহা দেখিতে পারেন্। যে কোন মহাজন অথবা সেই বিষয়েতে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি উক্ত যোত্রহীনের মালের উপর কোন দাওয়া প্রমাণ করিতে কি আপত্তি করিতে ইচ্ছুক আছেন তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিবস প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহার সম্বাদ দিলে তাঁহার বাক্য শুনা যাইবেক।

আসৈনির দফ্তরখানা। ১৮৪৪। ২২ আপ্রিল।

যোত্রহীন তামস পেরি সাহেবের বিষয়ে ইহার দ্বারা উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে আসৈনি সাহেব উক্ত তারিখঅবধি উক্ত তারিখপর্য্যন্ত টাকার জমাখরচের হিসাব দাখিল করিয়াছেন।

In the matter of WILLIAM BRUCE, JOSEPH WEBBE CRAGG, WILLIAM PATRICK, and HUGH MORTON SHAND, Insolvents.

NOTICE is hereby given, that by an order of the said Court made in this matter on the 6th day of April instant: It is ordered that Saturday, the 4th day of May next, be appointed for the further hearing of the matters of the petition of the said Insolvents, for the purpose of making a Dividend; on which day, or on any other day, to which the further hearing shall be adjourned, any Creditors or other persons interested, who may be desirous of establishing or opposing any claims, may attend and be heard upon any affidavits which shall have been filed by them in the office of the Chief Clerk of this Court, three clear days previous to the day of hearing.

THOMPSON AND ALLAN, *Attorneys.*

Calcutta, 22nd April, 1844.

In the matter of JAMES COLQUHOUN, JAMES CHURCH, and HUGH COLQUHOUN, Insolvents.

NOTICE is hereby given, that by an order of the said Court, made in this matter on the sixth day of April, Instant, it is ordered that the Assignees of the abovenamed Insolvents do, from and out of the sum of Company's Rupees one Hundred and twenty two thousand and eight Hundred, pay to all the Creditors and claimants upon the Estate of the said Insolvents the sum of Company's Rupees Seventy-three Thousand and one Hundred, being a dividend of two and a half per cent upon the claims admitted in the Schedule of the said Insolvents, in proportion to their several debts, when, and as soon as such claims or any of them shall be duly substantiated upon Affidavit filed in this Court to the satisfaction of the said Assignees, with liberty to them to apply to the said Court from time to time for directions respecting any claims or any matter or thing relating thereto.

THOMPSON AND ALLAN, *Attornies.*

Calcutta, 24th April, 1844.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the Twenty-third day of the present month of April, the matters of the Petition of JOSEPH WILLOUGHBY DECRUZ, sued by the name of J. W. DECRUZ, late of Geree Baboo's Lane, in the Town of Calcutta, a Section Writer in the Bengal Secretary's Office of the Honourable East India Company, and now a Prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the Ninth Year of the Reign of His late Majesty George the Fourth entituled, "An Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, &c." are appointed to be heard in the said Court, on Saturday the first day of June next, at the hour of Eleven o'clock in the forenoon.

যোত্রহীন উলিয়ম ব্রুস সাহেব ও জোসেফ উএব ক্রাগ সাহেব ও উলিয়ম পাত্রিক সাহেব ও হিউ মর্টন সাণ্ড সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আপ্রিল মাসের ৬ তারিখে এই আদালতে যে হুকুম হইয়াছিল তাহাতে নির্দ্ধারিত হইল যে ডিবিডেণ্ড করিবার নিমিত্তে উক্ত যোত্রহীনেরদের দরখাস্ত পুনরায় শুনিবার নিমিত্তে আগামি মে মাসের ৪ তারিখ শনিবার নিরূপিত হইল সেই দিবসে অথবা পুনরায় শুননির নিমিত্ত অন্য যে দিন নিরূপণ হয় সেই দিবসে কোন মহাজন অথবা তৎসম্পর্কীয় অন্য যে কোন ব্যক্তি কোন দাওয়া স্থিরতর করিতে কি তদ্বিপরীত প্রমাণ দিতে ইচ্ছা করেন তাঁহারা শুননির্দ্ধ দিবসের পূর্ব্বে তিন দিবস এই আদালতের প্রধান ক্লার্কের দফ্তরখানায় কোন আফিডেবিট দাখিল করিবেন এবং শুননির দিবসে উপস্থিত হইলে সেই আফিডেবিট অনুসারে তাঁহারদের বাক্য শুনা যাইবেক।

তামসন ও আলান। উকীল।

কলিকাতা ১৮৪৪। ২২ আপ্রিল।

যোত্রহীন জেম্‌স কোকহুন সাহেব ও জেম্‌স চর্চ সাহেব ও হিউ কোকহুন সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আপ্রিল মাসের ৬ তারিখে এই বিষয় উক্ত আদালতের হুকুমক্রমে নির্দ্ধারিত হইল যে উক্ত যোত্রহীনেরদের আসৈনি সাহেবেরা কোং ১,২২,৮০০৲ টাকাহইতে উক্ত যোত্রহীনেরদের দাওয়াদার মহাজনেরদিগকে কোং ৭৩১০০৲ টাকা বিভাগ করিয়া দিবেন অর্থাৎ উক্ত যোত্রহীনেরদের তফসীলে যাঁহারদের যে দাওয়া লেখা আছে তাঁহারা সেই সকল দাওয়া কি কোন দাওয়া উক্ত আসৈনি সাহেবেরদের খাতিরজমা করণার্থ এই আদালতে আফিডেবিট দাখিল করিয়া উপযুক্তমতে স্থির করিলেই তাঁহারদের উক্ত দাওয়ার উপর, তাঁহারা শতকরা ২৷৷০ টাকা ডিবিডেণ্ড পাইবেন পরন্তু উক্ত আসৈনি সাহেবেরা উক্ত কোন দাওয়ার বিষয়ে অথবা ঐ দাওয়ার সম্পর্কীয় কোন বিষয়ে সময়ে২ উক্ত আদালতের পরামর্শ লইতে পারিবেন।

তামসন ও আলান। উকীল।

কলিকাতা ১৮৪৪। ২৪ আপ্রিল।

খবর দেওয়া যাইতেছে যে এই আদালতের বর্ত্তমান আপ্রিল মাসের ২৩ তারিখের হুকুমানুসারে শহর কলিকাতায় গিরি বাবুর গলি নিবাসি

শ্রীযুত জোসেফ উইলবি ডিকরুস সাহেব

যাঁহার নাম যে ডবলিউ ডিকরুস লিখিয়া তাঁহার প্রতি নালিস হইয়াছে ঐ ব্যক্তি কোম্পানি বাহাদুরের বাঙ্গলা সেক্রেটারী আফিসে সেক্‌শিয়ন রাইটর অর্থাৎ কেরাণিগিরি কর্ম্ম করেন তিনি এইক্ষণে কলিকাতার প্রধান কারাগারে কয়েদ আছেন তাঁহার আপন পরিত্রাণার্থে জর্জ ফোর্থ নামক গত বাদশাহের নবম বৎসরে যে আইন দেনা পরিশোধাক্ষম প্রাণিরদিগের পরিত্রাণার্থে ভারতবর্ষে হয় ঐ আইনানুসারে উক্ত ব্যক্তির দরখাস্তের বিষয় আগামি জুন মাহার ১ তারিখ শনিবার বেলা ১১ ঘণ্টার সময়ে এই আদালতে শুননি হইবেক উক্ত শ্রীযুত জোসেফ উইলবি ডিকরুস সাহেবের যত মহাজন লোক আছে ঐ মহাজনেরদিগের নাম এক ফর্দ্দে লিখিয়া উহার

The names of the Creditors of the said JOSEPH WILLOUGHBY DECRUZ, appear in the Schedule filed with his said Petition in the Office of the chief Clerk of the said Court, to which any Creditor may refer.

W. D. Shaw,
Attorney for the said Insolvent.

Calcutta, 23d April, 1844.

In the matter of RICHARD FRANCIS MACVITIE, an Insolvent.

On Saturday, the 6th day of April instant, upon an application of the Assignee in this matter: It was ordered that the said Assignee do from and out of the sum of Co's. Rs. 2,995-11-4, in his hands, pay a dividend at the rate of Co's. Rs. 10 per cent. (which will amount to the sum of Co's Rs. 2,404-5-3,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Assignee's Office, 26th April, 1844.

The like Notice in the matter of CHARLES FOWLE, an Insolvent; it was ordered that out of the sum of Co's. Rs. 957-4-4, a dividend @ 4½ per cent. (amounting to Co's. Rs. 823-6-6,) be paid.

The like Notice in the matter of ALEXANDER DONALD MACLEOD, an Insolvent; in which it was ordered that out of the sum of Co's. Rs. 2,202-1-11, a dividend at the rate of 4¾ per cent. (amounting to Co's. Rs. 2023-3) be paid.

The like Notice in the matter of HENRY HUNTER, an Insolvent; in which it was ordered that out of the sum of Co's. Rs. 991-0-10, a dividend at the rate of 5½ per cent (amounting to Co's. Rs. 871-7-6) be paid.

The like Notice in the matter of JOSEPH HYPHER, an Insolvent; in which it was ordered that out of the sum of Co's. Rs. 475-13-7, a dividend at the rate of 9 per cent (amounting to Co's. Rs. 368-4-5,) be paid.

In the matter of the petition of ALEXANDER McINTOSH, and HENRY MITCHELL ALLEN, carrying on business in Copartnership together under the Style or Firm of McFarlane and Company.

NOTICE is hereby given that by an order made by this Court, on and bearing date the 24th day of April 1844, Robert O'Dowda, Esquire, has been appointed the Assignee of the Estate and Effects of the said Insolvents.

D. Shaw, *Attorney.*

In the matter of LUCKEYNARAIN GOOPTOO, an Insolvent.

[*Government Gazette, 30th April,* 1844.]

দরখাস্ত সম্বলিত এই আদালতের চিফ ক্লার্কের আফিসে দরপেস হইয়াছে যদ্যপি কোন মহাজন লোক দেখিতে বাঞ্ছা করেন্ তবে চিফ ক্লার্কের আফিসে গমন করিলে দেখিতে পাইবেন।

ডবলিউ ডি শা। উক্ত ইনশালবেণ্টের উকীল।
কলিকাতা ২৩ আপ্রিল। ১৮৪৪ সাল।

যোত্রহীন রিচার্ড ফ্রান্সিস মাকবিটি সাহেবের বিষয়ে

বর্ত্তমান আপ্রিল মাসের ৬ তারিখ শনিবারে এই বিষয়ে আসৈনি সাহেবের দরখাস্তমতে হুকুম হইল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল মহাজনের দাওয়া আছে তাঁহারা সেই সকল দাওয়া উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে উপযুক্তরূপে স্থির করিলে উক্ত আসৈনি সাহেবের হাতে কোং যে ২৯৯৫৷৷৶৪ টাকা আছে তাহা হইতে তিনি শতকরা ১০৲ টাকা ডিবিডেণ্ড দিবেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ২৪০৪৲ টাকা।

ইহার সম্বাদ এতদ্দ্বারা দেওয়া গেল।

আসৈনির দপ্তরখানা। ১৮৪৪। ২৬ আপ্রিল।

যোত্রহীন চার্লস ফৌল সাহেবের বিষয়ে

উক্ত প্রকার সম্বাদ দেওয়া গেল। হুকুম হইয়াছে যে কোং ৯৫৭। ৪ টাকাহইতে শতকরা ৪৷৷০ টাকা ডিবিডেণ্ড অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৮২৩৷৶৬ টাকা দেওয়া যায়।

যোত্রহীন আলেকজাণ্ডর ডনাল্ড মাক্লৌড সাহেবের বিষয়ে

উক্ত প্রকার সম্বাদ দেওয়া গেল তাহাতে হুকুম হইল যে কোং ২২০২/১১ টাকাহইতে শতকরা ৪৸০ টাকা ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ২,০২৩৶ টাকা।

যোত্রহীন হেনরি হণ্টর সাহেবের বিষয়ে

উক্ত প্রকার সম্বাদ দেওয়া গেল তাহাতে হুকুম হইল যে কোং ৯৯১৷৩৷৷০ টাকাহইতে শতকরা ৫৷৷০ টাকা ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ ৮৭১৷৶৬ টাকা।

যোত্রহীন জেসেফ হাইফর সাহেবের বিষয়ে

উক্ত প্রকার সম্বাদ দেওয়া গেল তাহাতে হুকুম হইল যে কোং ৪৭৫৸৭ টাকাহইতে শতকরা ৯৲ টাকা ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৩৬৮৷৫ টাকা।

মাকফারলেন কোম্পানির নামে একত্র কর্ম্মকারি অলেকজাণ্ডর মাকিণ্টস ও হেনরি মিচেল আলেন সাহেবের

দরখাস্তের বিষয় ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৪ সালের ২৪ আপ্রিল তারিখের এই আদালতের হুকুমক্রমে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উক্তযোত্রহীনেরদের মাল ও সম্পত্তির আসৈনি পদে নিযুক্ত হন্।

ডি শা। উকীল।

সকলকে খবর দেওয়া যাইতেছে যে ঐ আদালতের হুকুমানুসারে

NOTICE is hereby given, that by an order of the said Court, the hearing of the matter of the said Insolvent has been adjourned until Saturday, the fourth day of May next; and the Schedule of the said Insolvent has been amended pursuant to the said order of the said Court.

NATHANIEL HUDSON,
Attorney for the Insolvent.

Calcutta, 22d April, 1844.

In the matter of JAMES STEWART BLAIKIE SCOTT, lately carrying on business in copartnership with George Ure Adam (who is now absent from India) at Calcutta, under the Style or Firm of Adam, Scott and Company.

NOTICE is hereby given, that by an order of this Court, made in this matter on the 18th day of April, instant, It was ordered that the Petition of James Stewart Blaikie Scott, should be filed, together with the Schedule of his separate Debts, Estate and Effects; and it was further ordered that Robert O'Dowda, Esquire, should be appointed Assignee of the Estate and Effects of the said James Stewart Blaikie Scott, separately, which at the time of making the said order were vested in Patrick O'Hanlon, Esquire, the Common Assignee of the said Court, by force of an adjudication made on the Third day of April instant; and that the said Patrick O'Hanlon should forthwith assign over the same to the said Robert O'Dowda; and it was further ordered that the said Patrick O'Hanlon, and the said James Stewart Blaikie Scott, should forthwith put the said Robert O'Dowda into possession of all the said Estate and Effects, and that if there should be any residue of the Joint Estate and Effects of the said James Stewart Blaikie Scott and his said copartner in the said Firm, such residue should be duly divided, and that the share which might be found to be due to the said James Stewart Blaikie Scott, should be paid over to the Assignee of the separate Estate of the said James Stewart Blaikie Scott; and in like manner if there should be any residue of his separate Estate and Effects after payment of his separate Debts, that such residue should be paid over to the Assignee of the joint Estate of the said James Stewart Blaikie Scott and of the said George Ure Adam.

SANDES, FRITH and SANDES,
Attornies.

লক্ষ্মীনারায়ণ গুপ্তের

ইনশালবেণ্ট শুননির বিষয় ঐ আদালতে পুনরায় ৪ মে শনিবার দিবস ঐ আদালতে নির্দ্ধারিত হইয়াছে এবং ঐ আদালতের হুকুমানুসারে ঐ লক্ষ্মীনারায়ণ গুপ্তের সিডিউল এমেণ্ড অর্থাৎ দোরস্ত করা গিয়াছে ইতি।

নাথানিয়েল হডসন। ঐ ইনশালবেণ্টের উকীল।

কলিকাতা ২২ আপ্রিল। ১৮৪৪।

আদম স্কট কোম্পানির নাম

জেমস ষ্টুআর্ট ব্লেকি স্কট সাহেব

এক্ষণে কলিকাতায় অনুপস্থিত জার্জ ইউর আদম সাহেবের সঙ্গে বাণিজ্য কর্ম্ম চালাইতেন তাঁহার বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আপ্রিল মাসের ১৮ তারিখে এ আদালতে যে হুকুম করা যায় তাহাতে নির্দ্ধারণ হইল যে জেমস ষ্টুআর্ট ব্লেকি স্কট সাহেবের দরখাস্ত তাঁহার স্বতন্ত্র ঋণ ও মাল ও সম্পত্তির তফসীলের সঙ্গে দাখিল করা যায়। উক্ত হুকুম করিবার সময়ে উক্ত আদালতের সাধারণ আসৈনি শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেবের হাতে উক্ত জেমস ষ্টুআর্ট ব্লেকি স্কট সাহেবের মাল ও সম্পত্তি বর্ত্তমান আপ্রিল মাসের ৩ তারিখের হুকুমক্রমে অর্পণ হইয়াছিল এক্ষণে হুকুম হইল যে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব ঐ মালের ও সম্পত্তির আসৈনি পদে নিযুক্ত হন এবং শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেব অবিলম্বে ঐ হুকুমনামা উক্ত শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেবকে অর্পণ করেন এবং আরো হুকুম হইল যে উক্ত পাত্রিক ওহানলন সাহেব এবং উক্ত জেমস ষ্টুআর্ট ব্লেকি স্কট সাহেব উক্ত সমস্ত মাল ও সম্পত্তি উক্ত রাবর্ট ওডৌডা সাহেবের হাতে অর্পণ করেন এবং যদি উক্ত জেমস ষ্টুআর্ট ব্লেকি স্কট সাহেব ও তাঁহার সঙ্গে কর্ম্মকারি সাহেবের উক্ত বিষয়ে অতিরিক্ত কোন সম্পত্তি কি মাল পাওয়া যায় তবে সেই অবশিষ্ট সম্পত্তি উপযুক্তমতে বিভাগ করা যাইবেক এবং উক্ত জেমস ষ্টুআর্ট ব্লেকি স্কট সাহেবের পক্ষে তাহার অংশ থাকে সেই অংশ উক্ত জেমস ষ্টুআর্ট ব্লেকি স্কট সাহেবের স্বতন্ত্র মালের আসৈনি সাহেবের হাতে অর্পণ হইবেক এবং সেইরূপে উক্ত সাহেবের স্বতন্ত্র ঋণ পরিশোধনের পরে যদি তাঁহার স্বতন্ত্র মাল ও সম্পত্তির কিছু অবশিষ্ট থাকে তবে সেই অবশিষ্ট ভাগ উক্ত জেমস ষ্টুআর্ট ব্লেকি স্কট সাহেব এবং উক্ত জার্জ ইউর আদম সাহেবের সংযুক্ত সম্পত্তির আসৈনি সাহেবের হাতে অর্পণ হইবেক।

সাণ্ডিস ও ফ্রিথ ও সাণ্ডিস। উকীল।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৪। ৩০ আপ্রিল।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 203. ২০৩)

(১৮৭)

গবর্ণমেণ্ট গেজেট্

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 7, 1844.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৪ সাল ৭ মে।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 26th April, 1844.

LEAVES OF ABSENCE.

Baboo Radhamohun Choudhree, Moonsiff of Rajarampore, Zillah Dinagepore, for two months, in extension of the leave granted on the 8th ultimo.

Baboo Radhanath Chatterjee, Moonsiff of Nittrokona, Zillah Mymensing, for three months from the 15th instant.

APPOINTMENTS.

Baboo Gungagovind Surbadhikaree, Additional Moonsiff of Madargunge, to be Acting Moonsiff of Nittrokona, Zillah Mymepsing.

Moonshee Mahomed Akber to be Moonsiff of Rauoojan, Zillah Chittagong, in the room of Abdool Uzeez dismissed as being unworthy of further confidence.

Baboo Dinonath Bose, Moonsiff of Kaguzpookooria, Zillah Nuddea, to be Moonsiff of Habra, Zillah 24-Pergunnahs.

Baboo Srinath Bhooya, Moonsiff of Noabad, Zillah Jessore, to be Moonsiff of Kaguzpookooria, Zillah Nuddea.

Baboo Lukhinarayan Mitter, Moonsiff of Chowgong, Zillah Rajshahye, to be Moonsiff of Noabad, Zillah Jessore.

Baboo Bissessur Chuckerbuttee (who has obtained a Diploma) to be Moonsiff of Chowgong, Zillah Rajshahye.

J. HAWKINS, *Register.*

[*Government Gazette, 7th May*, 1844.]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

১৮৪৪ সাল ২৬ আপ্রিল।

ছুটী।

জিলা দিনাজপুরের রাজারামপুরের মুনসেফ শ্রীযুত বাবু রাধামোহন চৌধুরী গত মাসের ৮ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

জিলা ময়মুনসিংহের নেত্রকণার মুনসেফ শ্রীযুত বাবু রাধানাথ চাটুর্য্যা বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

নিয়োগ।

মাদারগঞ্জের অতিরিক্ত মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাগোবিন্দ সর্ব্বাধিকারী জিলা ময়মুনসিংহের নেত্রকণার এক টিং মুনসেফ হইবেন।

জিলা চাটিগাঁর রাউজানের মুনসেফ শ্রীযুত আবদুল অজীজ আর বিশ্বাসপাত্র না হওয়াপ্রযুক্ত কর্ম্মচ্যুত হওয়াতে শ্রীযুত মুনশী মহম্মদ আকবর ঐ স্থানের মুনসেফ হইবেন।

জিলা নদীয়ার কাগজপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু দীননাথ বসু জিলা চব্বিশপরগনার হাবড়ার মুনসেফ হইবেন।

জিলা যশোহরের নওয়াবাদের মুনসেফ শ্রীযুত বাবু শ্রীনাথ ভূয়া জিলা নদীয়ার কাগজপুকুরিয়ার মুনসেফ হইবেন।

জিলা রাজশাহীর চৌগাঁর মুনসেফ শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ মিত্র জিলা যশোহরে নওয়াবাদের মুনসেফ হইবেন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু বিশ্বেশ্বর চক্রবর্ত্তী জিলা রাজশাহীর চৌগাঁর মুনসেফ হইবেন।

জে হকিন্স। রেজিষ্টর।

NOTIFICATION.

JUDICIAL AND REVENUE DEPARTMENT.

The 8th April, 1844.

The following Abstract Report of Works of Public Utility, constructed by Individuals at their own private cost, during the year 1843, in the Meerut Division, is published for general information.

Report of Works of Public Utility constructed by Individuals at their own private cost in the 1st or Meerut Division during the year 1843.

District.	Names of Individuals by whom constructed.	Description of the Work.	Place where constructed.	Cost in Rupees.
Meerut.	Muss: Bukhta Baee, Zemindar of Baghput,	A Pucka Well for the use of travellers,	Near the road from Baghput to Meerut,	500 0 0
Ditto.	Luchmun Swamee Resident of Meerut,	A Pucka Well for the use of travellers,	Near a Jungle,	300 0 0
Allygurh.	Seeta Ram, Sairmull and Rambuksh of Qusbeh Atrowlee,	An Avenue of Trees for the accommodation of travellers,	On the Road from Atrowlee to Meerut,	160 0 0

By order of the Honourable the Lieut. Governor,

J. THORNTON,
Secy. to Govt. N. W. P.

বিজ্ঞাপন।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

১৮৪৪ সাল ৮ আপ্রিল।

মিরট জিলাতে ১৮৪৩ সালের মধ্যে সাধারণ লোকেরদের উপকারার্থ যে মহাশয়েরা নিজ খরচে যে২ কার্য্য সম্পন্ন করিয়াছেন তাহার নীচের লিখিত রিপোর্ট সর্ব্ব সাধারণ লোকের বিজ্ঞাপনার্থ প্রকাশ হইতেছে।

সাধারণ লোকেরদের উপকারার্থ যে মহাশয়েরা নিজ খরচে প্রথম সংখ্যক অর্থাৎ মিরটের এলাকাতে ১৮৪৩ সালের মধ্যে যে২ কার্য্য সম্পাদন করিয়াছেন তাহার রিপোর্ট।

জিলা	যাঁহার দ্বারা প্রস্তুত হইয়াছে।	কার্য্যের প্রকার	যে স্থানে প্রস্তুত হইল	যত টাকা খরচ
মিরট	মসম্মৎ বখ্তা বাই বাগপতের জমীদার	যাত্রিকেরদের নিমিত্তে পাকা ইঁদারা	বাগপতহইতে মিরটে যাইবার রাস্তার নিকট	৫০০৲
ঐ	মিরট নিবাসী লক্ষ্মণ স্বামী	যাত্রিকেরদের নিমিত্তে পাকা ইঁদারা	জঙ্গলের নিকটে	৩০০৲
আলিগড়	কসবা আত্রৌলীর সীতারাম শেরমল ও রাম বক্স	যাত্রিকেরদের উপকারার্থ দোসারি গাছ	আত্রৌলিহইতে মিরটে যাইবার রাস্তায়	১৬০

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে থর্ণটন।
উত্তর পশ্চিম দেশের গমর্ণমেণ্টের সেক্রেটারী।

CIVIL APPOINTMENTS.

No. 210.

FORT WILLIAM.

HOME DEPARTMENT.

THE 27TH APRIL, 1844.

NOTIFICATION.

The Governor General in Council is pleased to attach Mr. C. F. Montresor, of the Civil Service, reported qualified for the Public Service, to the Bengal Division of the Presidency of Fort William,

T. R. DAVIDSON,
Offg. Secy. to the Govt. of India.

No. 668.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

LEAVES OF ABSENCE.

The 22nd April, 1844.

Mr. T. Wyatt, Civil and Sessions Judge of

রাজকর্ম্মে নিয়োগ।

২১০ নম্বর।

ফোর্ট উলিয়ম।

১৮৪৪ সাল ২৭ আপ্রিল।

বিজ্ঞাপন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত সি এফ মণ্ট্রেসর সাহেব সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হওয়াতে হজুর কৌন্সেলের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর তাঁহাকে ফোর্ট উলিয়ম রাজধানীর বাঙ্গলা দেশে নিযুক্ত করিয়াছেন।

টি আর ডেবিডসন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের এক্টিং সেক্রেটারী।

৬৬৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৪ সাল ২২ আপ্রিল।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওয়াইয়াট

Rungpore, for ten days, from the 15th ultimo, under Medical Certificate.

Mr. C. Steer, Collector of Dinagepore, for one month, on private affairs, under Section XI. of the Amended Rules. Mr. G. Cooper, Uncovenanted Deputy Collector of the District, to remain in charge of the Collectorate, during Mr. Steer's absence or until further orders.

Mr. C. K. Robison, one of the Magistrates for the Town of Calcutta, for three months, under Medical Certificate.

Baboo Rammohun Roy, Principal Sudder Ameen of Midnapore, for two weeks, from the 25th ultimo, under Medical Certificate.

Moulavie Syed Hossein Buksh, Principal Sudder Ameen of West Burdwan, for fifteen days, under Medical Certificate.

Baboo Ramapersaud Roy, Deputy Collector under Regulation IX. of 1833, in Zillah 24-Pergunnahs, for one month, under Medical Certificate.

Baboo Jyegopaul Bannerjee, ditto ditto in ditto, for fifteen days, on private affairs.

The leave of absence, for three days, on private affairs, granted by the Judge of Sarun to Syed Imdad Alli, Principal Sudder Ameen of that District, is confirmed.

APPOINTMENTS.

The 22d April, 1844.

Mr. F. Stainforth, Additional Judge of Chittagong, is vested with the Special powers of a Special Commissioner under Regulation III. of 1828, in that District.

Mr. W. B. Buckle, Assistant to the Magistrate and to the Collector of Midnapore, is vested with the Special powers described in Section 21, Regulation VIII. of 1831, in that District.

Mr. A. A. Swinton, Assistant to the Magistrate and to the Collector of Monghyr, is vested with the Special powers described in Clause 3, Section II. Regulation III. 1821.

Mr. C. P. Hackett to officiate as a Magistrate for the Town of Calcutta, during Mr. Robison's absence, or until further orders.

The appointment by the Commissioner of Arracan of Ensign A. L. Busk, 66th Regiment N. I., to officiate temporarily as a Junior Assistant at Akyab, vice Lieut. Carter, is confirmed.

To exercise the full Judicial powers of Magistrate within their respective Districts under the provisions of Act XV. of 1843.

Sheik Obeydoollah, Principal Sudder Ameen of Chittagong, ...
Baboo Hurrochunder Ghose, ditto of 24-Pergunnahs, ...
Syed Jonab Allee Khan, ditto of East Burdwan, ...
Hedait Alli Khan, ditto of Behar, ...
Mr. E. DaCosta, ditto of Patna, ...
Mahomed Rafik Khan, ditto of Patna,
Abdool Wahid Khan, ditto of Moorshedabad, ...
Syed Imdad Alli, ditto of Sarun, ...
Mr. C. Mackay, ditto of Mymensing,
Mahomed Idris Khan, ditto of Furreedpore, ...

[*Government Gazette, 7th May*, 1844.]

সাহেব গত মাসের ২৫ তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশ দিনের ছুটী পাইয়াছেন।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত সি ষ্টিয়র সাহেব শোধিত বিধানের ১১ ধারানুসারে স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন। শ্রীযুত ষ্টিয়র সাহেবের অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত জি কুপর সাহেব কালেক্টরীর কর্ম্ম চালাইবেন।

কলিকাতার মাজিষ্ট্রেট শ্রীযুত সি কে রাবিসন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু রামমোহন রায় চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ২৫ তারিখঅবধি দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

পশ্চিম বর্দ্ধমানের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সায়দ হুসেন বক্স চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে জিলা চব্বিশপরগনার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামপ্রসাদ রায় চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

ঐ স্থানের ঐ ঐ শ্রীযুত বাবু জয়গোপাল বাঁড়ুয্যা স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

সারণের প্রধান সদর আমীন শ্রীযুত সৈয়দ ইমদাদ আলীকে সারণের জজ সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে যে তিন দিনের ছুটী দেন্ তাহা মঞ্জুর হইল।

নিয়োগ।

১৮৪৪ সাল ২২ আপ্রিল।

চাটিগাঁর অতিরিক্ত জজ শ্রীযুত এফ ষ্টেন্‌ফোর্থ সাহেব ঐ জিলাতে ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনর সাহেবের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ বি বকল সাহেব ঐ জিলাতে ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এ এ সুইণ্টন সাহেব ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত রাবিসন সাহেবের অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত শ্রীযুত সি পি হাকেট সাহেব কলিকাতার মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট কার্টর সাহেবের পরিবর্ত্তে এদেশীয় ৬৬ সংখ্যক পল্টনের এনসাইন শ্রীযুত এ এল বুস্ক সাহেবকে আক্যাবে জুনিয়র আসিষ্টাণ্টী কর্ম্ম কতক দিনপর্য্যন্ত নির্ব্বাহ করিতে আরাকাণের কমিস্যনর সাহেব যে নিয়োগ করেন্ তাহা মঞ্জুর হইল।

১৮৪৩ সালের ১৫ আইনের বিধানমতে আপনং জিলাতে মাজিষ্ট্রেট সাহেবের বিচার করণের যে সম্পূর্ণ ক্ষমতা আছে তাহা পাইবেন।

চাটিগাঁর প্রধান সদর আমীন শ্রীযুত সেখ ওবেদুল্লা .. ..
চব্বিশপরগনার ঐ শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ .. ..
পূর্ব্ব বর্দ্ধমানের ঐ শ্রীযুত সৈয়দ জোনাব আলী খাঁ ... ...
বেহারের ঐ শ্রীযুত হেদায়ৎ আলী খাঁ .. ..
পাটনার ঐ শ্রীযুত ই ডাকষ্টা সাহেব
পাটনার ঐ শ্রীযুত মহম্মদ রফিক খাঁ
মুরশিদাবাদের ঐ শ্রীযুত আবদুল ওয়াহেদ খাঁ .. ..
শারণের ঐ শ্রীযুত সৈয়দ ইমদাদ আলী
ময়মুনসিংহের ঐ শ্রীযুত সি মাকে সাহেব .. ..
ফরিদপুরের ঐ শ্রীযুত মহম্মদ ইদ্রিস খাঁ .. ..

Baboo Lokenauth Bose, Sudder Ameen of 24-Pergunnahs, ...	To exercise the Special Judicial powers of Assistant Magistrate as described in Clause III. Section II. Regulation III. 1821.
Syed Osman Alli Khan, ditto of East Burdwan, ...	
Mahomed Ibrahim Khan, ditto of Behar, ...	
Mahomed Sadicq Khan, ditto of Patna, ...	
Baboo Shibchunder Mookerjee, ditto of Moorshedabad,... ...	

The 29th April, 1844.

Mr. C. B. Quintin to be Joint Magistrate and Deputy Collector of Chumparun from the 10th ultimo.

NOTIFICATIONS.

The 22d April, 1844.

Mr. W. Taylor, Civil and Session Judge of Mymensing, made over charge of the current duties of his office to Mr. C. Mackay, Principal Sudder Ameen of that District, on the 4th instant, who will conduct the same until the arrival of Mr. C. T. Davidson.

Mr. F. Stainforth, Additional Judge of Chittagong, assumed charge of his office from Mr. H. T. Raikes on the 11th instant.

Major W. Riddell, Assistant General Superintendent for the Suppression of Thuggee, received charge of his office from Captain F. C. Elwall on the 16th instant.

Messrs. Charles Thos. Buckland, R. H. Davies and Arthur Galloway, appointed by the Honourable the Court of Directors, Members of the Civil Service on the Bengal Establishment, reported their arrival in Calcutta on the 18th instant.

The 29th April, 1844.

Mr. G. C. Cheap, Civil and Sessions Judge of Rajeshye, made over charge of the current duties of his office on the 23d instant to the Principal Sudder Ameen of that District, to proceed to Pubna on Circuit duty.

Mr. T. Wyatt, Civil and Sessions Judge of Rungpore, resumed charge of his office from the Principal Sudder Ameen of that District on the 22d instant.

Mr. J. Wheler, Joint Magistrate and Deputy Collector of Noacolly, made over charge of his offices to Mr. R. Abercrombie on the 23d instant, preparatory to proceeding to Chittagong, on Special duty.

By order of the Honourable the Deputy Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

চব্বিশপরগনার সদর আমীন শ্রীযুত বাবু লোকনাথ বসু ...	১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট সাহেবের বিচার করণের যে বিশেষ ক্ষমতা আছে তাহা পাইবেন।
পূর্ব্ব বর্দ্ধমানের ঐ শ্রীযুত সৈয়দ ওসমান আলী খাঁ ...	
বেহারের ঐ শ্রীযুত মহম্মদ ইব্রাহিম খাঁ	
পাটনার ঐ শ্রীযুত মহম্মদ শাদিক খাঁ	
মুরশিদাবাদের ঐ শ্রীযুত বাবু শিবচন্দ্র মুখুয্যা	

১৮৪৪ সাল ৯ আপ্রিল।

শ্রীযুত সি বি কুইন্টিন সাহেব গত মাসের ১০ তারিখ অবধি চম্পারণের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ২২ আপ্রিল।

ময়মুনসিংহের সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ টেলর সাহেব বর্ত্তমান মাসের ৪ তারিখে ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত সি মাকে সাহেবের প্রতি আপনার কর্ম্মের ভার অর্পণ করিলেন। শ্রীযুত সি টি ডেবিডসন সাহেবের না পঁহুছনপর্য্যন্ত তিনি ঐ কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

চাটিগাঁর অতিরিক্ত জজ শ্রীযুত এফ ষ্টেনফোর্থ সাহেব বর্ত্তমান মাসের ১১ তারিখে শ্রীযুত এচ টি রেক্স সাহেবের স্থানে আপনার কর্ম্মের ভার গ্রহণ করেন্।

ঠগী নিবারণার্থ জেনরল সুপরিন্টেণ্ডেণ্টের আসিষ্টাণ্ট শ্রীযুত মেজর ডবলিউ রিড্ডেল সাহেব বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত কাপ্তান এফ সি এলওয়াল সাহেবের স্থানে গ্রহণ করেন্।

শ্রীযুত চার্লস তামস বকলাণ্ড সাহেব ও শ্রীযুত আর এচ ডেবিস সাহেব ও শ্রীযুত আর্থর গালোএ সাহেব শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশতায় নিযুক্ত হইয়া বর্ত্তমান মাসের ১৮ তারিখে কলিকাতায় পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন্।

১৮৪৪ সাল ২৯ আপ্রিল।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সাহেব দায়েরসায়েরী কর্ম্মের নিমিত্তে পাবনায় গমন করণার্থ বর্ত্তমান মাসের ২৩ তারিখে আপনার সিরিশতার চলিত কর্ম্মের ভার রাজশাহীর প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওয়াইয়াট সাহেব বর্ত্তমান মাসের ২২ তারিখে ঐ জিলার প্রধান সদর আমীনের স্থানে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

নওয়াখালির জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে উইলর সাহেব সরকারী বিশেষ কর্ম্মের নিমেত্তে চাটিগাঁয় গমনের পূর্ব্বে বর্ত্তমান মাসের ২৩ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত আর আবরক্রম্বি সাহেবের প্রতি অর্পণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্ট ইশ্তিহার।

SALT. নিমক।

বাকীজাত নেমক সন ১৮৪৪ সাল তারিখ ৩১ মার্চ।

হিজলী।

দক্ষিণ কালীনগর	..	..	..	১২৪৮	..	..	৭১০৫৭৩৷৷০ মোন
ঐ ঐ	..	..	..	১২৪৯	..	..	৫২৮২৮৶
ঐ গাছা	..	..	..	,,	..	..	৬১৯৮৶
ঐ পাঙ্গা	..	..	..	১২৫০	..	..	৭৬২০২৶
উত্তর কালীনগর	..	..	..	১২৪৭	..	..	৮৭৭৪৶

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৪। ৭ মে।

তেরোপাইকা	১২৪৮	.. ..	১৭৫৬৪১/
ঐ	১২৪৯	.. ..	৩০৪৫০৬/
ঐ গাছা	"	.. ..	২০৫৭/
ঐ পাঙ্গা	১২৫০	.. ..	৭২৩৯১/
কৃষ্ণনগর	১২৪৮	.. ..	৪২৮৫/
ঐ	১২৪৯	.. ..	৩০৬৩১২/
ঐ গাছা	"	.. ..	৩০২৬/
ঐ পাঙ্গা	১২৫০	.. ..	৭৩৮৯৪/
রামনগর	১২৪৯	.. ..	১৫৮১৬৮/
ঐ গাছা	"	.. ..	২০৬৮৷৹
ঐ পাঙ্গা	১২৫০	.. ..	৬৩১৯৬/
তমলুক।			
ঘাট নারায়ণপুর	১২৪৮	.. ..	১৪৮৫৭৪৷৹
ঐ	১২৪৯	.. ..	৪৩৯৪৭৮/
ঐ	১২৫০	.. ..	২৫৩৮০/
ক্রোকী	"	.. ..	৷৫৷৷৵
২৪ পরগনা।			
নারায়ণপুর বাহিরবুনী	১২৪৮	.. ..	১১২৩/
ঐ ঐ	১২৪৯	.. ..	২২৫৭/
ঐ তফাল	১২৪৮	.. ..	৭১৮০/
ঐ ঐ	১২৪৯	.. ..	২৩০১৫২৸০
বেঁওতা	১২৪৮	.. ..	১৫২৷৷০
ঐ	১২৪৯	.. ..	১৯৭৭/৪
শ্রীযুত প্রিন্সেপ সাহেবের নারায়ণপুর ১ পহিলা রকম	১২৪৮	.. ..	২৮২/
ঐ ঐ	১২৪৯	.. ..	২৭৫৮/
ঐ ঐ	১২৫০	.. ..	৭০৫৪/
ঐ ২ দোসরা রকম	১২৪৪	.. ..	২৷১
ঐ ঐ	১২৪৮	.. ..	৯৮৷০
ঐ ঐ	১২৫০	.. ..	১৯৬৯/
ডাএমণ্ড হারবর	১২৪৭	.. ..	২৮৭২/৫
ঐ ঐ	১২৪৮	.. ..	২০২২/
ঐ ঐ	১২৪৯	.. ..	৮১৫৬/
২৪ পরগনা।			
বাগুণ্ডি	১২৪৮	.. ..	২১৫৷০
ঐ	১২৪৯	.. ..	৩৫৩১৫/
চট্টগ্রাম			
নেজামপুর ডোমখালি	১২৪৯	.. ..	৮১১৩৪/
আরাকেন পাঙ্গা	১৮৪৩।৪৪	.. ..	১৭৬৬৮৩/
ক্রোকী নেমক	১৮৪৪	.. ..	৫৷৷০
শালিখা।			
মান্দ্রাজ পরমিট	১৮৪১।৪২	.. ..	২৯৩৭৸৯
ঐ ঐ	১৮৪২।৪৩	.. ..	৪৯৩৮১২/
ঐ ঐ	১৮৪৩।৪৪	.. ..	৮৯৩৯৪৭৸৯
শুঁড়া সৈন্ধব ইনফিরিয়র	১৮৪০।৪১	.. ..	১৬৮/
ক্রোকী করকচ	১৮৪২।৪৩	.. ..	১৪৷১
ঐ ঐ	১৮৪৩।৪৪	.. ..	১৭৸৫
ঐ সৈন্ধব	১৮৪২।৪৩	.. ..	৷৬৷
ঐ ঐ	১৮৪৩।৪৪	.. ..	১৸৮
কটক পাঙ্গা	১২৪৭	.. ..	১০৬০৯৸/
ঐ ঐ	১২৪৮	.. ..	১৩৭৯৩/২
ঐ ঐ	১২৪৯	.. ..	২৩০৪৮১/
ঐ ঐ	১২৫০	.. ..	১০২৯/
খোরদা পাঙ্গা	১২৪৮	.. ..	৭৮১৬৮/৯
ঐ ঐ	১২৪৯	.. ..	২১২৯২২৷৷০
বালেশ্বর পাঙ্গা	১২৪৮	.. ..	১২২২৯৭/২
ঐ ঐ	১২৪৯	.. ..	২৬৭৪৪৯৷৷৭
ঐ ঐ	১২৫০	.. ..	১০৮৮৬২৷৷০
ক্রোকী পাঙ্গা	১৮৪৩।৪৪	.. ..	১৪৷৷১৷/

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি সন ১৮৪৪ সাল তারিখ ২০ আপ্রেল।

এচ টরেন্স। সেক্রেটারী।

[*Government Gazette, 7th May,* 1844.]

INSOLVENT COURT.

যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of GEORGE URE ADAM, lately carrying on business in Copartnership with James Stewart Blaikie Scott, at Calcutta, under the Style or Firm of Adam, Scott and Company.

NOTICE is hereby given, that by an order made in this matter on the 23d day of April instant, upon the application of Messieurs Sandes, Frith and Sandes, Attornies for Robert O'Dowda, Esquire, the official assignee of this Court; It was ordered that, unless cause be shewn to the contrary on Saturday, the 4th day of May next, the said Robert O'Dowda be appointed assignee of the joint real and personal Estate and Effects of the said George Ure Adam, as a copartner with the said James Stewart Blaikie Scott. SANDES, FRITH and SANDES, *Attornies.*

In the matter of HENRY JOHN LEIGHTON, lately carrying on business in Copartnership with William Frederick Fergusson, Theodore Dickens, Robert Thomas, Charles Hogg, Colin Campbell and John Hutcheson Fergusson, at Calcutta, under the Style or Firm of Fergusson, Brothers and Company, and in China under the Style or Firm of Fergusson, Leighton and Company.

NOTICE is hereby given, that by an order made in this matter on the twenty-fifth day of April instant, upon the application of Messieurs Sandes, Frith and Sandes, Attornies for Robert O'Dowda, and Robert Castle Jenkins, Esquires, Assignees of the Insolvent Firm of Messieurs Fergusson, Brothers and Company; It was ordered that, unless cause be shewn to the contrary on Saturday the fourth day of May next, the said Robert O'Dowda and Robert Castle Jenkins be appointed Assignees of the joint real and personal Estate and Effects of the said Henry John Leighton, as a copartner with the said William Frederick Fergusson, Theodore Dickens, Robert Thomas, Charles Hogg, Colin Campbell, and John Hutcheson Fergusson.

SANDES, FRITH AND SANDES, *Attornies.*

In the matter of the Petition of ALEXANDER McINTOSH and HENRY MITCHELL ALLEN, carrying on business in Copartnership together, under the name, style or firm of Macfarlane and Company.

Upon the application of Robert O'Dowda, Esquire, the Assignee of the Estate and Effects of the said Alexander McIntosh and Henry Mitchell Allen, Insolvent Debtors, this Court was, on the 30th day of April 1844, pleased to order that unless cause be shewn to the contrary, on Saturday, the fourth day of May instant, the said Robert O'Dowda, Esquire, as such Assignee as aforesaid should be at liberty to sell the outstanding debts, claims and demands due and owing to the said Insolvents, as the members of Macfarlane and Company, by Public Auction on account of the Creditors of the said Insolvents as such members of Macfarlane and Company.

Notice whereof is hereby given.

D. SHAW, Attorney.

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৪। ৭ মে।]

শহর কলিকাতার যোত্রহীন ঋণিরদের পরিত্রাণার্থ আদালত।

আডম স্কট কোম্পানির নামে কলিকাতায় জেমস ষ্টুআর্ট ব্লেকি স্কট সাহেবের সঙ্গে পূর্ব্বে ব্যবসায়ী জার্জ ইউর আডম সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে এই আদালতের আসৈনি শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেবের উকীল শ্রীযুত সাণ্ডিস ও ফ্রিথ ও সাণ্ডিস সাহেবের দরখাস্তমতে বর্ত্তমান আপ্রিল মাসের ২৩ তারিখে এই বিষয়ে হুকুম হইল যে আগামি মে মাসের ৪ তারিখ শনিবারে বিপরীত কারণ প্রকাশ না হইলে উক্ত জেমস ষ্টুআর্ট ব্লেকি স্কট সাহেবের সঙ্গে একত্র কর্ম্মকারি উক্ত জার্জ ইউর আডম সাহেবের স্থাবর ও অস্থাবর মাল ও সম্পত্তির আসৈন পদে উক্ত রাবর্ট ওডৌডা সাহেব নিযুক্ত হন্।

সাণ্ডিস ও ফ্রিথ ও সাণ্ডিস। উকীল।

কলিকাতায় ফরগসন ব্রাদর কোম্পানির নামে এবং চীন দেশে ফরগসন লেটন কোম্পানির নামে উলিয়ম ফেড্রিক ফরগসন সাহেব ও থিয়োডোর ডিকিন্স সাহেব ও রাবর্ট তামস সাহেব ও চার্লস হগ সাহেব ও জান হচিসন ফরগসন সাহেবের সঙ্গে পূর্ব্বে কর্ম্মকারি হেনরি জান লেটন সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ফরগসন ব্রাদর কোম্পানির যোত্রহীন কুঠীর আসৈনি শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব ও রাবর্ট কাস্টল জেনকিন্স সাহেবের উকীল সাণ্ডিস ও ফ্রিথ ও সাণ্ডিস সাহেবের দরখাস্তমতে বর্ত্তমান আপ্রিল মাসের ২৫ তারিখে হুকুম হইল যে আগামি মে মাসের ৪ তারিখ শনিবারে বিপরীত কারণ প্রকাশ না হইলে উক্ত উলিয়ম ফেড্রিক ফরগসন সাহেব ও থিয়োডোর ডিকিন্স সাহেব ও রাবর্ট তামস সাহেব ও চার্লস হগ সাহেব ও কলিন কাম্বেল সাহেব ও জান হচিসন ফরগসন সাহেবের সঙ্গে একত্র কর্ম্মকারি উক্ত জান হেনরি লেটন সাহেবের স্থাবর ও অস্থাবর মাল ও সম্পত্তির আসৈনি পদে উক্ত রাবর্ট ওডৌডা সাহেব ও রাবর্ট কাস্টল জেনকিন্স সাহেব নিযুক্ত হন্।

সাণ্ডিস ও ফ্রিথ ও সাণ্ডিস। উকীল।

মাকফারলন কোম্পানির নামে একত্র কর্ম্মকারি অলেকজাণ্ডর মাকিণ্টশ ও হেনরি মিচেল আলেন সাহেবের দরখাস্তের বিষয়ে

উক্ত যোত্রহীন আলেকজাণ্ডর মাকিণ্টশ সাহেব ও হেনরি মিচেল আলেন সাহেবের মাল ও সম্পত্তির আসৈনি শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেবের দরখাস্তমতে উক্ত আদালত ১৮৪৪ সালের আপ্রিল মাসের ৩০ তারিখে হুকুম করিলেন যে বর্ত্তমান মে মাসের ৪ তারিখ শনিবারে বিপরীত কারণ প্রকাশ না হইলে উপরের উক্ত আসৈনি রাবর্ট ওডৌডা সাহেব মাকফারলন কোম্পানির কুঠীর সম্পর্কীয় উক্ত যোত্রহীনেরদের মহাজনেরদের নিমিত্তে মাকফারলন কোম্পানির কুঠীর সম্পর্কীয় উক্ত যোত্রহীনেরদের দেনা ও পাওনা সকল ঋণ ও দাওয়া নীলামে বিক্রয় করিবেন।

ইহার সম্বাদ এতদ্দ্বারা দেওয়া গেল।

ডি শা। উকীল।

In the matter of JAMES STEWART BLAIKIE SCOTT, lately carrying on business in Copartnership with George Ure Adam, (who is now absent from India) at Calcutta, under the Style or Firm of Adam, Scott and Company.

NOTICE is hereby given, that by an order of this Court, made in this matter on the 9th day of April instant, It was ordered that Robert O'Dowda, Esquire, should be appointed Assignee of the joint real and personal Estate and Effects of the said James Stewart Blaikie Scott, now vested in Patrick O'Hanlon, Esquire, the common Assignee of this Court, by force of an adjudication made in this matter on the Third day of April instant, and that the said Patrick O'Hanlon, Esquire, should immediately assign over and convey the same to the said Robert O'Dowda. And it was further ordered that the said Patrick O'Hanlon, as such common Assignee of this Court, and the said James Stewart Blaikie Scott should forthwith put the said Robert O'Dowda, as such Assignee as aforesaid, into possession of all the Estate and Effects of the said James Stewart Blaikie Scott.

SANDES, FRITH and SANDES, *Attornies.*

In the matter of HENRY JOHN LEIGHTON, lately carrying on business in copartnership with William Frederick Fergusson, Theodore Dickens, Robert Thomas, Charles Hogg, Colin Campbell, and John Hutcheson Fergusson, at Calcutta, under the Style or Firm of Fergusson, Brothers and Company, and in China under the Style or Firm of Fergusson, Leighton and Company.

NOTICE is hereby given, that by an order made in this matter on the 25th day of April instant, upon the application of George Grasemann of Calcutta, Merchant: It was adjudged that the petition presented by the said George Grasemann to this Court was true, and that the abovenamed Henry John Leighton had committed an Act of Insolvency within the provisions of the Statute 9th, George IV. Chapter 73.

SANDES, FRITH and SANDES, *Attornies.*

25th April, 1844.

In the matter of GEORGE URE ADAM, lately carrying on business in Copartnership with James Stewart Blaikie Scott, at Calcutta, under the Style or Firm of Adam, Scott and Company.

NOTICE is hereby given, that by an order made in this matter on the Twenty third day of April, Instant, upon the application of Edward William Smith, Executor of the last Will and Testament of Thomas Kidder Crosby, deceased, It was adjudged that the Petition presented by the said Edward William Smith, as such Executor as aforesaid, to this Court, was true, and that the above named George Ure Adam had committed an Act of Insolvency, within the provisions of the Statute 9, George IV. chapter 73.

SANDES, FRITH and SANDES.
Attornies.

[*Government Gazette, 7th May*, 1844.]

কলিকাতায় আডম স্কট কোম্পানির নামে এইক্ষণে ভারতবর্ষে অনুপস্থিত জার্জ ইউর আডম সাহেবের সঙ্গে একত্র কর্ম্মকারি।

জেম্‌স ষ্টুআর্ট ব্লেকি স্কট

সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আপ্রিল মাসের ৯ তারিখে এই আদালতের হুকুমক্রমে নির্দ্ধারণ হইল যে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উক্ত জেম্‌স ষ্টুআর্ট ব্লেকি স্কট সাহেবের স্থাবর ও অস্থাবর সম্পত্তির আসৈনি হন এবং বর্ত্তমান আপ্রিল মাসের ৩ তারিখের যে হুকুমানুসারে এই আদালতের সাধারণ আসৈনি শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেব ঐ পদে নিযুক্ত হন সেই হুকুমনামা তিনি উক্ত রাবর্ট ওডৌডা সাহেবকে অর্পণ করিবেন এবং আরো হুকুম হইয়াছিল যে এই আদালতের সাধারণ আসৈনি উক্ত পাত্রিক ওহানলন সাহেব এবং জেম্‌স ষ্টুআর্ট ব্লেকি স্কট সাহেব উপরি উক্ত আসৈনি উক্ত রাবর্ট ওডৌডা সাহেবের হাতে উক্ত জেম্‌স ষ্টুআর্ট ব্লেকি স্কট সাহেবের মাল ও সম্পত্তি অবিলম্বে অর্পণ করেন।

সাণ্ডিস ও ফ্রিথ ও সাণ্ডিস। উকীল।

কলিকাতায় ফরগসন ব্রাদর কোম্পানির নামে এবং চীন দেশে ফরগসন লেটন কোম্পানির নামে উলিয়ম ফ্রেদ্রক ফরগসন ও থিয়োডোর ডিকিন্স ও রাবর্ট তামস ও চার্লস হগ ও কলিন কাম্বেল ও জান হচিসন ফরগসন সাহেবেরদের সঙ্গে পূর্ব্বে একত্র কর্ম্মকারি

হেনরি জান লেটন

সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কলিকাতায় সওদাগর জর্জ গ্রেসমান সাহেবের দরখাস্ত মতে বর্ত্তমান আপ্রিল মাসের ২৫ তারিখে এই বিষয়ে যে হুকুম হইয়াছিল তাহাতে নির্দ্ধারণ হইল যে উক্ত জর্জ গ্রেসমান সাহেব এই আদালতে যে দরখাস্ত করেন্ তাহা সত্য এবং উক্ত হেনরি জান লেটন সাহেব চতুর্থ জর্জ রাজার নবম বৎসরীয় ৭৩ অধ্যায়ের আইনের অনুসারে যোত্রহীন হইয়াছেন।

সাণ্ডিস ও ফ্রিথ ও সাণ্ডিস। উকীল।

১৮৪৪ সাল ২৫ আপ্রিল।

কলিকাতায় আডম স্কট কোম্পানির নামে পূর্ব্বে জেম্‌স্ ষ্টুয়ার্ট ব্লেকি স্কট সাহেবের সঙ্গে কর্ম্মকারি

জার্জ ইউর আডম

সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে মৃত তামস কিডর ক্রসবি সাহেবের শেষ উইল ও দানপত্রের অছি এড্বার্ড উলিয়ম স্মিথ সাহেবের দরখাস্তমতে বর্ত্তমান আপ্রিল মাসের ২৩ তারিখে নির্দ্ধারণ হইয়াছিল যে উপরি উক্ত অছি উক্ত এড্বার্ড উলিয়ম স্মিথ সাহেব এই আদালতে যে দরখাস্ত দাখিল করেন্ তাহা সত্য এবং উপরি উক্ত জার্জ ইউর আডম সাহেব চতুর্থ জর্জ রাজার নবম বৎসরীয় ৭৩ অধ্যায়ের আইনের নির্দ্দিষ্টমতে যোত্রহীন হইয়াছেন।

সাণ্ডিস ও ফ্রিথ ও সাণ্ডিস। উকীল।

বিজ্ঞাপন।

যে মোকদ্দমাতে রাজকৃষ্ণ বাঁড়ুয্যাওগয়রহ ফরিয়াদী ও তারিণীচরণ বাঁড়ুয্যাওগয়রহ আসামী তাহাতে এবং অন্যান্য মোকদ্দমাতে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে এই সকল মোকদ্দমাতে ১৮৪২ সালের ৩১ মে তারিখে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টের হুকুমক্রমে মৃত রাধামোহন বাঁড়ুয্যার ইষ্টেটের নীচের লিখিত সম্পত্তি আগামি জুন মাসের ১ তারিখ শনিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে উক্ত আদালত ঘরে উক্ত আদালতের মাষ্টর শ্রীযুত উলিয়ম পাত্রিক গ্রাণ্ট সাহেবের সম্মুখে তাঁহার দপ্তরখানায় নীলাম হইবেক।

লাট নং ১। শালিখাতে যে এক বাগান কমবেশ ৭০/ বিঘা তাহাতে দুইটা পুকুর ও এক দীঘী আছে তাহার দশ আনা অংশ নীলাম হইবেক তাহার উত্তর দিগে চণ্ডী পদীর ভূমি দক্ষিণ দিগে সরকারী রাস্তা পূর্ব্ব দিগে বাবুর বাগান পশ্চিম দিগে রামমোহন ঘোষালের ভূমি এবং মদন বেহারার বাটী। উক্ত সম্পত্তির শালিয়ানা খাজানা ৮৮৲ টাকা।

লাট নং ২। শালিখাতে কমবেশ ৮/ বিঘার এক খণ্ড ও বন্দ ভূমি তাহার উত্তর দিগে মোহন ঘোষালের রাইয়তী ভূমি দক্ষিণ দিগে ছোটগলি পূর্ব্ব দিগে সরকারী রাস্তা পশ্চিম দিগে নয়া বস্তির ভূমি। এই ভূমির এক ভাগ পতিত এবং অপর ভাগের শালিয়ানা খাজানা ২৭৷৷৶৯

লাট নং ৩। ঐ স্থানে নয়া বস্তি নামক কমবেশ ৮/ আট বিঘার এক খণ্ড রাইয়তী ভূমি তাহাতে এক ক্ষুদ্র পুকুর তাহার উত্তর দিগে মৃত রাধামোহন বাঁড়ুয্যার পরিবারের বসতবাটী এবং গুরুদাস লাহিড়ির রাইয়তী ভূমি দক্ষিণ দিগে জয়নারায়ণ বাদলের দখলের রাইয়তী ভূমি পূর্ব্ব দিগে বিশ্বনাথ বাঁড়ুয্যার পুরাতন হাঁতঘর যে ভূমিতে আছে তাহা পশ্চিম দিগে রাজবল্লাল বাবুর রাইয়তী ভূমি। ঐ ভূমির শালিয়ানা খাজানা ১৮৶৬ এবং তাহার এক ভাগ খালি।

এই ভূমির এক ভাগ গৌরমোহন চাটুয্যা অপর ভাগ রাম সান্যাল দখল করিয়াছেন। তাঁহারা খাজানা না দিয়া কহেন যে এই ভূমি বাঁড়ুয্যারা আমারদিগকে দান করিয়াছেন।

লাট নং ৪। বেলুড়িয়াতে কমবেশ ২/ দুই বিঘার এক খণ্ড ধান্য ভূমি তাহা কালীকৃষ্ণ মণ্ডল ৪।০ শালিয়ানা খাজানাতে লইয়াছে।

লাট নং ৫। উক্ত স্থানে একটা পুকুর তাহার উত্তর দিগে মধুসূদন আচার্য্যের ভূমি দক্ষিণ দিগে সরকারী রাস্তা পূর্ব্ব দিগে রাজা বাবুর শিবতলার ভূমি পশ্চিম দিগে রাজেন্দ্র চাটুয্যার বাঁশের বাগান। উক্ত পুকুরের শালিয়ানা খাজানা ৩৪৶।

লাট নং ৬। ঐ স্থানে কমবেশ ২/ দুই বিঘার এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি তাহার উত্তর দিগে কাশী চৌধুরীর ভূমি দক্ষিণ দিগে রাস্তা পূর্ব্ব দিগে বারাণসী ঘোষের বাটী পশ্চিম দিগে রাজা বাবুর শিবতলার ভূমি। উক্ত ভূমির শালিয়ানা খাজানা ২৷৷৶৬।

লাট নং ৭। নেলুয়াতে কমবেশ ২৷৷০ আড়াই বিঘার এক খণ্ড বাগাৎ ভূমি তাহার উত্তর ও পূর্ব্ব দিগে শিবু ঘোষের ভূমি দক্ষিণ দিগে রামকান্ত ঘোষের বাটী পশ্চিম দিগে সরকারী রাস্তা। এই ভূমির শালিয়ানা খাজানা ৪।০ টাকা।

লাট নং ৮। এবং ঐ স্থানে কমবেশ ৸২ সতর কাটার অপর এক খণ্ড ধান্য ভূমি তাহার উত্তর দিগে রামনারায়ণ ঘোষের ভূমি দক্ষিণ দিগে হারু বাগদির ভূমি পূর্ব্ব দিগে শ্যামা বাগদির ভূমি পশ্চিম দিগে বীরারি বাগদির ভূমি। এই ভূমির শালিয়ানা খাজানা ১/০ টাকা।

লাট নং ৯। এবং উক্ত স্থানে কমবেশ ১/ এক বিঘার অপর এক খণ্ড ভূমি তাহার উত্তর দিগে চণ্ডী বাগদির ভূমি দক্ষিণ দিগে রামপ্রসাদ কল্যার ভূমি পূর্ব্ব দিগে দুর্গাপ্রসাদ মুখুয্যার ভূমি পশ্চিম দিগে মথুর দাসের ভূমি। উক্ত ভূমির শালিয়ানা খাজানা ৸০৬।

লাট নং ১০। এবং উক্ত স্থানে কমবেশ ৸০ কাটার অপর এক খণ্ড ও বন্দ ভূমি তাহার উত্তর দিগে গোপাল সেখের ভূমি দক্ষিণ দিগে সুন্দর হাওয়ালির ভূমি পূর্ব্ব ও পশ্চিম দিগে তনু মিস্ত্রির ভূমি। উক্ত ভূমির শালিয়ানা খাজানা ১৷৷৶৬।

লাট নং ১১। এবং উক্ত স্থানে বসুকাটির শামিল কমবেশ ২/ দুই বিঘার অপর যে দুই খণ্ড ও বন্দ ধান্য ভূমি। রামধন কল্যা নামে এক ব্যক্তি উক্ত প্রত্যেক খণ্ড ভূমি শালিয়ানা ৩৲ তিন টাকা খাজানাতে লইয়াছে।

লাট নং ১২। এবং রামনগাছিতে কমবেশ ২৷৷০ দুই বিঘা দশ কাটার অপর এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি। তাহার উত্তর ও পশ্চিম দিগে মজজীর ভূমি ও পুকুর দক্ষিণ দিগে সোমন সরদারের ভূমি পশ্চিম দিগে মথুর নন্দির ভূমি। উক্ত ভূমির শালিয়ানা খাজানা ৪৸৬ টাকা।

লাট নং ১৩। এবং বারাকপুরে বালির নিকটে অপর এক খণ্ড ভূমি তাহাতে দুইটা পুকুর এবং এক যোড়া হৌজের নিমিত্তে দুইটা ছোট ঘর। তাহার উত্তর দিগে পীতাম্বর বসুর পুকুর দক্ষিণ দিগে বিজয়গোবিন্দ বাবুর ভূমি পূর্ব্ব দিগে দশআনী জমীদারের ভূমি পশ্চিম দিগে পীতাম্বর ঘোষ ও রাম লাহিড়ির ভূমি। উক্ত ভূমির শালিয়ানা খাজানা ৪৬৷৶৪ টাকা।

লাট নং ১৪। এবং হুগলীর ভরতপুরে কমবেশ ৪০/ চল্লিশ বিঘা ব্রহ্মোত্তর ভূমি তাহা গিরিশচন্দ্র চাটুয্যা নামে এক ব্যক্তি শালিয়ানা ৩২ টাকা খাজনা দিয়া দখল করিতেছে।

লাট নং ১৫। শুঁড়া স্থানে কমবেশ ৬০/ বিঘার যে এক বাগান তাহাতে তিনটা পুকুর এবং এক ভাঙ্গা বৈঠকখানা ও কএক খান ভাঙ্গা ঘর। তাহার উত্তর দিগে নাজির সাহেবের বাগান দক্ষিণ দিগে বাবুরাম সেখের ভূমি পূর্ব্ব দিগে সরকারী রাস্তা পশ্চিম দিগে নবাব এবং আউলা ওস্তাগরের ভূমি। উক্ত ভূমির শালিয়ানা খাজানা ৮০৲ টাকা।

লাট নং ১৬। এবং শালিখা স্থানে মৃত রাধামোহন বাঁড়ুয্যার ভদ্রাসন বাটী এবং তাহার সঙ্গে কমবেশ ৫০/ পঞ্চাশ বিঘার এক খণ্ড ও বন্দ ভূমি। তাহার উত্তর দিগে সরকারী রাস্তা দক্ষিণ দিগে গুরুদাস লাহিড়ির রাইয়তী ভূমি এবং ৩ নম্বরী লাটের ভূমি পূর্ব্ব দিগে পুকুর পশ্চিম দিগে কৃষ্ণমোহন বাঁড়ুয্যার বাটী।

লাট নং ১৭। কলিকাতার চড়কডাঙ্গায় মৃত রাধামোহন বাঁড়ুয্যার অপর এক ভদ্রাসন বাটী এবং তাহার সঙ্গে কমবেশ ১৸০ এক বিঘা পনের কাটার এক খণ্ড ও ও বন্দ ভূমি তাহার উত্তর দিগে গঙ্গানারায়ণ বসাকের বাটী দক্ষিণ দিগে পথ পূর্ব্ব দিগে ভাগবত বসাক ও দুখিরাম মল্লিক ও গঙ্গামণি রাঁড়ের ভূমি এবং পশ্চিম দিগে গলি। শেষোক্ত দুই বাটী মৃত রাধামোহন বাঁড়ুয্যার পরিবারের দখলে আছে।

ইহার অতিরিক্ত বেওরা সুপ্রিম কোর্ট ঘরের মাষ্টর সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে অথবা শেষোক্ত মোকদ্দমার ফরিয়াদী শ্রীযুত চার্লস রীড সাহেবের উকীল শ্রীযুত উলিয়ম বিড়েল সাহেবের স্থানে অনুসন্ধান করিলে জানা যাইতে পারিবেক।

উবলিউ পি গ্রাণ্ট। মাষ্টর।
কলিকাতার সুপ্রিম কোর্ট ঘরের মধ্যে
উক্ত সাহেবের দপ্তরখানা।
১৮৪৪ সাল ২৬ আপ্রিল।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৪। ৭ মে।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 204. ২০৪)

(১৯৫)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 14, 1844.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৪ সাল ১৪ মে।

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 10.

To the Several Civil and Criminal Authorities in the Lower Provinces.

1st. The Court request that, whenever applications are made to you for copies of any letters from, or resolutions passed by them, you will refer the applicants to the Court, instead of granting the copies asked for.

2d. This rule is not to be considered to apply to the sentences of the Nizamut Adawlut in Criminal trials.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, 19th April, 1844.

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

১০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানী ও ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

১। সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে তাঁহারদের লিখিত কোন পত্র অথবা তাঁহারদের করা কোন নির্দ্ধারণের নকল পাইবার দরখাস্ত তোমারদের নিকটে হইলে তোমরা সেই নকল না দিয়া দরখাস্তকারি ব্যক্তিকে এই আদালতে দরখাস্ত করিতে কহিবা।

২। ফৌজদারী মোকদ্দমায় সদর নিজামৎ আদালত যে দণ্ডাজ্ঞা করেন্ তাহার বিষয়ে এই বিধান খাটে এমত বোধ করিতে হইবেক না।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর। ফোর্ট উলিয়ম ১৮৪৪। ১৯ আপ্রিল।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 3d May, 1844.

LEAVES OF ABSENCE.

Moulvy Gholam Buttool, Moonsiff of Dum-Duma, Zillah 24-Pergunnahs, for four days from the 2d August.

Baboo Kassissur Mitter, Moonsiff of Sooksagur, Zillah Nuddea, for one month from the 23d Ultimo, in extension of that granted on the 29th March last.

The 6th May, 1844.

Mazum Hossein (who has obtained a diploma) to be Additional Moonsiff of Pooree, Zillah Cuttack.

J. HAWKINS, *Register.*

[*Government Gazette*, 14*th May*, 1844.]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

১৮৪৪ সাল ৩ মে।

ছুটী।

জিলা চব্বিশপরগনার দমদমার মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম বতুল আগষ্ট মাসের ২ তারিখঅবধি চারি দিবসের ছুটী পাইয়াছেন।

জিলা নদীয়ার সুখসাগরের মুনসেফ শ্রীযুত বাবু কাশীশ্বর মিত্র গত মার্চ মাসের ২৯ তারিখে যে ছুটী পান্ তাহার অতিরিক্ত গত মাসের ২৩ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৪ সাল ৬ মে।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত মাজুম হুসেন জিলা কটকের পুরীর অতিরিক্ত মুনসেফ হইবেন।

জে হকিন্স। রেজিষ্টর।

CIVIL APPOINTMENTS.

No. 703.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 15th April, 1844.

Moulavie Mahtaboodeen, Moonsiff of Kalliagunge, in Dinagepore, is appointed a Moonsiff of the 1st grade, vice Baboo Shamloll Roy, late Moonsiff of Dundkhna, in Purneah, dismissed.

The 29th April, 1844.

The Honourable the Deputy Governor of Bengal has been pleased, upon the recommendation of the Superintendent of Police, Lower Provinces, to promote the following Darogahs to the 2d grade:

Zillah.	Thannah.	Name.	Grade.	Salary.
Shahabad, ...	Arrah, ...	Radhakissen, ...	2d ...	75 Rs. per month.
Tirhoot, ...	Hajeepore, ...	Ramsomun Sing, ...		
Patna, ...	Futoha, ...	WuzeeroodeenAhmed, ...		
Monghyr, ...	Begoo Serai, ...	Lall Mahommed, ...		
Sylhet, ...	Nubbeegunge, ...	Hurkissen Sein, ...		
Dacca, ...	Lall Bauge, ...	Jye Manick Dutt, ...		
Backergunge, ...	Kutwalleeparah, ...	Cumolakanth Roy, ...		
Backergunge, ...	Nalchittee, ...	Sibnauth Bose, ...		
Jessore, ...	Tirmohunee, ...	Goureenauth Ghose, ...		
Howrah, ...	Kotra, ...	Mirza Golam Allee, ...		
Baraset, ...	Neyhuttee, ...	Tarachund Holdar, ...		

The 1st May, 1844.

Mr. Assistant Surgeon W. B. O'Shaughnessy, M. D., to be Chemical Examiner to Government.

Mr. G. C. Cheap,
„ W. M. Dirom,
and
„ T. W. Wilson,
} to be Members of the Ferry Fund Committee of Zillah Rajeshahye, vice Messrs. R. B. Garrett and Campbell and Dr. A. Wilson.

NOTIFICATIONS.

The 29th April, 1844.

Mr. James Grant, Civil and Sessions Judge of Zillah Dinagepore, made over charge of the current duties of his office on the 22d instant to Mahomed Khoorsed, Principal Sudder Ameen of that District.

The 6th May, 1844.

Mr. C. T. Davidson, Officiating Civil and Sessions Judge of Zillah Mymensing, received charge of his office on the 22d instant from Mr. C. Mackay, Principal Sudder Ameen.

Mr. F. E. Read, Officiating Collector of Jessore, received charge of the Collectorate of that District, on the 1st instant from Mr. E. H. Lushington.

LEAVES OF ABSENCE.

The 29th April, 1844.

The unexpired portion of the extension of leave of absence granted to Baboo Lokenauth Bose, Sudder Ameen of the 24-Pergunnahs, on the 9th instant, is cancelled, he having resumed charge of the duties of his office on the 27th March.

The 6th May, 1844.

The leave of absence granted to Mr. George Martin, Magistrate of Zillah Purneah, under Orders of the 1st ultimo, is cancelled at his request.

F. J. Halliday, *Secy. to the Govt. of Bengal.*

No. 711.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 1st April, 1844.

Brevet Major W. Riddell, of the 60th Regt. N. I., to be Assistant Superintendent for the Suppression of Thuggee and Dacoity of the 4th Division.

The 22d April, 1844.

Captain D. Williams, Senior Assistant Commissioner of Arracan, to be in charge of the District of Kyouk Phyoo.

Captain J. R. Abbott, ditto ditto to be in charge of the District of Ramree.

৭১১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ১ আপ্রিল।

এদেশীয় ৬০ সংখ্যক পদাতিক পল্টনের ব্রিবেট মেজর শ্রীযুত ডবলিউ রিডেল সাহেব ৪ সংখ্যক এলাকায় ঠগী ও ডাকাইতী নিবারণার্থ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৪৪ সাল ২২ আপ্রিল।

আরাকাণের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান ডি উলিমস্ সাহেব জিলা কিউকফিউর অধ্যক্ষ হইবেন।

ঐ ঐ শ্রীযুত কাপ্তান জে আর আবট সাহেব রামড়ির অধ্যক্ষ হইবেন।

রাজকর্ম্মে নিয়োগ।

৭০৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ১৫ আপ্রিল।

পূরণিয়ার দওখানার পূর্ব্বকার মুনসেফ শ্রীযুত বাবু শ্যামলাল রায় তগীরহওয়াপ্রযুক্ত দিনাজপুরের কালিয়াগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী মহতাবুদ্দীন প্রথম শ্রেণীর মুনসেফ হইয়াছেন।

১৮৪৪ সাল ২৯ আপ্রিল।

বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের পরামর্শক্রমে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেব নীচের লিখিত দারোগারদিগকে দ্বিতীয় শ্রেণীভুক্ত করিয়াছেন।

জিলা	থানা	নাম	শ্রেণী।	মাহিয়ানা।
শাহাবাদ	আরা	রাধাকৃষ্ণ	দ্বিতীয়	৭৫৲ টাকা
ত্রিহুত	হাজিপুর	রামসুমন সিংহ		
পাটনা	ফতোহা	ওজীরুদ্দীন আহমদ ..		
মুঙ্গের	বেগুসরাই	লাল মহম্মদ		
ছিলট	নবীগঞ্জ	হরকৃষ্ণ সেন		
ঢাকা	লালবাগ	জয়মাণিক দত্ত		
বাকরগঞ্জ	কোতওয়ালীপাড়া ...	কমলাকান্ত রায়		
বাকরগঞ্জ	লালচিটা	শিবনাথ বসু		
যশোহর	তীরমহনি	গৌরীনাথ ঘোষ		
হাবড়া	কটা	মীরজা গোলাম আলী. ...		
বারাসত	নইহাটি	তারাচাঁদ হালদার ...		

১৮৪৪ সাল ১ মে।

আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডবলিউ বি ওসাগনেসি সাহেব গবর্ণমেণ্টের কিমিয়া বন্ধুর পরীক্ষক হইবেন।

শ্রীযুত আর বি গারেট সাহেব ও শ্রীযুত কাম্‌বেল সাহেব ও শ্রীযুত ডাক্তর উইলসন সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত জি সি চীপ সাহেব ও শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব ও শ্রীযুত টি ডবলিউ উইলসন সাহেব জিলা রাজশাহীতে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ২৯ আপ্রিল।

জিলা দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জেম্‌স গ্রাণ্ট সাহেব বর্ত্তমান মাসের ২২ তারিখে আপনার সিরিশ্‌তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত মহম্মদ খুরসেদের প্রতি অর্পণ করেন্।

১৮৪৪ সাল ৬ মে।

জিলা ময়মুনসিংহের এক্‌টিং সিবিল ও সেশন জজ শ্রীযুত সি টি ডেবিডসন সাহেব গত মাসের ২২ তারিখে ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত সি মাকাই সাহেবের স্থানে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

যশোহরের এক্‌টিং কালেক্‌টর শ্রীযুত এফ ই রীড সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে ঐ জিলার কালেক্‌টরী কর্ম্ম শ্রীযুত ই এচ লশিংটন সাহেবের স্থানে গ্রহণ করেন্।

ছুটী।

১৮৪৪ সাল ২৯ আপ্রিল।

চব্বিশপরগনার সদর আমীন শ্রীযুত বাবু লোকনাথ বসু মার্চ মাসের ২৭ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণকরাতে তাঁহাকে বর্ত্তমান মাসের ৯ তারিখে যে অতিরিক্ত ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল রহিত হইল।

১৮৪৪ সাল ৬ মে।

জিলা পূরণিয়ার মাজিস্ট্রেট শ্রীযুত জর্জ মার্টিন সাহেব গত মাসের ১ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান্ তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইল।

এফ জে হালিডে। বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

The 6th May, 1844.

Mr. C. F. Montressor to be an Assistant to the Magistrate and to the Collector of Midnapore.

Mr. D. J. O'Callaghan, Officiating Assistant Surgeon of Pubna, to be Register of Deeds under Act XXX. of 1838, in that District.

Moulavie Ashruff Alli, 4th Principal Sudder Ameen of Chittagong, to be Principal Sudder Ameen of West Burdwan, vice Syed Hussein Buksh deceased.

Mr. C. Bonneire and Baboo Opendru Chunder Naya Ruttun Behadoor, } To be Members of the Ferry Fund Committee in Zillah Rungpore, vice Dr. Edge deceased, and Baboo Hurreehur Mookerjee resigned.

[*Government Gazette*, 14*th May*, 1844.]

১৮৪৪ সাল ৬ মে।

শ্রীযুত সি এফ মণ্টেসর সাহেব মেদিনীপুরের মাজিস্ট্রেট ও কালেক্‌টর সাহেবের আসিস্টাণ্ট হইবেন।

পাবনার এক্‌টিং আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডি জে ওকালাঘান সাহেব ঐ জিলাতে ১৮৩৮ সালের ৩০ আইনানুসারে দলীলদস্তাবেজের রেজিস্টর হইবেন।

সৈয়দ হুসেন বক্সের মৃত্যুহওয়াতে চাটিগাঁর চতুর্থ শ্রেণীর প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আশরফ আলী পশ্চিম বর্দ্ধমানের প্রধান সদর আমীন হইবেন।

ডাক্তর এজ সাহেবের মৃত্যু হওয়াতে ও শ্রীযুত বাবু হরিহর মুখুয্যা কর্ম্মে ইশতাফা দেওয়াতে শ্রীযুত সি বনের সাহেব ও শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্ন বাহাদুর জিলা রঙ্গপুরে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয়করণের কমিটির মেম্বর হইবেন।

The 9th May, 1844.

The Reverend Henry Boys to be Chaplain at Midnapore.

LEAVES OF ABSENCE.

The 3d May, 1844.

Major M. G. White, Principal Assistant Commissioner of Assam, stationed at Gowalparah, for one month, from the 1st instant, to visit the Presidency, preparatory to making application for resigning the Honourable Company's Service.

Mr. O. W. Malet, Officiating Collector of Midnapore, for five days, on private affairs, making over charge of the current duties of his Office to Mr. Assistant W. B. Buckle.

The 6th May, 1844.

Mr. W. B. Jackson, Commissioner of Revenue of the 14th or Moorshedabad Division, for fifteen days, on private affairs.

Moulvie Mahomed Farook, Sudder Ameen of Balasore, from the 23d instant to 5th proximo, on private affairs.

Sheikh Mahomed Saeem, Officiating Sudder Ameen of Nuddea, for one month, from the 6th instant, under Medical Certificate.

Baboo Hurrischunder Bose, Deputy Collector under Regulation IX. of 1833, in Dacca, for ten days, on private affairs.

Cauzee Ukbur Ullee, Acting Sudder Ameen and Moonsiff of Rungpore, for five days, under Medical Certificate, commencing from the 23d ultimo.

The unexpired portion of the leave of absence granted on the 20th February last, to Mr. M. Larruleta, Collector of Tolls at Jungypore, is cancelled from the 28th March, the day on which he resumed charge of his office.

NOTIFICATIONS.

The 6th May, 1844.

Major M. G. White, Principal Assistant Commissioner of Assam, stationed at Gowalparah, made over charge of his office to Mr. W. S. Hudson, Sub-Assistant to the Commissioner, on the 1st instant.

Mr. S. B. Bowring, reported qualified for the Public Service by proficiency in two of the Native Languages, is permitted, at his own request, to remain attached to the College of Fort William for the purpose of prosecuting his studies in the Bengalee Language.

Mr. F. J. Morris, Officiating Magistrate, Collector and Salt Agent of Balasore, assumed charge of his office from Mr. P. G. E. Taylor on the 16th ultimo.

Mr. H. B. Brownlow, Civil and Sessions Judge of Cuttack, made over charge of the current duties of his office to the Principal Sudder Ameen of that District, on the 1st instant.

The 11th May, 1844.

Messrs. J. C. Moore and F. C. Fowle, of the Civil Service, are reported qualified for the Public Service, by proficiency in two of the Native Languages.

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৪। ১৪ মে।]

১৮৪৪ সাল ২ মে।

শ্রীযুত পাদ্রি হেনরি বয়স্ সাহেব মেদিনীপুরের ধর্ম্মোপদেশক হইবেন।

ছুটী।

১৮৪৪ সাল ৩ মে।

আসামের কমিস্যনর সাহেবের গোআলপাড়াতে নিযুক্ত প্রধান আসিস্টাণ্ট শ্রীযুত মেজর এম জি উয়াইট সাহেব কোম্পানি বাহাদুরের কর্ম্মে ইস্তাফা দেওনার্থ দরখাস্ত করণের পূর্ব্বে রাজধানীতে গমনার্থ বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের একটিং কালেক্টর শ্রীযুত ও ডবলিউ মালেট সাহেব আপন কাজারীর কর্ম্মের ভার আসিস্টাণ্ট শ্রীযুত ডবলিউ বি বকল সাহেবের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৪ সাল ৬ মে।

১৪ সংখ্যক অর্থাৎ মুরশিদাবাদের এলাকার কমিস্যনর শ্রীযুত ডবলিউ বি জাকসন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

বালেশ্বরের সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ ফারুক স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২৩ তারিখঅবধি আগামি মাসের ৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

নদীয়ার একটিং সদর আমীন শ্রীযুত সেখ মহম্মদ সাইম চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ৬ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে ঢাকার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র বসু স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিনের ছুটী পাইয়াছেন।

রঙ্গপুরের একটিং সদর আমীন ও মুনসেফ শ্রীযুত কাজী আকবর আলী চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ২৩ তারিখঅবধি পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

জঙ্গীপুরে মাসুল আদায়কারি শ্রীযুত এম লারুলেটা সাহেব মার্চ মাসের ২৮ তারিখঅবধি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করাতে তিনি গত ফেব্রুআরি মাসের ২০ তারিখে যে ছুটী পান্ তাহার অবশিষ্ট কাল ঐ তারিখ অবধি রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ৬ মে।

আসামের কমিস্যনর সাহেবের গোআলপাড়াতে নিযুক্ত প্রধান আসিস্টাণ্ট শ্রীযুত এম জি উয়াইট সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে কমিস্যনর সাহেবের ছোট আসিস্টাণ্ট শ্রীযুত ডবলিউ এস হডসন সাহেবের প্রতি আপন কর্ম্মের ভার অর্পণ করেন্।

শ্রীযুত এস বি বৌরিং সাহেব এদেশীয় দুই ভাষাতে সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে কিন্তু বাঙ্গলা ভাষা শিক্ষা করণের নিমিত্তে আপন প্রার্থনায় ফোর্ট উলিয়ম কালেজে থাকিবার অনুমতি পান্।

বালেশ্বরের একটিং মাজিস্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট শ্রীযুত এফ জে মরিস সাহেব গত মাসের ১৬ তারিখে শ্রীযুত পি জি ই টেলর সাহেবের স্থানে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

কটকের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ বি ব্রৌণলো সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে আপন সিরিশতার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

১৮৪৪ সাল ১১ মে।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জে সি মোর সাহেব ও শ্রীযুত এফ সি ফৌল সাহেব এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

By order of the Hon'ble the Deputy Governor of Bengal,

F. J. HALLIDAY,

Secy. to the Govt. of Bengal.

No. 231.

FORT WILLIAM.

HOME DEPARTMENT.

THE 11TH MAY, 1844.

Messrs. J. B. Elliott and W. P. Okeden have been permitted to resign the Honourable East India Company's Civil Service, from the 1st instant.

T. R. DAVIDSON,

Offg. Secy. to the Govt. of India.

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

২৩১ নম্বর।

ফোর্ট উলিয়ম।

দেশীয় সিরিশ্‌তা।

১৮৪৪ সাল ১১ মে।

শ্রীযুত জে বি এলিয়ট সাহেব ও শ্রীযুত ডবলিউ পি ওকডেন সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির সিবিলসম্পর্কীয় কর্ম্মে ইশ্‌তাফা দেওনের অনুমতি পান্।

টি আর ডেবিডসন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের এক্‌টিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT. নিমক।

এস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১২৫১ সাল তারিখ ৯ মে রোজ বৃহস্পতিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার পূর্ব্বে যে কোন সময়ে হউক নীচের লিখিত মোয়াজি হায় নেমক যাহা মোং বাগণ্ডীর সরকারী গোলায় মৌজুদ আছে তাহার খরিদের জন্য দরখাস্ত শিল মোহর বন্দকরা এই দফ্তরখানায় লওয়া যাইবেক তদনন্তর ঐ নেমকের দর শ্রীযুত সাহেবান আলিসান বোর্ড পরমিট নেমক ও আফিমের হুকুমানুসারে নির্দ্ধারিত হইবেক ঐ সকল দরখাস্তে ফিশত মোন নেমকের উপর যে ব্যক্তি যত মূল্য দিতে চাহিবেক তাহা কোম্পানির টাকায় লিখিতে হইবেক আর ঐ দরখাস্তের উপর এমত জিকির থাকিবেক যে মোং বাগণ্ডী নেমকের বাবদ দরখাস্ত এবং দরখাস্তের শিরনামার উপর দরখাস্তকারী অথবা তাহার মোক্তার কিম্বা তাহার গোমাস্তার নাম লিখিত থাকিবেক ও দরখাস্ত খুলিবার নিরূপিত সময়ে দরখাস্তকারী অথবা তাহার মোক্তার কিম্বা গোমাস্তা কেহ এক জন উপস্থিত না থাকিলে দরখাস্ত খোলা যাইবেক না এবং দরখাস্তের মাতবরির জন্য এক২ শত টাকা আমানতের স্বরূপ দাখিল করিতে হইবেক তৎব্যতীত কোন দরখাস্ত মাতবর জ্ঞান করা যাইবেক না ঐ ১০০৲ টাকা যে ব্যক্তির দরখাস্ত মঞ্জুর হইবেক তাহার নামে এই নেমক খরিদের হিসাবে জমা হইবেক কিম্বা দরখাস্ত মঞ্জুর না হইলে ফেরত দেওয়া যাইবেক।

যে সকল ব্যক্তি নেমক খরিদের জন্য দরখাস্ত করিবেক তাহারদিগের উচিত যে দরখাস্ত করণের পূর্ব্বে ঐ নেমকের নমুনা সরকারী গোলায় স্বচক্ষে দেখিয়া নেমকের রকম বুঝিয়া আপনার খাতিরজমামতে দরখাস্ত করে ইতি।

নেমকের বেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন্ সনের পোক্তান	মোয়াজিয়ে নেমক
জেলা ২৪ পরগনা	বাগণ্ডী	সন ১২৪৯ সালের ঐ সন ময়লা রকম সন ১২৪৮ দং গোলা সাবাড়ী ক্রোকী জব্দী দং ১৮৪৩।৪৪	১৫৮২৮।৩৶ ৬৫৮/ ৫॥৬ ১৫০৮/০৸/ মোট ১৮০০০/ মোন

বিমৌজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি সন ১৮৪৪ তারিখ ৪ মে।

এচ টরেন্স। সেক্রেটারী।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারাগের উচিত যে ঐ নেমকের রকম জেলা তমলুকের গোলার নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের বেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন্ সনের পোক্তান	মওজুদ নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
জেলা তমলুক	নারায়ণপুর	সন ১২৪৯	১০০০০০/ মোন	কোং ৪১০/ টাকা

বোর্ড পরমিট নেমক ও আফিম তাং ৬ মে সন ১৮৪৪ সাল।

এচ টরেন্স। সেক্রেটারী।

[*Government Gazette*, 14*th May*, 1844.]

এত্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারাণের উচিত যে ঐ নেমকের রকম জেলা চট্টগ্রামের সরকারী গোলার নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন্ আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের বেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন্ সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
জেলা চট্টগ্রাম আরাকেন পাঙ্গা	সদর ঘাট	১৮৪৩।৪৪ সাল	৫০০০০/ মোন	কোং ৪১২৲ টাকা

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ৬ মে সন ১৮৪৪ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

নীচের লিখিত ঘাট ও গোলাহায়ে নমক মৌজুদ থাকিলে যে প্রকার নির্দ্ধারিত মুল্যে হোল সেল অর্থাৎ রওয়ানায় বিক্রীর জন্য খরিদ করিতে পাওয়া যাইবেক তাহার তালিকা।

ফিশত মোনের মুল্য।

			সন ১২৪৮ সাল মতাবকে ইং ১৮৪১।৪২ সাল	সন ১২৪৯ সাল মতাবকে ইং ১৮৪২।৪৩ সাল	সন ১২৫০ সাল মতাবকে ইং ১৮৪৩।৪৪ সাল
হিজলী।	পাঙ্গা নেমক।	ঘাট কালীনগর ..	——		
ঐ	ঐ	ঐ কৃষ্ণনগর .	৪০০	——	
ঐ	ঐ	ঐ তেরোপাইকা ..	৪১৫	——	
ঐ	ঐ	ঐ রামনগর	——	৩৯০	
তমলুক।	পাঙ্গা নেমক।	ঘাট নারায়ণপুর ..	৪১০	——	
২৪ পরগনা।	পাঙ্গা নেমক।	ঘাট নারায়ণপুর বাহিরবুনী	——	——	
	ঐ	ঐ ঐ তফাল	——	৪২০	
		বেলিয়াঘাটা			
		নারায়ণপুর পোক্তানি			
		ঐ ঐ ১ পহিলা রকম			
		ঐ ঐ ২ দোসরা রকম			
		গোরদা			
	ঐ	বেঁওতা			
	ঐ	ডাইমণ্ড হারবর ..			
	ঐ	বাগণ্ডী			
চট্টগ্রাম।	পাঙ্গা নেমক।	ডোমখালি	——	৪১৭	
	ঐ	সদর ঘাট : ..	——	৪১৭	
	ঐ	আরাকীন	——	——	৪১২
লিখা।	করকচ।	মান্দ্রাজ পরমিট ..			
	ঐ	১ পহিলা রকম ..	——	৩৯০	
	ঐ	২ দোসরা রকম ..	——	৩৮৭	
	ঐ	৩ তেসরা রকম ..	——	৩৮৫	
	ঐ	বেলিয়াঘাটা			
	পাঙ্গা নেমক।	কটক	৪৩৮		
	ঐ	খোরদা	৪৪৪		
	ঐ	বালেশ্বর ..	৪৪৩		
	ঐ	চিলকা ..	৪৫২		

রিটেল অর্থাৎ খুদরা বিক্রীর জন্য নির্দ্ধারিত মুল্যের তালিকা।

হিজলী।	পাঙ্গা নেমক ফিশত মোন দর ৪০০৲ টাকা অর্থাৎ ফিমোন	৪৲
তমলুক।	পাঙ্গা নেমক ফিশত মোন দর ৪১২॥০ টাকা অর্থাৎ ফিমোন	৪৶
২৪ পরগনা।	ডাইমণ্ড হারবরের পাঙ্গা নেমক ফিশত মোন ৪২০৲ টাকা	
	ঘাট নারায়ণপুরের বাহিরবুনী পাঙ্গা নেমক ফিশত মোন	
	ঐ ঐ তফাল পাঙ্গা নেমক ফিশত মোন ৪২০৲ টাকা	
	ঘাট বাগণ্ডী পাঙ্গা নেমক ফিশত মোন ৪৩৯॥০ টাকা	

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৪। ১৪ মে।]

চট্টগ্রাম। মান্দ্রাজ করকচ নেমক ফিশত মোন ২৬২॥০ টাকা অর্থাৎ ফিমোন ২॥৶
আরাকিন পাঙ্গা সদর ঘাট ফিশত মোন ৪৫০৲ টাকা অর্থাৎ ফিমোন ৪॥০

ভুলুয়া। মান্দ্রাজ করকচ যাহা তটস্থ গোলায় মোজুদ আছে তাহার ফিশত মোন কোং ৩০০৲ টাকা অর্থাৎ ফিমোন ৩৲ টাকা ও যাহা উপদ্বীপস্থ গোলায় আছে তাহার দর ফিশত মোন ২৬২॥০ টাকা অর্থাৎ ফিমোন ২॥৶

কটক। এই জেলার নিরিখ মফস্বলের হাকিমানের বিবেচনানুসারে সময়ক্রমে ফেরফার হয়।

পরমিট ও নমক ও আফিম বোর্ডের দফ্তরখানা।
ইং সন ১৮৪৪ সাল তারিখ ১ মে মোতাবকে
বাঙ্গলা সন ১২৫১ সাল তারিখ ২০ বৈশাখ।

এচ টরেন্স। সেক্রেটারী।

* এই সকল রকম নমক নূতন পোক্তানের জন্য অনিশ্চিত এবং অল্প পরিমাণে প্রস্তুত হয় তাহাতে অনেকের গ্রাহকতাপ্রযুক্ত সংপ্রতি মহাজনেরদিগের টেণ্ডর অর্থাৎ দরখাস্ত লইয়া বাজারভাও মতে বিক্রী করা যাইতেছে ইতি।

OPIUM. আফিম।

ফোর্ট উলিয়ম আফিম দফ্তর সন ১৮৪৪ সাল তারিখ ২৪ আপ্রিল মোতাবকে সন ১২৫১ সাল তারিখ ১৩ বৈশাখ।

এস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৪ সাল তারিখ ২০ মে মোতাবকে বাঙ্গলা সন ১২৫১ সাল তারিখ ৮ জ্যৈষ্ঠ সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময় মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে নীচের লিখিত মেকদার সন ১৮৪২। ৪৩ সালের পয়দায়শী আফিম সমুদ্রপথে রপ্তানিজন্য নীলামে পশ্চাৎ লিখিত শরতে বিক্রয় হইবেক।

বেহারের পয়দায়শী আফিম ——— ১৫০০৲
বানারসের পয়দায়শী আফিম ——— ৭০০৲
জুমুলা সিন্দুক ——— ২২০০৲

নীলামের শরত।

১ দফা। পূর্ব্বোক্ত আফিমসকল সমুদ্রপথে রপ্তানির জন্য বিক্রয় করা যাইবেক এবং এইরূপ রপ্তানির মাল ভিন্ন অন্য কোন বাবতে সর্টিফিকেট দেওয়া যাইবেক না।

২ দফা। ফি সিন্দুক আফিম ন্যূন সংখ্যা কোম্পানির ৪০০৲ টাকা দরে নীলামে ধরা যাইবেক তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে চাহিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক।

৩ দফা। যদি ঐ দিবসের নীলামে সমুদয় ২২০০ সিন্দুক আফিম বিক্রয় না হয় তবে পরমিট নেমক ও আফিম বোর্ডের সাহেবান আলিশানের এক্তিয়ার রহিল যে যে সকল লাটহায় বাকি থাকিবেক তাহা তাহার পর আগামি নীলামে বিক্রয়ার্থে অর্পণ করিবেন।

৪ দফা। ঐ আফিমের ফি লাট ৫ সিন্দুকে হইবেক।

৫ দফা। ঐ নীলামে আফিম খরিদ করণের সময় নীলাম ঘরের ভিতর ও খরিদারের নামে লাট রেজেষ্টরি হওনের পূর্ব্বে ফি লাট ১০০০৲ টাকার অর্থাৎ ফি সিন্দুক ২০০৲ টাকার হিসাবে আমানত পেশগী বাবতে দর্শনি প্রামিশরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিতে হইবেক আর আগামি ২৪ মে শুক্রবার ১৮৪৪ সাল বেলা দুই প্রহর চারি ঘণ্টার পূর্ব্বে বোর্ডের দফ্তরখানায় আসিয়া সবত্রেজরর সাহেবের রশীদ অথবা কোম্পানির কাগজ এওজ দিয়া পূর্ব্বোক্ত দর্শনি প্রামিশরি নোট সকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময় মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাটহায়ের আমানত পেশগীর হিসাবে টাকা সবত্রেজরর সাহেবের রশীদ অথবা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময়ে সেই নিয়মানুসারে ছানি নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে নোকশান ও খরচখরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্ত মতে যাহারদিগের আমানত পেশগী দাখিল করিতে ত্রুটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদুরের সরকারে জব্দ হইবেক।

৬ দফা। ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত শরত মতে যে সকল প্রামিশরি নোট লওয়া যাইবেক তাহা যদি আগামি পূর্ব্বোক্ত সন ১৮৪৪ সালের ২৪ মে তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকীলের স্থানে দেওয়া যাইবেক তাঁহাকে যেমত উচিত বোধ হইবেক সেইমত তিনি ঐ নোটের বাবত টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবত আমানত পেশগী টাকা ২৪ মে দিবা দুই প্রহর চারি ঘণ্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা কিম্বা সবত্রেজরর সাহেবের রশীদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

৮ দফা। যে সকল আফিম বিক্রয়ার্থে এইক্ষণে এস্তেহার দেওয়া যাইতেছে তাহার কিস্মতের বেবাক টাকা নীলামের তারিখঅবধি ১ এক মাহার মধ্যে দাখিল করিতে হইবেক। অর্থাৎ সন ১৮৪৪ সালের ২০ জুন বৃহস্পতিবার দিবা দুই প্রহর চারি ঘণ্টার পর উক্ত কিস্মতের বাবত ত্রেজরির রসিদ আর লওয়া যাইবেক না ও আফিমের কিস্মত পূর্ব্বে লিখিত মেয়াদের দিবস কিম্বা মেয়াদের পূর্ব্বে দাখিল হইয়া হিসাব রফা না হইবেক তাহার ঐ পূর্ব্বোক্ত ফি লাট ১০০০৲ টাকার হিসাবে অথবা ফি সিন্দুক ২০০৲ টাকার হিসাবে যে আমানত পেশগীর নগদ টাকা অথবা কোন রকম কোম্পানির কাগজ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা সরকারে জব্দ হইবেক পরে বোর্ড পরমিট নেমক ও আফিমের সাহেবান আলিসান দ্বারা যে তারিখে যে প্রকার নীলাম করা উচিত বিবেচনা হইবেক সেই দিবস সেই প্রকার ঐ আফিম সরকার বাহাদুরের নিজ হিসাবে বিক্রয় হইবেক।

৯ দফা। যে সকল খরিদারান পূর্ব্বোক্তমতে বেবাক টাকা দাখিল করিয়া আফিমের সর্টিফিকেট অর্থাৎ আফিম বাহির করিবার হুকুম হইবেক তাহারদিগের এক্তিয়ার রহিল যে আপন খরিদা আফিমের প্রত্যেক সর্টিফিকেটের মধ্যে কত লাট আফিম দরজ করিতে চাহে তাহা বিশেষ করিয়া জানায় কারণ ইহা স্পষ্টরূপে জানা

[*Government Gazette, 14th May*, 1844.]

কর্ত্তব্য যে পূর্ব্বোক্তমতে যে সকল সর্টিফিকেট একবার লইয়া যাইবেক তাহাতেই চূড়ান্ত হইবেক এবং ঐ সর্টিফিকেটের পরিবর্ত্তে পশ্চাৎ অন্য কোন সর্টিফিকেট অথবা হুকুম যাহাতে এক২ লাট করিয়া খালাস হইতে পারে কিম্বা প্রথম যত লাট অথবা সিন্দুকের জন্য সর্টিফিকেট দেওয়া যায় তাহা ভিন্ন অন্য কোন প্রকারে কমি বেশী পরিমাণ খালাস হইতে পারে এমত সর্টিফিকেট এওজ দেওয়া যাইবেক না।

১০ দফা। এই এস্তাহারের ৫ দফার লিখিত নিয়মানুসারে আমানতের হিসাবে যে কোন কোম্পানির কাগজ অথবা সব ত্রেজরর সাহেবের রসিদ দাখিল করিয়া লইতে হইবেক। তাহা কেবল যে সকল খরিদারের নাম সেল বহিতে লেখা থাকে তাহারদিগের নিকটহইতে অথবা তাহারদিগের এজেন্ট অর্থাৎ মোক্তারের নিকট হইতে লওয়া যাইবেক এবং ঐ রূপ আমানত পেশগী দাখিলের রসীদ কেবল ঐ পূর্ব্বোক্ত খরিদারের নামে হইবেক ও আফিম মজকুর খালাস হইলে পর পূর্ব্বোক্ত কোম্পানির কাগজ তাহারদিগকে অথবা তাহারদিগের বরাতি লোককে ফিরাইয়া দেওয়া যাইবেক।

১১ দফা। শ্রীযুত সাহেবান আলিশান বোর্ডের তরফ যে সাহেব নীলামে সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন তাঁহার এমত এক্তিয়ার আছে যে তিনি তাঁহার বিবেচনানুসারে কোন ব্যক্তির ডাক অগ্রাহ্য করেন কিন্তু যদিস্যাৎ তাহারা যত লাট খরিদ করণার্থে ডাকিবেক তাহার ফি লাট ১০০০৲ টাকার হিসাবে অর্থাৎ ফি সিন্দুক ২০০৲ টাকার হিসাবে বাঙ্গাল বেঙ্ক নোট কিম্বা সব ত্রেজরর সাহেবের রসীদ অথবা কোম্পানির কাগজ দাখিল করে তবে তাহারদিগের ডাক অগ্রাহ্য করিবেন না।

১২ দফা। নীলামী খরিদারের এমত এক্তিয়ার আছে যে প্রথম যে লাট খরিদ করিবেক সেই লাট নম্বর হইতে যত লাট সেই মোকামের মাল খরিদ করিতে চাহে তাহা তৎক্ষণাৎ প্রকাশ করিয়া কহে এবং তদনুসারে খরিদ করে এমতে পহিলা লাটঅবধি ৫০ লাটের অধিক না হয় ও ঐ প্রকারে খরিদা লাটসমূহের ফি লাট ১০০০৲ টাকা করিয়া ডিপাজিট অর্থাৎ আমানত পেশগী দিতে হইবেক এবং এই দরে অর্থাৎ প্রথম লাটের দরে বাকী লাটহায়ের কিম্মত ফি সিন্দুক হিসাব করিয়া দাখিল করিতে হইবেক এমতে যদিস্যাৎ এত লাট গরবিক্রী থাকে যাহাতে ঐ পঞ্চাশ লাট পূরা হইতে পারে তবে পাইবেক নতুবা পাইবেক না।

১৩। এই এস্তেহারের লিখিত আফিমের বিক্রীসম্পর্কীয় কিম্বা ঐ আফিমের হিসাব রফার বিষয়ে কোন বিবাদ অথবা গরমেল উপস্থিত হইলে তাহা সুবে বাঙ্গালার সুপরিম কোর্ট আদালতের বিচারে নিষ্পত্তি হইবেক আর খরিদারের মধ্যে কেহ ঐ আদালতের অধীন নহে বলিয়া কোন আপত্তি করিলে গ্রাহ্য হইবেক না।

১৪ দফা। নীচের লিখিত তফশীল মাফিক কাগজাত ও যে আফিম বিক্রয় হইবেক তাহার নমুনা নীলামের দিবস দেখান যাইবেক অথবা তাহার পূর্ব্বে বোর্ড পরমিট নমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১ নং যে আফিম বিক্রয় কারণ এইক্ষণে এস্তেহার হইল তাহার সর্টিফিকেট।

২ নং ঐ আফিম তজবিজের রিপোর্ট।

১৫ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৪২। ৪৩ সালের বেহার ও বানারসের আফিম তৈয়ারি কারণ গত সন হায়ের মত এহতিয়াত ও খবরদারি করা গিয়াছে বিশেষত আফিমের লোচ শুদ্ধা নিভাঁজ প্রস্তুত করিয়া পাঠাইতে এবং গুটি তৈয়ারি কারণ নিয়মিত পরিমাণ পাতি ব্যবহার করিতে এবং প্রতি গুটিতে সমান ভাগ আফিম রাখিতে সাবধান হওয়া গিয়াছে আফিম মজকুরের বেহার ও বানারসের মোকামি ওজনের হিসাব ও ঐ মোকামের ফি চালানহইতে ছয় সিন্দুক করিয়া কলিকাতায় যে ওজন করা যায় তাহার গড় ওজনের হিসাব বোর্ড পরমিট নমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় তল্লব করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১৬ দফা। গত দুই সনের পরদায়শী যে চারি সিন্দুক বেহার ও বানারসের আফিম রাখা গিয়াছে তাহা নীলামের দিবস খরিদারান লোককে দেখান যাইবেক তদ্দৃষ্টে বেপারিয়ান বিবেচনা করিতে পারিবেন যে কি প্রকার নিষ্ক্রিয়াবস্থায় ঐ আফিম রহিয়াছে।

১৭ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে উপরের লিখিত মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

	বেহারের আফিম সিন্দুক	বানারসের আফিম সিন্দুক	জুমুলা সিন্দুক
২৪ জুন অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪৪	১১০৬	৩৬৫০

ফিব্রুআরি মাহার নীলামে	১০
এপ্রেল	ঐ	ঐ	১১০
মে	ঐ	ঐ	২৫
জুন	ঐ	ঐ	১৫৫
জুমুলা সিন্দুক			৩০০

